ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 12 March, 2024 ■ আগরতলা ১২ মার্চ ২০২৪ ইং ■ ২৮ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







## দেশে কার্যকর নাগরিকত্ব সংশোধনী আইন

**নয়াদিল্লি, ১১ মার্চ (হি. স.)** ।। দেশজুড়ে কার্যকর হয়ে গেল নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ)। সোমবার রাতেই সংশোধিত নাগরিকত্ব আইন চালু হয়ে যেতে পারে দেশে এমন খবর প্রকাশ্যে এসেছিল। তবে তার আগেই এই নিয়ে বিজ্ঞপ্তি জারি হয়ে ল।

২০১৯ সালে সংসদে পাশ হয় নাগরিকত্ব সংশোধনী বিল এবং তা আইনে পরিণত হয়। সিএএ আইনের মূল বিষয় হল ২০১৪ সালের মধ্যে পাকিস্তান, আফগানিস্তান কিংবা বাংলাদেশ থেকে আসা হিন্দু, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন, শিখ ও পারসিদের ভারতীয় নাগরিকত্ব দেওয়া। এক্ষেত্রে শর্ত হল, তাঁদের অন্তত পাঁচ বছর ধরে ভারতে বসবাস করতে হবে, তাহলেই তাঁরা নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবেন।

তবে যাঁরা ভারতীয় নাগরিক, তাঁদের জন্য সিএএ নয়। উল্লেখিত প্রতিবেশী দেশগুলি থেকে আসা বিদেশি নাগরিকদের নির্দিষ্ট শর্ত পূরণে ভারতীয় নাগরিকত্ব দেওয়ার জন্যই এই আইন। অর্থাৎ, যাঁদের ইতিমধে ভারতীয় নাগরিকত্ব রয়েছে, তাঁদের সঙ্গে এর কোনও যোগ নেই। কোনও ব্যক্তি হিন্দু হোক বা মুসলিম বা অন্য কোনও ধর্মের, তিনি যদি আগে থেকেই ভারতীয় নাগরিক হন, তাহলে সিএএ-র কোনও প্রভাব তাঁর উপর পড়বে না। আবেদনকারীদের একটি অনলাইন পোর্টালের মাধ্যমে নাগরিকত্ব পাওয়ার জন্য আবেদন করতে হবে। কবে তিনি ভারতে প্রবেশ করেছেন, সে কথাও উল্লেখ করতে হবে সেখানে।

প্রসঙ্গত, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দিন পনেরো আগেই ঘোষণা করেছিলেন, নির্বাচনের আগে সিএএ কার্যকর হবে দেশে। আগামী এক সপ্তাহের মধ্যে লোকসভা নির্বাচনের নির্ঘণ্ট প্রকাশিত হয়ে যেতে পারে। তার আগে সংশোধিত নাগরিকত্ব আইন কার্যকর হয়ে গেল দেশজুড়ে। ২০১৪☞ ৬ এর পাতায় দেখুন

## ধর্মীয় বিভেদ বাড়ানোর অভিযোগ নাসাৎ করে দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী

**নয়াদিল্লি, ১১ মার্চ (হি.স.)** ।। দেশের নাগরিকত্ব সংশোধনী আইনকে চ্যালেঞ্জ করে দেশের বিভিন্ন আদালতে জনস্বার্থ মামলা হয়েছে। বিরোধীদের অভিযোগ এই আইন ধর্মীয় বিভেদ বাড়াবে। তবে সেই অভিযোগ সম্পূর্ণ নস্যাৎ করে দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

গণমাধ্যমে তাঁর অভিযোগ, নাগরিকত্ব সংশোধনী আইন নিয়ে মুসলিম সম্প্রদায়কে উস্কে দেওয়া হচ্ছে। ভুল বোঝানো হচ্ছে তাঁদের। মুসলিমদের তাঁর আশ্বাস, তাঁদের নাগরিকত্ব কেড়ে নেওয়া হবে না।

সিএএ নিয়ে অমিত শাহ বলেছেন, "সিএএ দেশের একটি আইন। নির্বাচনের আগে এই আইন কার্যকর হবে। এই আইন নিয়ে কোনও বিভ্রান্তি থাকা উচিত না।"" শাহর কথায়, ""এই আইনে কোনও ব্যক্তির নাগরিকত্ব কেড়ে নেওয়ার কোনও বিধান নেই।""

মোদীর সেনাপতির অভিযোগ, ""দেশে সংখ্যালঘু বিশেষ করে মুসলিম সম্প্রদায়কে উস্কানি দেওয়া হচ্ছে। সিএএ কারও নাগরিকত্ব কেড়ে নিতে পারে। এই আইনে তেমন কোনও বিধান নেই।"" শাহের সংযোজন, ""সিএএ বাংলাদেশ, পাকিস্তান, আফগানিস্তানের নির্যাতিত শরণার্থীদের নাগরিকত্ব দেওয়ার একটি আইন।""

দীর্ঘদিন ধরেই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জোরাল দাবি করেছিলেন, লোকসভা নির্বাচনের আগে সিএএ বিধি লাগু হবেই।

কোনওভাবেই এই আইন বলবৎ হওয়া আটকানো যাবে না। সোমবার দুপুর থেকেই সূত্র মারফত খবর পাওয়া যাচ্ছিল, যে কোনও মুহূর্তে বড়সড় ঘোষণা হতে চলেছে। সেই জল্পনায় সিলমোহর দিয়ে এরপরই এল চূড়ান্ত ঘোষণা।

### সিএএ নিয়ে মোদীকে নিশানা মমতার

## বাংলায় চালু করতে দেব না

**কলকাতা, ১১ মার্চ (হি.স.)** ।। বাংলায় কিছুতেই সিএএ চালু করতে দেবেন না। এই হুঁশিয়ারি দিয়ে সোমবার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মোদী সরকারকে নিশানা করলেন।

লোকসভা ভোটের আগেই দেশ জুড়ে চালু হয়ে গেল সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ)। সোমবার সন্ধ্যায় এই নিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। এই সম্ভাবনার মধ্যে তড়িঘড়ি সাংবাদিক বৈঠক করলেন মুখ্যমন্ত্রী।

তিনি বলেন, "সাহস থাকলে (সিএএ) আগে করতেন। লোকসভা ভোটের আগেই করতে হল কেন?" সিএএ আইন পাশের পরে বারবার এক্সটেনশন করে আজকে চারবছর লেগে গেল। নির্বাচনের মুখেই এটা করার প্রয়োজন পড়ল তার কারণ, এটা একটা রাজনৈতিক পরিকল্পনা। যে নিয়মটা করা হয়েছে, সেখানে কী বলা হয়েছে। এটা ভোটের আগে মানুষের সঙ্গে ছলনার ☞ ৬ এর পাতায় দেখুন

## আজকের মধ্যে নির্বাচনী বন্ডের তথ্য জমা দিতে নির্দেশ সুপ্রিকোর্টের

**নয়াদিল্লি, ১১ মার্চ (হি.স.)** ।। নির্বাচনী বন্ড নিয়ে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (এসবিআই)-র আর্জি খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টের সাংবিধানিক বেঞ্চের প্রশ্নের মুখে পড়ল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (এসবিআই)।

গত ১৫ ফেব্রুয়ারি নির্বাচনী বন্ড ব্যবস্থাকে 'অসাংবিধানিক' এবং 'ক্ষতিকারক' বলে আখ্যা দিয়েছিল সুপ্রিম কোর্ট। আদালত এসবিআইকে নির্দেশ দিয়েছিল, অবিলম্বে যেন ওই বন্ড দেওয়া বন্ধ করে তারা। এর পাশাপাশি সুপ্রিম কোর্টের নির্দেশ দেয়, ২০১৯-এর ১২ এপ্রিল থেকে এখনও পর্যন্ত নির্বাচনী বন্ড সংক্রান্ত তথ্য ৬ মার্চের মধ্যে আদালতের কাছে তুলে দেবে এসবিআই। কিন্তু নির্বাচনী বন্ড সংক্রান্ত তথ্যপ্রকাশের জন্য অতিরিক্ত সময় চেয়ে শীর্ষ আদালতে আর্জি জানায় এসবিআই।

আগেই জানা গিয়েছিল, নির্বাচনী বন্ডের তথ্যপ্রকাশ নিয়ে সোমবার দু'টি আর্জি শুনবে সুপ্রিম কোর্টের সাংবিধানিক বেঞ্চ। বন্ড সংক্রান্ত তথ্যপ্রকাশের জন্য অতিরিক্ত সময় চেয়ে শীর্ষ আদালতে আর্জি জানিয়েছিল এসবিআই। সোমবার এসবিআই-এর সেই আর্জি শোনে প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন পাঁচ সদস্যের সাংবিধানিক বেঞ্চ।

তা ছাড়াও এসবিআই-এর বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ এনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আর্জি জানিয়ে আরও একটি আর্জি জমা পড়েছিল সুপ্রিম কোর্টের কাছে। সেটিও শোনে সুপ্রিম কোর্টের সাংবিধানিক বেঞ্চ। প্রধান বিচারপতি ছাড়াও সাংবিধানিক বেঞ্চে ছিলেন বিচারপতি সঞ্জীব খন্না, বিচারপতি বিআর গাভাই, বিচারপতি জেবি পরদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্র।

## আইনশৃঙ্খলা নিয়ে পুলিশ পর্যায়ে গুরুত্বপূর্ণ বৈঠক

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১১ মার্চ** ।। লোকসভা নির্বাচনকে সামনে রেখে প্রশাসনিক প্রস্তুতি অব্যাহত রয়েছে। প্রতিবেশী রাজ্য অসম এবং ত্রিপুরার পুলিশ সুপার পর্যায়ে উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়।

আইনশৃঙ্খলা সংক্রান্ত বিষয় নিয়ে উভয় রাজ্যের পুলিশ পরস্পর পরস্পরকে সহযোগিতা করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। নির্বাচন পর্ব অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যেই এ ধরনের বৈঠক অনুষ্ঠিত হয়েছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে।

সোমবার উত্তর জেলা সদর ধর্মনগরে পুলিশ সুপার এর কার্যালয়ে উত্তর জেলা এবং পার্শবর্তী করিমগঞ্জ জেলার এসপি পর্যায়ের এক বৈঠক সম্পন্ন হয়।

এই বৈঠকে উপস্থিত ছিলেন উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, ☞ ৬ এর পাতায় দেখুন

### লাখপতি দিদির সঙ্গে মতবিনিময় সভায়

## দেশে মহিলা স্বশক্তিকরণের এক নতুন অধ্যায় শুরু হবে ঃ প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ** ।। লাখপতি দিদি ও নমো ড্রোন দিদিদের উদ্যোগী ভূমিকায় আগামীদিনে দেশে মহিলা স্বশক্তিকরণের এক নতুন অধ্যায় শুরু হবে। এই দিদিগণ নিজেদের উন্নয়নমূলক কাজের সফল বাস্তবায়নের মধ্য দিয়ে সেই নতুন অধ্যায়ের সূচনা করবেন। আজ দেশের লাখপতি দিদিদের সাথে মতবিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি একথা বলেন। আগরতলা টাউনহলে আজ প্রধানমীর এই মতবিনিময় অনুষ্ঠানটি সরাসরি সম্পচার করা হয়। প্রধানমীর এই মতবিনিময়



অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার বিভিন্ন ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, বিএসির চেয়ারম্যানগণ। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগি প্রমুখ। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন ও ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। মতবিনিময় অনুষ্ঠানে প্রধানমী নরেন্দ্র মোদি সারা দেশের বিভিন্ন রাজ্যের লাখপতি দিদিদের সাথে মতবিনিময়ের পাশাপাশি পশ্চিম ত্রিপুরার ডুকলি ব্লকের ব্যাঙ্ক সখী লাখপতি দিদি অনিমা দেবনাথের সাথে মতবিনিময় করেন।

মতবিনিময়ের সময় প্রধানমী লাখপতি দিদি অনিমা দেবনাথের পারিবারিক, সামাজিক অবস্থা ও তিনি যে স্বসহায়ক দলের সাথে যুক্ত সে বিষয়েও খোঁজখবর নেন। লাখপতি দিদি হওয়ায় প্রধানমী অনিমা দেবনাথকে অভিনন্দন জানান। প্রধানমী তাকে আরও লাখপতি দিদি তৈরি করার কাজে এগিয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

## উন্নয়নমূলক কাজে দুর্নীতিকে কখনও প্রশ্রয় দেওয়া হয় না ঃ মুখ্যমন্ত্রী

### কৈলাসহরে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ** ।। রাজ্যের সার্বিক বিকাশে সরকার সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে কাজ করছে। বর্তমান সরকার স্বচ্ছতার সাথে উন্নয়ন কর্মসূচি রূপায়ণ করছে। উন্নয়ন কর্মসূচি রূপায়ণে দুর্নীতিকে কখনও প্রশ্রয় দেওয়া হয় না। এই সরকার হলো মানুষের সমস্যা সমাধানের সরকার। আজ ঊনকোটি জেলার কৈলাসহরে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করে বৈদ্যনাথ মজমদার মতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় সংলগ মাঠে এক জনসভায় বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন। মুখ্যমী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ ঊনকোটি জেলার কৈলাসহর মহকুমায় ধনবিলাস উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত ৬টি শ্রেণীকক্ষ, পঞ্চমনগর হাইস্কুলে নবনির্মিত দ্বিতল ভবন, কণিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য কোয়ার্টার কমপ্লেক্স, বেলকুমবাড়ি ইংরেজি মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে নবনির্মিত দ্বিতল ভবন ও বৈদ্যনাথ মজমদার মতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ৩টি সায়েন্স ল্যাব ও ১টি অতিরিক্ত শ্রেণীকক্ষেরও উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানগুলিতে মুখ্যমীর সাথে ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামী টিংকু রায়, কৈলাসহর পুরপরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, জেলাশাসক ডি কে চাকমা, পুলিশ সুপার কান্তা জাঙ্গির, সিএমও শীর্ষেন্দ চাকমা, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা প্রমুখ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, সরকার চাইছে শিক্ষা সহ সবক্ষেত্রে পরিকাঠামোর উন্নয়ন। এবছর বাজেটে পরিকাঠামো উন্নয়নের জন্য গত বছরের তুলনায় অধিক বরাদ্দ রাখা হয়েছে। শিক্ষার পরিকাঠামোর সাথে সাথে খেলাধুলার পরিকাঠামো উন্নয়নেও গুরুত্ব দিয়েছে সরকার। মুখ্যমী বলেন, আগে রাজ্যে মাত্র একটা জাতীয় সড়ক ছিল। এখন অনেকগুলি জাতীয় সড়ক তৈরি করা হয়েছে। এটা সম্ভব হয়েছে প্রধানমী নরেন্দ্র মোদির অ্যাক্ট ইস্ট পলিসির জন্য। রাজ্যে এখন রেল যোগাযোগে বৈদ্যতিকরণ করা হচ্ছে। এই কাজ ইতিমধ্যেই অনেকটা এগিয়ে গেছে। কিছুদিনের মধ্যেই আকাশপথে চট্টগ্রামের সাথে ত্রিপুরার যোগাযোগ স্থাপিত হবে। মুখ্যমী বলেন, প্রধানমী জনআরোগ্য যোজনার মাধ্যমে ☞ ৬ এর পাতায় দেখুন

## নির্বাচন কমিশনার নিয়োগে সরকারকে আটকাতে মামলা কংগ্রেসের

**নয়াদিল্লি, ১১ মার্চ (হি. স.)** ।। নতুন দুই জাতীয় নির্বাচন কমিশনারের নিয়োগ রুখতে শীর্ষ আদালতে আবেদন করল কংগ্রেস। জানা গিয়েছে, কংগ্রেস সুপ্রিম কোর্টে আবেদন জানিয়েছে যে, নতুন নির্বাচন কমিশনার আইনের ৭ ও ৮ ধারার অধীনে কেন্দ্রীয় সরকারকে যেন মুখ্য নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনারদের নিয়োগ করা থেকে বিরত করা হয়।

উল্লেখ্য, গত ফেব্রুয়ারি মাসে একজন ☞ ৬ এর পাতায় দেখুন

## প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করার আহ্বান বিপ্লব দেবের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ** ।। দেশের সুরক্ষা ও সমৃদ্ধির প্রতীক আসন্ন লোকসভা নির্বাচন। তাই দলমত ও রাজনীতির ঊর্ধে উঠে প্রত্যেক জনগণকে কাছে প্রধানমন্ত্রীর জন্য আশীর্বাদ চাইতে হবে। আজ আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে বড়জলা বিধানসভা কেন্দ্রে মন্ডলের উদ্যোগে লংকামুড়া কমিউনিটি হলে এক সাংগঠনিক বৈঠক শেষ সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা বলেন সাংসদ বিপ্লব কুমার দেব।

এদিন তিনি বলেন, লোকসভা নির্বাচনের আগে রাজ্যের দায়িত্ববান কার্যকর্তাদের নিয়ে বৈঠকের আয়োজন করা হয়েছে। বৈঠকে মূলত কার্যকর্তাদের সঙ্গে নিয়ে নির্বাচনী প্রচার সম্পর্কে আলোচনা হয়েছে।

এদিন তিনি আরও বলেন, প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে দলমত ও রাজনীতির ঊর্ধে উঠে প্রত্যেক জনগণকে কাছে ভোটের আপিল করতে



হবে কার্যকর্তাদের। এদিন তিনি দৃঢ় প্রত্যয়ের সুরে বলেন, আমার বিশ্বাস জনগণ তৃতীয়বারের জন্য নরেন্দ্র মোদীকে প্রধানমন্ত্রী বানাতে ভোটাধিকার প্রয়োগ করবেন।

## দেরিতে আসায় পরীক্ষায় বসতে পারলো না ছাত্র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ** ।। দেরিতে আসায় মাধ্যমিকের অঙ্ক পরীক্ষায় বসতে পারেনি অভিজিৎ চাকমা নামে জনৈক ছাত্র। তাঁর দাবি, মা অসুস্থ ছিল, তাই আসতে দেরি হয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, বোধজং বয়েজ স্কুলের ছাত্র অভিজিৎ চাকমা। তাঁর বাড়ি মনুতে। আজ মাধ্যমিকের অঙ্ক পরীক্ষা ছিল। তার পরীক্ষা কেন্দ্র ছিল উমাকান্ত একাডেমি ইংলিশ মিডিয়াম স্কুলে। পরীক্ষার সময় সকাল ১০.৩০ থেকে দুপুর ১.৩০টা পর্যন্ত ছিল। কিন্তু দেরিতে আসার কারণে সে পরীক্ষায় বসতে পারে নি। তাঁর দাবি ,মা অসুস্থ ছিল। ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যবাসীকে নিরন্তর বিদ্যুৎ পরিষেবা দিতে বদ্ধপরিকর সরকার ঃ রতন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ** ।। রাজ্যের সার্বিক বিকাশের পাশাপাশি বিদ্যুৎ পরিষেবার উন্নয়নেও সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। নতুন নতুন বিদ্যুৎ সাবস্টেশন নির্মাণ, নতুন বিদ্যুৎ লাইন সম্পসারণ সহ উন্নত প্রযুক্তির মাধ্যমে গ্রামীণ এলাকাতে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হচ্ছে। আজ শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্রমনুতে ৩৩/১১ কেভি বিদ্যুৎ সাবস্টেশনের উদ্বোধন করে কৃষি ও বিদ্যুৎ দপ্তরের মী রতনলাল নাথ একথা বলেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায়মী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপা বৈদ্য, সচিব অভিষেক সিং, সমাজসেবী শ্যামলাল দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর দেবাশিস সরকার। সভাপতিত্ব করেন বিদ্যুৎ নিগমের জেনারেল ম্যানেজার স্বপন দেববর্মা। উল্লেখ্য, ৮ কোটি ১০ লক্ষ ৬৮ হাজার ৯৬১ টাকা ব্যয়ে এই সাবস্টেশনটি নির্মাণ করা হয়েছে। অনুষ্ঠানে বিদ্যুৎ মন্ত্রী বলেন, বিদ্যুৎ পরিষেবার উন্নয়ন ছাড়া উন্নয়ন কর্মসূচি সম্ভব নয়। তাই রাজ্য সরকার বিদ্যুৎ পরিষেবার উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। রুখিয়াতে বিদ্যুৎ উৎপাদন বাড়িয়ে ১২০ মেগাওয়াট করার জন্য অত্যাধুনিক যপাতি বসানো হবে। রাজ্যে গ্রামীণ এলাকার দেড় লক্ষ পরিবারে সৌভাগ্য যোজনায় বিদ্যুৎ সংযোগ দেওয়ার কাজ চলছে। অনুষ্ঠানে সমবায়মী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, বীরচন্দ্রমনু বিদ্যুৎ সাবস্টেশনটি নির্মাণের ☞ ৬ এর পাতায় দেখুন

## একমাসের ব্যবধানে একই এলাকা থেকে পর পুরুষের হাত ধরে পালালো দুই গৃহবধূ

**নিজস্ব প্রতিনিধি, লংতরাইভ্যালি, ১১ মার্চ** ।। এক মাসের ব্যবধানে স্বামীদেরকে ঘুমে রেখে লংতরাইভ্যালি মহকুমার সদর ছইলেংটা থেকে কন্যা সহ দুই গৃহবধূ নিখোঁজ হয়েছে। অভিযোগ পরকীয়ার জেরেই প্রেমিকের হাত ধরে দুই গৃহবধূ হাওয়া হয়েছে বলে প্রাথমিক ভাবে জানা গেছে। তবে দুই গৃহবধূ লাভ জিহাদ এর স্বীকার হয়েছে কিনা এই ব্যাপারে নিশ্চিত করে কিছুই বলা যাচ্ছে না। পুলিশি তদন্তে সব বেরিয়ে আসবে বলে মনে করা হচ্ছে।

গত জানুয়ারি মাসে ছইলেংটা থেকে নিখোঁজ হয় লিপিকা দাস নামে এক গৃহ বধূ। এই গৃহ বধূর স্বামী কাজের জন্য বাড়ির বাইরে থাকেন।সাত বছরের কন্যা সন্তানকে নিয়ে মহিলা ছইলেংটা থাকত। কিন্তু গত জানুয়ারি মাস থেকে কন্যা সহ উক্ত মহিলা নিখোঁজ।

এদিকে গত ৬ মার্চ থেকে নিখোঁজ কন্যা সহ আরেক গৃহবধূ। গৃহবধুর নাম সুদীপ্তা ধর। এই মহিলার দশ বছরের এক কন্যা সন্তান রয়েছে। ছইলেংটা এসটি কলোনী বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীতে পড়ছে কন্যাটি। এই মহিলার স্বামী উনকোটি জেলায় একটি মেডিসিন দোকানের স্টাফ। দোকান থেকে বাড়িতে গিয়ে দেখে স্ত্রী সমস্ত টাকা পয়সা, সোনা দানা নিয়ে কন্যাকে সাথে নিয়ে পরপুরুষের হাত ধরে পালিয়ে গেছে।

পালিয়ে যাওয়া দুইজন গৃহবধূর মধ্যে একজন হরিয়ানায় পালিয়ে গেছে বলে প্রাক্তন স্বামীকে মোবাইলে ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ১৫৩ ▫ ১২ মার্চ ২০২৪ ইং▫ ২৮ ফাল্গুন ▫ মঙ্গলবার ▫১৪৩০ বঙ্গাব্দ

## সিএএ কী এবং কেন ?

সব জল্পনা কল্পনার অবসান ঘটাইয়া লোকসভা নির্বাচনের আগেই সারা দেশে নাগরিকত্ব সংশোধনী আইন ২০১৯ কার্যকর পরিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে কেন্দ্রীয় সরকার। এই আই ন কার্যকর হইলে পাকিস্তান, আফগানিস্তান এবং বাংলাদেশে ধর্মীয় অতাচারের শিকার হওয়া সংখ্যালঘু হিন্দুদের নাগরিকত্ব দেওয়া সম্ভব হইবে। অনলাইনে আজ রাত হইতে নাগরিকত্বের জন্য সংশ্লিষ্টরা আবেদন করিতে পারিবেন। ধর্মীয় কারণে নির্যাতিত হইয়া ভারতে আশ্রয় গ্রহণকারীরা এই আইনের ফলে ভারতীয় নাগরিকত্ব গ্রহণ করিতে পারিবেন। তাহাদের জন্য বিষয়টি খুবই তাৎপর্যপূর্ণ। যদিও এই বিষয়টি নিয়ে বিভিন্ন মহলে এখন অন্যান্য গুঞ্জন রহিয়াছে।

নাগরিকত্ব সংশোধনী আইন ২০১৯ সালে পাস হয়। কিন্তু এই আইনকে নিয়ে মানুষের মধ্যে বিভিন্ন বিভ্রান্তি ছড়ায়। আর তা থেকেই দেশের বিভিন্ন অংশে ক্ষোভ-বিক্ষোভ ছড়াইয়া পড়ে। প্রতিবাদের আগুন জ্বলিয়া ওঠে।ফলে বিল পাশ হইলেও তাহা কার্যকর করিবার সাহস দেখায়নি মোদী সরকার। দীর্ঘ প্রায় চার বছর পর ২০২৪ এর লোকসভা নির্বাচনের মুখে সিএএ কার্যকর করিল নরেন্দ্র মোদী সরকার।

মুলত তিন দেশ থেকে ৩১ ডিসেম্বর ২০১৪ সালের আগে আসা সংখ্যালঘু যেমন- হিন্দু, খ্রিস্টান, শিখ, জৈন, বৌদ্ধ এবং পার্সদের ভারতীয় নাগরিকত্ব দেওয়ার বিধান করা হইয়াছে। সিএএ কার্যকর করা হইলেও এই আইন নিয়া একাধিক বিতর্ক রহিয়াছে। নাগরিকত্ব সংশোধনী আইনে একটি নির্দিষ্ট সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করা হয়নি। মূলত মুসলিম সংখ্যাগরিষ্ঠ তিন দেশ পাকিস্তান, আফগানিস্তান এবং বাংলাদেশে ধর্মীয় অতাচারের শিকার হওয়া সংখ্যালঘু হিন্দুদের নাগরিকত্ব দেওয়ার কথা বলা

হইয়াছে। পাশাপাশি খ্রিস্টান, শিখ, জৈন, বৌদ্ধ এবং পারসীদের ভারতীয় নাগরিকত্ব দেওয়ার বিধান বলা হইয়াছে মোদী সরকারের নয়া আইনে। কেন এই আইনের আওতায় মুসলিমদের রাখা হইল না তাহা নিয়া রহিয়াছে বিতর্ক।ভারতীয় সংসদে সিএএ পাশ হয় ২০১৯ সালের ১১ ডিসেম্বর। এই বিলের পক্ষে ১২৫ জন ভোট দিয়াছিলেন। ১০৫ জন সিএএ বিলের বিপক্ষে ভোট দেন। ২০১৯ সালে ১২ ডিসেম্বর সিএএ বিলে তৎকালীন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ সই করেন। কিন্তু বিল আইন হিসাবে কার্যকর করা যায়নি। ক্ষোভ-বিক্ষোভের আশঙ্কাতেই তাহা করা সম্ভব হয়নি। তবে এই বিল কার্যকর হওয়ায় শরনার্থীদের দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিল।

নাগরিকত্বের জন্য আবেদন পুরোটাই অনলাইনের মাধ্যমে হইবে। এমনটাই স্বরাষ্ট্রমন্ত্রকের দেওয়া বিজ্ঞপ্তিতে জানানো হইয়াছে। নির্দিষ্ট পোর্টালের মাধ্যমেই সেই আবেদন করিতে হইবে। আর তাহা করা যাইবে মঙ্গলবার রাত থেকেই।

## সোমবার পরিষ্কার আকাশ তাপমাত্রা বাড়বে কিছুটা

কলকাতা, ১১ মার্চ (হি. স.): আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আজ সোমবার মহানগরে প্রধানত আকাশ পরিষ্কার থাকার কথা। কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ২২ ডিগ্রি এবং সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের আশপাশে থাকতে পারে।

পূর্বাভাস অনুযায়ী সপ্তাহের শুরুতে কলকাতার আকাশ পরিষ্কার থাকলেও উত্তরবঙ্গে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে চলতি সপ্তাহের মাঝামাঝি বদলে যেতে পারে আবহাওয়া। বৃহস্পতিবার ও শুক্রবার দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বৃষ্টি হতে পারে। বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে হাওয়া অফিস।

## কুনো জাতীয় উদ্যানে আরও ৫ চিতা শাবকের জন্ম

ভোপাল, ১১ মার্চ (হি. স.): মধ্যপ্রদেশের কুনো জাতীয় উদ্যানে বাড়ল চিতার সংখ্যা। ৫ বছরের একটি চিতাবাঘ আরও ৫টি শাবকের জন্ম দিল। কেন্দ্রীয় পরিবেশ ও বনমন্ত্রী ভূপেন্দ্র যাদব নিজের সোশ্যাল মিডিয়ায় এই কথা জানান।উল্লেখ্য, এই নিয়ে কুনোতে চিতা শাবকের সংখ্যা বেড়ে হলো ১৩টি। মোট চিতার সংখ্যা দাঁড়ালো ২৬টি। কুনো জাতীয় উদ্যানের দায়িত্বে থাকা সকলকেই শুভেচ্ছা জানিয়েছেন কেন্দ্রীয় বনমন্ত্রী ভূপেন্দ্র যাদব।প্রসঙ্গত, ২০২২ সালে নামিবিয়া থেকে আটটি চিতা নিয়ে আসা হয়েছিল। এরপর দক্ষিণ আফ্রিকা থেকে আরও ১২ টি চিতাকে এখানে নিয়ে আসা হয়।

## ১৫ মার্চের মধ্যেই নতুন ২ নির্বাচন কমিশনার নিয়োগের সম্ভাবনা

নয়াদিল্লি, ১১ মার্চ (হি. স.): সামনেই লোকসভা ভোট। এদিকে গত ফেব্রুয়ারিতে অবসর নিয়েছেন নির্বাচন কমিশনার অনুপচন্দ্র পান্ডে। আবার নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণার আগে হঠাৎই ৯ মার্চ পদত্যাগ করেছেন আরেক নির্বাচন কমিশনার অরুণ গোয়েল। এর ফলে জাতীয় নির্বাচনে কমিশনে গুরুত্বপূর্ণ দুটি শূন্যপদ তৈরি হয়েছে। বর্তমানে গোটা নির্বাচন প্রক্রিয়ার দায়িত্ব একা সামলাচ্ছেন মুখ্য নির্বাচন কমিশনার। সূত্রের খবর, এই পরিস্থিতিতে ১৫ মার্চের মধ্যে দুজন নির্বাচন কমিশনার নিয়োগ করে শূন্যস্থান পূরণের পরিকল্পনা করছে কেন্দ্রীয় সরকার।সূত্রের খবর, নতুন নির্বাচন কমিশনার নিয়োগে কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়ালের অধীনে একটি সার্চ কমিটি ওই দুটি পদের জন্য পাঁচটি নামের দুটি পৃথক প্যানেল প্রস্তুত করবেন। এও জানা গেছে, ওই কমিটিতে থাকছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব এবং কর্মিবর্গ দফতরের সচিবও। সুপারিশের ভিত্তিতে বুধবার বা বৃহস্পতিবার বৈঠকে বসবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন উচ্চপর্যায়ের কমিটি। সেখানেই নতুন দুই নির্বাচন কমিশনারের নাম নির্ধারণ করা হবে। তারপর সেই নাম যাবে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে। তিনিই দুই নতুন নির্বাচন কমিশনারকে নিয়োগ করবেন। ১৫ মার্চের মধ্যেই সেই নিয়োগ প্রক্রিয়া সেরে ফেলতে চাইছে কেন্দ্র।

## হিসারে নৃশংস হত্যাকাণ্ড, শিশুকন্যার গলা কেটে আত্মঘাতী অধ্যাপক

চণ্ডীগড়, ১১ মার্চ (হি. স.): হিসারের এক বিশ্ববিদ্যালয় সংলগ্ন অঞ্চলে নৃশংস হত্যাকাণ্ড ঘটে গেল। ধারালো ব্লেড দিয়ে ৮ বছরের কন্যাসন্তানের গলা কেটে খুন করলেন এক অধ্যাপক। তারপর নিজের গলা কেটে আত্মঘাতী হন তিনিও। রবিবার সন্ধ্যায় এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।জানা গেছে, হিসারে একটি পশু চিকিৎসা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ছিলেন ৩৫ বছরের সন্দীপ গোয়েল। রবিবার বিকেলে তিনি মেয়েকে নিয়ে ঘুরতে যাচ্ছেন বলে বাড়ি থেকে বেরোন। অনেকক্ষণ বাড়ি না ফেরায় খোঁজ করতে করতে বিশ্ববিদ্যালয়ে যান তাঁর স্ত্রী। অধ্যাপকের ঘরটি ভিতর থেকে বন্ধ ছিল। বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা রক্ষীর সাহায্যে দরজা খুলতেই সেই অধ্যাপক ও তাঁর মেয়ের রক্তাক্ত দেহ দেখতে পান অধ্যাপকের স্ত্রী। বিশ্ববিদ্যালয়ের সহকর্মীরা জানিয়েছেন, গত কয়েক মাস ধরেই নাকি অবসাদে ভুগতেন সন্দীপ। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# আড়াই হাজার কোটি টাকার বেশি সম্পদ গড়েছিলেন স্বৈরশাসকের মেয়ে

**বিশেষ প্রতিবেদ।।** এককালে পপ তারকা হিসেবে পরিচিতি পেয়েছিলেন। করেছিলেন অলংকারের ব্যবসা। এমনকি কূটনীতিক হিসেবেও নাম লিখিয়েছিলেন। তিনি গুলনারা করিমোভা। উজবেকিস্তানের সাবেক স্বৈরশাসক ইসলাম করিমভের মেয়ে। গুলনারা করিমোভা এখন কারাগারে।তবে একসময় বিভিন্ন দেশে ২৪ কোটি ডলারের সম্পদ কিনেছিলেন তিনি। গুলনারা কারিমোভা এই অর্থ দিয়ে বাড়ি এবং ব্যক্তিগত বিমান ক্রয় করেছেন এবং সেজন্য তিনি ব্রিটেনের কোম্পানি ব্যবহার করেছেন। তার এই অর্থের উৎস ছিল ঘুষ এবং দুর্নীতি। এমনটাই বলেছে মানবাধিকার সংস্থা ফ্রিডম ফর ইউরেশিয়ার এক গবেষণায়। রিপোর্টে বলা হয়েছে, এই কাজের জন্য লন্ডন এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডের কিছু অ্যাকাউন্টিং ফার্ম সহায়তা করেছে। ফলে অবৈধ সম্পদ মোকাবিলায় ব্রিটেনের প্রচেষ্টাকে আবারো নতুন করে প্রশ্নের মুখে ফেলেছে। বহু বছর যাবত এমন অভিযোগ রয়েছে, বিদেশি অপরাধীরা যেভাবে ব্রিটেনের সম্পদ ব্যবহার করে অর্থ পাচার করছে সেটি বন্ধের জন্য ব্রিটিশ কর্তৃপক্ষ পর্যাপ্ত ব্যবস্থা নিচ্ছে না। প্রতিবেদনে বলা হচ্ছে, কারিমোভা যত সহজে যুক্তরাজ্যের সম্পদ অর্জন করেছে তা আসলেই ''উদ্বিগ্ন'' হবার মতো। এমন আভাস পাওয়া যাচ্ছে, যারা সম্পদ পাচারের জন্য এসব কোম্পানির হয়ে যারা কাজ করছিল তারা গুলনারা কারিমোভার সংশ্লিষ্টতার বিষয়টি জানতো না। এমনকি অর্থের উৎস যে সন্দেহজনক হতে পারে সেটিও তাদের ধারণা ছিল না। ব্রিটেনের যারা এই সেবা দিয়েছে তাদের কারো বিরুদ্ধেই তদন্ত বা জরিমানা করা হয়নি। একটা সময় মনে হয়েছিল গুলনারা কারিমোভা তার বাবা ইসলাম কারিমোভার উত্তরসূরী হবেন। ইসলাম কারিমোভা ১৯৮৯ সাল থেকে শুরু করে ২০১৬ সালে তার মৃত্যুর আগে পর্যন্ত উজবেকিস্তানের প্রেসিডেন্ট ছিলেন। গুলনারা কারিমভকে ‘গুগুশা’ নামে বিভিন্ন পপ ভিডিওতে দেখা গেছে। এছাড়া তিনি একটি গয়নার দোকান চালিয়েছেন এবং স্পেনে রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছেন। কিন্তু এরপর ২০১৪ সালে তিনি লোকচক্ষুর আড়ালে চলে যান। পরে জানা যায় যে, তার বাবা ক্ষমতায় থাকার সময়েই তিনি দুর্নীতির দায়ে গ্রেপ্তার হয়েছিলেন। তার বাবা মারা যাবার পরে ২০১৭ সালের ডিসেম্বরে তাকে কারাদণ্ড দেয়া হয়। ২০১৯ সালে গৃহবন্দীর শর্ত ভাঙার কারণে তাকে কারাগারে পাঠানো হয়। গুলনারা কারিমভের বিরুদ্ধে প্রসিকিউটররা অভিযোগ আনেন যে তিনি একটি অপরাধী গোষ্ঠীর সাথে জড়িত - যারা ব্রিটেন, রাশিয়া এবং সংযুক্ত আরব আমিরাতসহ ১২ টি দেশে এক বিলিয়ন ডলারের সম্পদ নিয়ন্ত্রণ করে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষণা ফেলো এবং ফ্রিডম ফর ইউরেশিয়ার একজন গবেষক টম মেইনি বলেন, ‘কারিমোভার ঘটনাটি সর্বকালের সবচেয়ে বড় ঘুষ আর দুর্নীতির ঘটনাগুলোর মধ্যে অন্যতম।’ যদিও কারিমোভা আর তার সহযোগীরা এরই মধ্যে কিছু সম্পদ বিক্রি করে দিয়েছেন, যেগুলো দুর্নীতির অর্থ দিয়ে অর্জিত হয়েছিল বলে অভিযোগ রয়েছে। ফ্রিডম ফর ইউরেশিয়া সম্পদ ও ভূমি রেজিস্ট্রি রেকর্ড নিয়ে গবেষণা করে অন্তত ১৪টি সম্পদের উল্লেখ পেয়েছে যা তিনি গ্রেপ্তার হওয়ার আগে যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, ফ্রান্স, দুবাই এবং হংকংসহ বিভিন্ন দেশে সন্দেহজনক তহবিল ব্যবহার করে কিনেছিলেন। এই রিপোর্টে লন্ডন ও এর আশেপাশের পাঁচটি সম্পদের বিবরণ দেয়া হয়েছে, যেগুলোর বর্তমান মূল্য ৫০ মিলিয়ন পাউন্ড। এর মধ্যে রয়েছে বাকিংহাম প্যালেসের পশ্চিম দিকে বেলগ্রাভিয়াতে তিনটি ফ্ল্যাট, মেফেয়ারে বাড়ি, এবং ১৮ মিলিয়ন পাউন্ড মূল্যের সারে ম্যানর হাউস যার সাথে একটি ব্যক্তিগত লেকও রয়েছে। বেলগ্রাভিয়ার দুটি ফ্ল্যাট ২০১৩ সালে কারিমোভা গ্রেপ্তার হওয়ার আগে বিক্রি করা হয়েছিল। ২০১৭ সালে মেফেয়ারের বাড়ি, সারে ম্যানশন এবং বেলগ্রাভিয়াতে তৃতীয় ফ্ল্যাটটি জব্দ করা হয় গুরুতর জালিয়াতির অভিযোগে। ফ্রিডম ফর ইউরেশিয়ার প্রতিবেদনে লন্ডন এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডে কয়েকটি ফার্মের নাম উল্লেখ করা হয়, যেগুলো কারিমোভা বা তার সহযোগীরা সম্পদ বা ব্যক্তিগত জেটলাইনার কেনার প্রক্রিয়ায় ব্যবহার করেছিল। কারিমোভার প্রেমিক রুস্তম মাদুমারভ এবং আরো কয়েকজন যারা তার সন্দেহভাজন সহযোগী তাদেরকে দাপ্তরিক নথিতে ‘সুবিধাভোগী মালিক’ বলে উল্লেখ করা হয়েছে। এটি একটি আইনি শব্দ যা ব্যবহার করা হয়েছে আসলে যে ব্যক্তি যুক্তরাজ্য, জিব্রাল্টার এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডে থাকা কোম্পানিগুলো নিয়ন্ত্রণ করে তাকে বোঝাতে। কিন্তু প্রতিবেদনে বলা হয় যে তারা আসলে কারিমোভার ছায়া হিসেবে ব্যবহৃত হতো, যারা এসব ফার্ম ব্যবহার করে কোটি কোটি ডলার পাচার করেছে। কারিমোভার সাথে সংশ্লিষ্ট দুটি যুক্তরাজ্যের কোম্পানি পানালি লিমিটেড এবং ওডেনটন ম্যানেজমেন্ট লিমিটেডকে হিসাবরক্ষণ বিষয়ক সহায়তা দিতো এসএইচ ল্যান্ডেস এলএলপি নামে একটি ফার্ম যা আগে লন্ডনের অক্সফোর্ড স্ট্রিটে ছিল। ২০১০ সালের জুলাইয়ের শেষের দিকে, এসএইচ ল্যান্ডেস আরেকটি কোম্পানি রেজিস্টার বা অধিগ্রহণ করে। এর লক্ষ্য ছিল ৪০ মিলিয়ন ডলার মূল্যের ব্যক্তিগত জেট কেনা যার মালিক ছিলেন মাদুমারভ। প্রকৃতপক্ষে প্রতিবেদন অনুযায়ী, কারিমোভা আসলে এই ক্রয়ের পেছনে ছিলেন। যখন তহবিলের উৎস সম্পর্কে জিজ্ঞস করা হয় তখন এসএইচ ল্যান্ডেস উত্তরে বলেন, ‘আমরা মনে করি যে এই ব্যক্তিগত সম্পদ নিয়ে যে প্রশ্ন এসেছে তা এক্ষেত্রে প্রযোজ্য হবে না।’ এই প্রশ্ন এসেছে কারণ জেট কেনার জন্য যে অর্থ ব্যয় করা হয়েছিল তা মাদুমারভের ব্যক্তিগত তহবিল থেকে দেয়া হয়নি। লন্ডন ভিত্তিক ফার্মটি অবশ্য পরে জানায় যে, মাদুমারভের সম্পদ আংশিকভাবে এসেছে উজবেকিস্তানের একটি মোবাইল ফোন কোম্পানি উজদোনরোবিতা থেকে। এই কোম্পানির সাথে কারিমোভার সংশ্লিষ্টতা নিয়ে এরই মধ্যে প্রশ্ন উঠেছে। অভিযোগ তোলে যে, কারিমোভা উজদোনরোবিতা থেকে জাল রশিদের মাধ্যমে প্রায় ২০ মিলিয়ন ডলার নিজের ব্যক্তিগত কাজে ব্যবহার করেছে। সাবেক এক উপদেষ্টা কারিমোভার বিরুদ্ধে “প্রতারণার” অভিযোগ তোলেন। প্রতিবেদনে বলা হয়, কারণ যেহেতু এটা উজবেকিস্তানের মতো একটি দেশ যেখানে অর্থপাচার জবাবদিহিতার সম্ভাবনা কম সেখান থেকে এতো বড় অংকের অর্থের হস্তান্তর বিষয়ে এসএইচ ল্যান্ডসের উচিত ছিল এই “সুনির্দিষ্ট গ্রাহক সম্পর্কে তদন্ত করা”- এর পটভূমি খতিয়ে দেখার মাধ্যমে এটা নিশ্চিত করা যে, তহবিল আইনসঙ্গত ছিল এবং এটি কোন অপরাধ কর্মকাণ্ডের মাধ্যমে অর্জন করা হয়নি। এসএইচ ল্যান্ডেস পানালি লিমিটেডের ২০১২ অর্থবছরের আর্থিক বিবৃতিও জমা দেয়। প্রতিবেদনে বলা হয়, ২০১৩ সালের সেপ্টেম্বরে কারিমোভার ঘনিষ্ঠ এক সহযোগী সেগুলোর অনুমোদন দিয়েছিল যার নাম গায়ান আভাকিয়ান এবং তখন তার বয়স ছিল ৩০ বছর। “উজবেকিস্তানে কয়েক মিলিয়ন ডলার জালিয়াতি এবং দুর্নীতি কেলেঙ্কারির” কেন্দ্রে থাকা জিব্রাল্টারে নথিবদ্ধ তাকিলান্ট নামে একটি কোম্পানির মালিক ছিলেন আভাকিয়ান। স্টিভেন ল্যান্ডেস বলেন: এসএইচ ল্যান্ডেস এলএলপি কখনোই গুলনারা কারিমোভার সাথে সংযুক্ত ছিল না। এসএইচ ল্যান্ডেস এলএলপি রুস্তম মাদুমারভের পক্ষে কাজ করে। এসএইচ ল্যান্ডেস এলএলপি তার সব গ্রাহকদের পক্ষেই কাজ করে এবং যথাযথ নিয়ন্ত্রক কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিত করা হয়েছে এবং এটি যথাযথ মূল্যায়িত। ফ্রিডম ফর ইউরেশিয়ার টম মেইনি বলেন, যত সহজে কারিমোভা যুক্তরাজ্যে এতো সম্পদ কিনেছেন তা আসলেই উদ্বেগজনক। তিনি বলেন, ‘এ বিষয়ে ব্যবস্থা নিতে কর্তৃপক্ষের ২০১৭ সাল পর্যন্ত সময় লেগে গেছে যেখানে অন্য দেশগুলো আরো কয়েক বছর আগেই তার ব্যাংক অ্যাকাউন্ট এবং তার সম্পদ জব্দ করেছে।’

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষণা ফেলো এবং ফ্রিডম ফর ইউরেশিয়ার একজন গবেষক টম মেইনি বলেন, ‘কারিমোভার ঘটনাটি সর্বকালের সবচেয়ে বড় ঘুষ আর দুর্নীতির ঘটনাগুলোর মধ্যে অন্যতম।’ যদিও কারিমোভা আর তার সহযোগীরা এরই মধ্যে কিছু সম্পদ বিক্রি করে দিয়েছেন, যেগুলো দুর্নীতির অর্থ দিয়ে অর্জিত হয়েছিল বলে অভিযোগ রয়েছে।

# যুক্তরাষ্ট্রে পরপর দুই ব্যাংক বন্ধে বিশ্বজুড়ে অস্থিরতা

**বিশেষ প্রতিবেদন।।** বৈশ্বিক আর্থিক বাজার টালমাটাল। আতঙ্কে বিনিয়োগকারীরা। বাজারমূল্য হারাচ্ছে ব্যাংক-বীমাসহ আর্থিক প্রতিষ্ঠানগুলো। আস্থার সংকট দেখা দিয়েছে যুক্তরাষ্ট্রের গ্রাহকদের মধ্যে। দেশটির বড় ব্যাংকগুলোয় হিসাব স্থানান্তরের হিড়িক পড়ে গেছে। আমানত ও হিসাব স্থানান্তর করায় দেশটির ছোট ও আঞ্চলিক ব্যাংকগুলোর সংকট আরও ঘনীভূত হচ্ছে। ফলে আরও কয়েকটি ব্যাংক ধসে পড়ার শঙ্কা দেখা দিয়েছে। আর্থিক বাজার বিশ্লেষণকারী প্রতিষ্ঠান মুডি’স আরও ছয়টি ব্যাংকের ঋণমান কমানোর পর্যালোচনা করছে। মাত্র তিন দিনের ব্যবধানে যুক্তরাষ্ট্রে দুটি ব্যাংক ধসে পড়ার পর থেকেই এসব প্রতিক্রিয়া দেখা দিয়েছে। দ্রুত সমাধানে ব্যর্থ হলে ২০০৭-০৮ সালের সংকটের পুনরাবৃত্তিরও আশঙ্কা দেখা দিয়েছে। যদিও ব্যাংকিং ব্যবস্থা নিরাপদ এবং বর্তমান পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে বলে আশ্বস্ত করেছেন খোদ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। এ ঘটনায় দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও হুঁশিয়ারি দিয়েছেন তিনি। তবে কোনো কিছুই যেন হালে টিকছে না।

মহামারির প্রভাব কমে যাওয়ার পর চাহিদা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে বিশ্বজুড়ে বিভিন্ন পণ্যের দাম বেড়ে যায়। দেশে দেশে মূল্যস্ফীতি রেকর্ড ভাঙতে থাকে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সুদের হার বাড়িয়ে যাচ্ছে ফেডারেল রিজার্ভ। মার্কিন কেন্দ্রীয় ব্যাংকের এ পদক্ষেপ অনুসরণ করছে অন্যান্য দেশের কেন্দ্রীয় ব্যাংকও। এ অবস্থায় অর্থনীতি মন্দায় পড়তে পারে বলেও সতর্ক করে আসছিলেন বিশ্লেষকরা। এমন পরিস্থিতিতে গত শুক্রবার বন্ধ হয়ে যায় যুক্তরাষ্ট্রের সিলিকন ভ্যালি ব্যাংক (এসভিবি)। তিন দিনের মাথায় রোববার নিউইয়র্কভিত্তিক সিগনেচার ব্যাংককেও বন্ধ ঘোষণা করা হয়। এ দুই ব্যাংকের পতন বৈশ্বিক আর্থিক বাজারকে অস্থিরতায় ফেলে দিয়েছে। নিউইয়র্ক থেকে জাপান পর্যন্ত পুঁজিবাজারগুলোয় আর্থিক খাতের শেয়ার নিম্নমুখী। সোমবার পর্যন্ত তিন দিনে বিশ্বজুড়ে আর্থিক স্টকগুলো ৪৬ হাজার ৫০০ কোটি ডলারের বাজারমূল্য হারিয়েছে। এমএসসিআই এশিয়া প্যাসিফিক ফাইন্যান্সিয়াল ইনডেক্স ২ দশমিক ৭ শতাংশ পতন হয়েছে। সূচকটি গত বছরের ২৯ নভেম্বরের পর সর্বনিম্ন। জাপানে মিতসুবিশি ইউএফজে ফাইন্যান্সিয়াল গ্রুপের বাজারদর ৮ দশমিক ৩ শতাংশ কমেছে। দক্ষিণ কোরিয়ার হানা ফাইন্যান্সিয়াল গ্রুপ ৪ দশমিক ৭ শতাংশ এবং অস্ট্রেলিয়ার এএনজেড গ্রুপ হোল্ডিংসের দরে ২ দশমিক ৮ শতাংশ পতন হয়েছে। এ তথ্য এশীয় ঋণদাতা প্রতিষ্ঠানগুলোর ঝুঁকির বিষয়টিও তুলে ধরছে। গতকাল মঙ্গলবার লেনদেনের শুরুতেও স্টকের পতন অব্যাহত ছিল।

ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স জানায়, পরপর দুই ব্যাংক বন্ধের খবরে আমানত নিয়ে উদ্বেগে রয়েছেন মার্কিন নাগরিকরা। এতে ছোট ও আঞ্চলিক ব্যাংকগুলো থেকে আমানত তোলার হিড়িক পড়ে গেছে। পরিবর্তে তাঁরা জেপি মরগান চেজ, ব্যাংক অব আমেরিকা (বিওএ) ও সিটি গ্রুপের মতো বড় ব্যাংকগুলোয় হিসাব স্থানান্তর করছেন। পরিস্থিতি এতটা ভয়াবহ যে বড় ব্যাংকগুলো নতুন হিসাব খোলার প্রক্রিয়া সামলাতে হিমশিম খাচ্ছে। বিওএসহ বড় ঋণদাতারা নতুন হিসাব খোলা এবং হিসাব স্থানান্তরের অনুরোধগুলো সম্পন্ন করার প্রক্রিয়া দ্রুত করতে অতিরিক্ত পদক্ষেপ নিয়েছেন। মার্কিন সরকারের এমন জরুরি ব্যবস্থাগুলো আমানতকারীদের অর্থ তুলে নেওয়ার পদক্ষেপ থেকে বিরত রাখতে পারছে না। আর্থিক খাত স্থিতিশীল করতে জো বাইডেন বলেন, আমেরিকানরা আস্থা রাখতে পারে যে ব্যাংকিং খাত নিরাপদ। যখন আপনার প্রয়োজন হবে, আপনি আমানত তুলতে পারবেন। আমানতকারীরা যাতে অর্থ ফেরত পান, সরকার তা নিশ্চিত করছে। ধসে পড়া সিলিকন ভ্যালি ব্যাংকের আমানতকারীদের জন্য করদাতাদের অর্থ খরচ করা হবে না বলেও জানিয়ে দিয়েছেন তিনি। জো বাইডেন আরও বলেন, আমানতের বিপরীতে ব্যাংকগুলো যে বীমার অর্থ রাখে, সেখান থেকেই গ্রাহকদের আমানত ফেরত দেওয়া হবে। এ সময় তিনি কংগ্রেসের প্রতি আরও কঠোর আইন করার আহ্বান জানান।

ফেডারেল ডিপোজিট ইন্স্যুরেন্স করপোরেশন গত শুক্রবার আড়াই লাখ ডলার পর্যন্ত আমানত সুরক্ষিত করার ঘোষণা দিয়েছে। তবে হিসাবে এ অঙ্কের বেশি থাকা আমানতগুলো ঝুঁকির মধ্যে রয়েছে। যেমন বন্ধ হওয়া এসভিবিতে মোট হিসাবের ৮৫ শতাংশই আড়াই লাখ ডলারের বেশি। যুক্তরাষ্ট্রের অনেক ব্যাংকেই বীমাসীমার ওপরে বিপুল পরিমাণ আমানত রয়েছে। অরক্ষিত এসব আমানতই তুলে নিতে চাচ্ছেন নাগরিকরা। ফলে সবচেয়ে বেশি অস্থিরতায় পড়ছে ছোট ও আঞ্চলিক ব্যাংকগুলো।

এসভিবি পতনের পরিপ্রেক্ষিতে মুডি’স ইনভেস্টর সার্ভিস আরও ছয়টি মার্কিন ব্যাংকের ক্রেডিট রেটিং কমিয়ে দেওয়ার বিষয় পর্যালোচনায় রেখেছে। এর আগে বন্ধ হয়ে যাওয়া সিগনেচার ব্যাংকের রেটিং জাঙ্ক স্ট্যাটাস বা টেরিটরিতে (ঋণ পরিশোধে সবচেয়ে ঝুঁকিপূর্ণ) নামিয়ে আনে প্রতিষ্ঠানটি। রেটিং কমে গেলে ওই প্রতিষ্ঠানের ঋণ নেওয়া কঠিন এবং আরও ব্যয়বহুল হয়ে উঠতে পারে। মুডি’সের পর্যালোচনায় থাকা আর্থিক প্রতিষ্ঠানগুলো হলো— ফার্স রিপাবলিক ব্যাংক, জিয়নস, ওয়েস্টার্ন অ্যালায়েন্স, কমেরিকা, ইউএমবি ফাইন্যান্সিয়াল ও ইনট্রাস্ট ফাইন্যান্সিয়াল। এ খবরের পর সোমবার ব্যাংকগুলোর শেয়ারদর ১২ থেকে ৬০ শতাংশ পর্যন্ত কমে যায়। রেটিং এজেন্সিটি জানিয়েছে, যুক্তরাষ্ট্রের কিছু ব্যাংকের অত্যন্ত ভঙ্গুর তহবিল শর্তাবলি বীমাবিহীন আমানতগুলোর বহিঃপ্রবাহের ঝুঁকি তৈরি করেছে।

সিএনএন জানায়, একের পর এক ব্যাংক বন্ধ ২০০৭-০৮ সালের মন্দার বিষয়টি সামনে এনেছে। ওই সংকটের পুনরাবৃত্তি হওয়ারও আশঙ্কা তৈরি হয়েছে। সে সময় ব্যাংকের সচ্ছলতার প্রতি বিনিয়োগকারীদের অনাস্থা এবং ঋণপ্রাপ্ততা কমে যাওয়ায় মার্কিন পুঁজিবাজারে ধস নেমেছিল। সংকটটি দ্রুতই বিশ্বে ছড়িয়ে পড়ে। এতে বেশ কয়েকটি ব্যাংক বন্ধ হয়ে যায়। ঋণ পাওয়া কঠিন এবং আন্তর্জাতিক বাণিজ্য হ্রাসের কারণে বিশ্ব অর্থনীতিতে স্থবিরতা তৈরি হয়। ২০১১ সালে বিশ্ব অর্থনীতি ওই সংকট কাটিয়ে উঠেছিল। এ সংকটের পর আর্থিক নিয়ন্ত্রণ কঠোর করা হয়েছিল।

তবে সেই পরিস্থিতির চেয়ে এবারের সংকট আলাদা মনে করছেন বেশিরভাগ বিশ্লেষক। ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়া ল স্কুলের করপোরেট ল বিভাগের অধ্যাপক ডেভিড স্কিল মনে করেন, সুদের হার বেড়ে যাওয়ায় অন্য ব্যাংকগুলোও দুর্দশার মধ্যে রয়েছে। তা ছাড়া ব্যাংক বন্ধ হয়ে যাওয়া মানুষকে উদ্বিগ্ন করেছে। তবে এ সংকটে এখনও ২০০৭-০৮ সালের মতো পরিস্থিতি তৈরি হয়নি বলে জানান তিনি।

বিশেষজ্ঞরা বলছেন, যুক্তরাষ্ট্রের আর্থিক খাতের বর্তমান অবস্থা ভালো হলেও আতঙ্ক চ্যালেঞ্জ হয়ে দেখা দিয়েছে। অনাস্থার কারণে আমানতকারীরা অর্থ তুলে নিতে থাকলে সংকট ভয়াবহ হতে পারে। তবে আশার বিষয়, যুক্তরাষ্ট্রে মূল্যস্ফীতির হার কিছুটা ধীর হয়েছে। গতকাল প্রকাশিত তথ্যে দেখা গেছে, ফেব্রুয়ারিতে ভোক্তা মূল্যসূচক এক বছর আগের তুলনায় ৬ শতাংশ বেড়েছে। জানুয়ারিতেও বাড়ার হার ৬ দশমিক ৪ শতাংশ ছিল। ফলে আগামী বৈঠকে ফেডারেল রিজার্ভ সুদের হার বাড়ানো চলমান পদক্ষেপের ইতি টানতে পারে। এটি দেশটির বিনিয়োগকারীদের কিছুটা আশাবাদী করে তুলেছে।

কমনওয়েলথ ফাইন্যান্সিয়াল নেটওয়ার্কের প্রধান বিনিয়োগ কর্মকর্তা ব্র্যাড ম্যাকমিলান বলেন, ২০০৮ সালের তুলনায় পুরো আর্থিক খাতের পদ্ধতি আরও স্বচ্ছ এবং ভিত্তি বেশ শক্তিশালী। ওই সংকটের পর সরকার সমস্যাগুলো চিহ্নিত করে এবং সেগুলো মোকাবিলায় ব্যবস্থাপনা তৈরি করে। তবে এর মানে এই নয় যে, সামনে আর কোনো বিপদ নেই।

একটি নোটে নিউইয়র্কভিত্তিক আর্থিক পরিষেবা প্রতিষ্ঠান ব্ল্যাকরকের বিশ্লেষকরা সতর্ক করেছেন, আমানত স্থানান্তর বা তুলে নেওয়া ব্যাংকিং খাতের শেয়ারহোল্ডারদের জন্য খারাপ খবর। এটি অর্থনীতিতে মন্দার আশঙ্কাকে বাড়িয়ে তুলেছে। এদিকে, বাংলাদেশের ব্যাংক খাতেও মাঝেমধ্যে অস্থিরতা দেখা দেয়। এ অবস্থায় যুক্তরাষ্ট্র থেকে শিক্ষা নিতে পারে বাংলাদেশও। ঢাকায় বিশ্বব্যাংকের সাবেক মুখ্য অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলেন, যে কোনো আর্থিক প্রতিষ্ঠানই বন্ধের মুখে পড়তে পারে। সবচেয়ে বড় বিষয় হলো, ওই প্রতিষ্ঠানের অভিভাবক কী করছেন? তাঁরা তাঁদের দায়িত্ব ঠিকমতো পালন করছেন কিনা। যুক্তরাষ্ট্রে বন্ধ হওয়া ব্যাংক দুটিকে আইনি পদক্ষেপের মধ্য দিয়ে যেতে হবে। পাশাপাশি আমানতকারীদের সুরক্ষিত করা হচ্ছে। আবার দেখেন, আমাদের এখানে যে কোনো ঘটনায় বাজেট থেকে অর্থ দেওয়া হয়। তারা কিন্তু জনগণের করের টাকায় সেটা করবে না। তারা ঠিকই দায়ীদের খুঁজে বের করে আমানতকারীদের অর্থ পরিশোধ করতে বাধ্য করবে। সরকারের এ ধরনের পদক্ষেপ জনগণের আস্থা আরও বাড়িয়ে দেয়। এটাই আমাদের জন্য বড় শিক্ষা।

বাংলাদেশের অনেক ব্যাংকই ঝুঁকির মধ্যে আছে বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেন, এখানে জনগণের আস্থা ধরে রাখাটা খুব বেশি গুরুত্বপূর্ণ। কারণ, আমাদের দেশের কোনো একটি ব্যাংক বন্ধের মুখে পড়লে পুরো ব্যাংকিং ব্যবস্থা ধসে পড়তে পারে। এ জন্য খেলাপি ঋণ কমিয়ে আনা এবং জবাবদিহি নিশ্চিত করা খুব জরুরি। তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্র আমানতকারীদের যেভাবে সুরক্ষার ঘোষণা দিয়েছে, আমাদের কিন্তু সেটা নেই। সেখানে আড়াই লাখ ডলার পর্যন্ত আমানত সুরক্ষা দেওয়া হচ্ছে। অথচ বাংলাদেশে মাত্র দুই লাখ টাকা পর্যন্ত ফেরত পাওয়ার আশা আছে। এটি বাড়ানোরও সময় এসেছে। এসব পদক্ষেপ গ্রাহকদের আস্থা শক্তিশালী করতে পারে।

# নিউ জলপাইগুড়ি ও পাটনার মধ্যে নতুন বন্দে ভারত এক্সপ্রেসের ভার্চুয়ালি সূচনা করবেন মাননীয় প্রধানমন্ত্রী



মালিগাঁও, ১১ মার্চ, ২০২৪: মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে সমগ্র দেশে ১০টি নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করার জন্য প্রস্তুত হয়েছেন। এগুলির মধ্যে নিউ জলপাইগুড়ি ও পাটনার মধ্যে নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনও অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও তিনি ৮৫,০০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক রেলওয়ে প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এই নিউ জলপাইগুড়ি - পাটনা - নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনটি পশ্চিমবঙ্গ ও বিহার সহ সংলগ্ন অঞ্চলগুলির জনগণকে উপকৃত করবে। সুতরাং, নতুন বন্দে ভারত ট্রেনটিকে প্রধানমন্ত্রীর দেশজুড়ে যোগাযোগ উন্নত করার এবং রেলওয়ে যাত্রীদের বিশ্বমানের সুযোগ-সুবিধা প্রদানের একটি পদক্ষেপ হিসেবে বিবেচনা করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী ১২ মার্চ, ২০২৪ তারিখে ভিডিও কনফারেন্সিঙের মাধ্যমে নিউ জলপাইগুড়ি থেকে পাটনা পর্যন্ত নতুন বন্দে ভারত এক্সপ্রেসের উদ্বোধনী পরিষেবার সূচনা করবেন। উদ্বোধনী চলাচলের সময় ট্রেন নং. ০২২৩৩ (নিউ জলপাইগুড়ি-পাটনা) বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনটি নিউ জলপাইগুড়ি থেকে ০৯.০০ ঘণ্টায় রওনা দিয়ে পাটনা জংশনে ১৭.৩০ ঘণ্টায় পৌঁছবে।

নিউ জলপাইগুড়ি-পাটনা-নিউ জলপাইগুড়ি (২২২৩৩/২২২৩৪) বন্দে ভারত এক্সপ্রেসের উভয় দিকের নিয়মিত পরিষেবা শুরু হবে ১৪ মার্চ, ২০২৪ তারিখে তথা বৃহস্পতিবার। ট্রেন নং. ২২২৩৩ (নিউ জলপাইগুড়ি-পাটনা) বন্দে ভারত এক্সপ্রেস নিউ জলপাইগুড়ি থেকে ০৫.১৫ ঘণ্টায় রওনা দিবে এবং একই দিনে ১২.১০ ঘণ্টায় পাটনা জংশনে পৌঁছবে। ফেরত যাত্রার সময়, ট্রেন নং. ২২২৩৪ (পাটনা-নিউ জলপাইগুড়ি) বন্দে ভারত এক্সপ্রেস পাটনা জং. থেকে ১৩.০০ ঘণ্টায় রওনা দিবে এবং একই দিনে ২০.০০ ঘণ্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছবে। ট্রেন দুটি উভয় দিক থেকে নিজের গন্তব্যস্থলে যাওয়ার জন্য সপ্তাহে ছয়দিন কিষানগঞ্জ ও কাটিহার হয়ে চলাচল করবে।

দুটি ট্রেনই নিজেদের গন্তব্যস্থলে পৌঁছবে আনুমানিক সাত ঘণ্টার মধ্যে, উভয় দিক থেকেই ৪৭১ কিমি দূরত্ব অতিক্রম করবে। ট্রেনটিতে ৫৩০টি সিটিং ক্যাপাসিটি সহ ০৮টি কোচ থাকবে। একটি এগজিকিউটিভ ক্লাস, পাঁচটি চেয়ার কার এবং দুটি ড্রাইভার ট্রেইল কোচ থাকবে। নিউ জলপাইগুড়ি-পাটনা জং.-এর মধ্যে ট্রেন ভ্রমণের ভাড়া ক্যাটারিং মাসুল ছাড়া এগজিকিউটিভ ক্লাসের জন্য ২০৮০ টাকা, চেয়ার কারের জন্য ১০৪০ টাকা এবং ক্যাটারিং মাসুল সহ যথাক্রমে ২২৫০ টাকা ও ১১৮০ টাকা হবে।

বিহার ও উত্তরবঙ্গের মধ্যে এই অত্যাধুনিক বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনটির ফলে বিশেষভাবে উভয় রাজ্যের জনগণ বর্ধিত গতি ও স্বাচ্ছন্দ্যের সাথে এক্সপ্রেস রেলের মাধ্যমে ভ্রমণের অভিজ্ঞতা লাভ করতে সক্ষম হবেন।

যেহেতু এই সেমি হাই স্পিড ট্রেনটি সমস্ত ধরনের বিশ্বমানের আধুনিক সুযোগ-সুবিধাযুক্ত, তাই যাত্রীরা নিজেদের ভ্রমণের সময় এই পার্থক্য ভালোভাবেই অনুভব করতে পারবেন।

## মমতাকে তাঁর ‘বহিরাগত’ তত্ব নিয়ে এক্স হ্যান্ডলে কটাক্ষ অমিত মালব্যর

কলকাতা, ১১ মার্চ, (হি.স.) : ‘‘আজ বাংলা থেকে দিল্লি, জনগণের সম্মিলিত গর্জনে জমিদাররা ভয়ে কাঁপছে’’। সমাবেশে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের এই উক্তি যুক্ত করে তোপ দাগলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

শুভেন্দুবাবু সোমবার এক্স হ্যান্ডলে লিখেছেন, “আপনার প্রার্থীদের নির্বাচন সম্পূর্ণ ভিন্ন গল্প বলে! উপযুক্ত বাঙালি প্রার্থী খুঁজে পেতে আপনার অক্ষমতা, ইঙ্গিত দেয় যে যারা তাঁদের রাজনৈতিক ভবিষ্যত এবং বিজয়ী হওয়ার সম্ভাবনা নিয়ে উদ্বিগ্ন, তাঁরা অবশ্যই আপনার প্রস্তাব প্রত্যাখ্যান করেছে।

তাই আপনাকে ”বহিরাগতদের” প্রলুব্ধ করতে হয়েছিল। তাঁরা স্থল বাস্তবতা সম্পর্কে অবগত নন। এছাড়াও, হামলা করা ছাড়া ইউএসপি হিসাবে আর কিছুই নেই, এমন কিছু দুর্বলকে প্রার্থী করে, আপনি আক্ষরিক অর্থে রাজ্য বিজেপি প্রার্থীদের ওয়াকওভার দিয়েছেন। দেখা যাক আগামী মাস দুয়ের মধ্যে কার বিসর্জন হয়।”

## আয়কর মামলায় আদালতে কংগ্রেস, দ্রুত শুনানির আর্জি

নয়াদিল্লি, ১১ মার্চ (হি. স.): লোকসভা ভোটের আগে দলের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত অস্বস্তি কাটাতে মরিয়া কংগ্রেস। আয়কর সংক্রান্ত মামলায় কংগ্রেসের দ্রুত শুনানির দাবি মানল দিল্লি হাইকোর্ট। আদালতের নির্দেশে সোমবারই মামলার শুনানি।

গত ১৬ ফেব্রুয়ারি কংগ্রেসের প্রধান ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করে দেয় আয়কর দফতর। প্রথমে এর বিরুদ্ধে আয়কর ট্রাইব্যুনালে আবেদন করছিল কংগ্রেস। ট্রাইব্যুনাল প্রাথমিকভাবে কংগ্রেসের সব অ্যাকাউন্ট খুলে দেওয়ার নির্দেশ দেয়। কিন্তু চূড়ান্ত রায়ে জানায়, কংগ্রেসের যে কর বকেয়া আছে, সেটা দিতেই হবে। এই অবস্থায় দিল্লি হাইকোর্টে আয়কর ট্রাইব্যুনালের বিরুদ্ধে মামলা করেছে কংগ্রেস। মামলার দ্রুত শুনানিরও দাবি জানানো হয়েছিল।

## অস্ট্রেলিয়ায় রহস্যমৃত্যু ভারতীয় মহিলার, পলাতক স্বামী

হায়দরাবাদ, ১১ মার্চ (হি. স.): অস্ট্রেলিয়ায় রহস্যমৃত্যু ভারতীয় মহিলার। জানা গিয়েছে, রাস্তার একটি ডাস্টবিন থেকে উদ্ধার হয়েছে মহিলার দেহ। মৃতের নাম চৈতন্য মাধগনি। তাঁর স্বামীর বিরুদ্ধে খুনের অভিযোগ উঠেছে।

ভিক্টোরিয়া পুলিশ একটি বিবৃতিতে জানিয়েছে, ”"শনিবার উইনচেলসির কাছে বাকলেতে একটি মৃতদেহ উদ্ধার হয়েছে। অভিযুক্তের খোঁজে তদন্তে শুরু হয়েছে।"” পুলিশ সূত্রে খবর, মৃতার স্বামী তাঁদের ছেলেকে নিয়ে ভারতে পালিয়ে এসেছে।

জানা গেছে, ওই যুবতী আদতে হায়দরাবাদের বাসিন্দা। বিয়ের পর স্বামীর সঙ্গে অস্ট্রেলিয়ায় গিয়ে বসবাস শুরু করেন। তাদের এক পুত্র সন্তানও রয়েছে। হায়দরাবাদের উপ্পলের বিধায়ক ভান্ডারি লক্ষ্মী রেড্ডি মৃত মহিলার মরদেহ দেশে ফিরিয়ে আনার জন্য বিদেশ মন্ত্রককের কাছে আবেদন করেছেন।

## ট্রাকে স্টোভ ফেটে ভয়াবহ বিস্ফোরণ দুর্গাপুরে

দুর্গাপুর, ১১ মার্চ (হি. স.) : দুর্গাপুরের কাছে উখড়া-হরিপুর রোডের শীতলপুর মোড় এলাকায় ট্রাক দাঁড় করিয়ে তার কেবিনের ভিতরেই চলছিল রান্নাবান্না। আর তখনই স্টোভ ফেটে ট্রাকে আগুন লেগে যায়। সোমবার দুপুরে অগ্নিকাণ্ডের ঘটনায় ট্রাক চালক, খালাসি-সহ আহত হন তিনজন। চিকিৎসার জন্য আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায় পুলিশ।

জানা যাচ্ছে, এদিন দুপুর ১২টা নাগাদ উখরা-হরিপুর রোডের শীতলপুর মোড়ে দাঁড়িয়ে থাকা একটি ট্রাকে আচমকাই আগুন লাগে। আহত হন চালক, খালাসি-সহ তিনজন। ট্রাকের কেবিনে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। অগ্নিশিখার পাশাপাশি কালো ধোঁয়ায় ঢেকে যায় চারপাশ। আগুন নেভানোর কাজে হাত লাগান স্থানীয় ও দাঁড়িয়ে থাকা অন্যান্য ট্রাকের ড্রাইভার, খালাসিরা। তাঁদের প্রচেষ্টাতেই বেশ কিছুক্ষণ পর আগুন নিয়ন্ত্রণে আসে। ঘটনাটি ঘিরে এলাকায় ছড়ায় আতঙ্ক। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ। আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য প্রথমে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়। পরে স্থানান্তরিত করা হয় অন্ডাল মোড়ের কাছে একটি হাসপাতালে।

## সুভাষ যাদবের প্রায় ২.৩৭ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত ইডির

নয়াদিল্লি, ১১ মার্চ (হি.স.) : এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) সোমবার অভিযান চালিয়ে সুভাষ যাদবের প্রায় ২.৩৭ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে। পাটনায় অবৈধ বালি খনন এবং বালি বিক্রি সংক্রান্ত একটি মামলায় অভিযুক্ত সুভাষ যাদব এবং তাঁর ঘনিষ্ঠ সহযোগীদের কাছ থেকে প্রায় ২.৩৭ কোটি টাকা উদ্ধার করেছে ইডির আধিকারিকরা। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সোমবার একটি বিবৃতি জারি করে এই তথ্য জানিয়েছে। জানা গিয়েছে, পাটনায় সুভাষ যাদব এবং তাঁর ঘনিষ্ঠ সহযোগীদের ৬টি স্থানে অভিযানে প্রায় ২.৩৭ কোটি টাকার নগদ উদ্ধার করা হয়েছে। ইডি প্রিভেনশন অফ মানি লন্ডারিং অ্যাক্ট, (পিএমএলএ) ২০০২-এর অধীনে এই অভিযান চালিয়েছিল। তদন্তকারী সংস্থা জানিয়েছে যে এই তল্লাশি অভিযানের সময় সুভাষ যাদবের একজন কর্মচারী এবং ঘনিষ্ঠ সহযোগীদের ঠিকানা থেকে ডিজিটাল সরঞ্জাম বাজেয়াপ্ত করা হয়েছে। সেই সঙ্গে গ্রেফতার করা হয়েছে সুভাষ যাদবকে। আরও জানা গিয়েছে যে সুভাষ যাদবকে ১০ মার্চ পাটনার বিশেষ পিএমএলএ আদালতে হাজির করানো হয়েছিল, সেখান থেকে তাঁকে ২২ মার্চ পর্যন্ত বিচারবিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে।

## নিয়োগ মামলায় দ্রুত বিচার শুরু করতে চায় হাই কোর্ট

কলকাতা, ১১ মার্চ (হি.স.) : যাঁরা দুর্নীতিগ্রস্ত, তাঁদের দ্রুত সাজা দেওয়া প্রয়োজন। তা না হলে বিচারব্যবস্থা অর্থহীন হয়ে পড়বে। নিয়োগ মামলার শুনানিতে এমনটাই মন্তব্য করলেন কলকাতা হাই কোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী।

দ্রুত বিচার প্রক্রিয়া শুরুর বন্দোবস্ত করার জন্য সিবিআইকে নির্দেশ দিয়েছেন তিনি। তিন সপ্তাহের মধ্যে আদালতে রিপোর্ট জমা দিতে হবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে। হাই কোর্টে নিয়োগ মামলায় ধৃত কুন্তল ঘোষ এবং নীলাদ্রি সাহার জামিনের আবেদনের শুনানি ছিল সোমবার। তাঁদের জামিনের আর্জি এখনই মঞ্জুর করা হয়নি। ওই সংক্রান্ত রিপোর্ট সিবিআইয়ের কাছ থেকে চেয়েছে আদালত।

বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি অজয়কুমার গুপ্তের ডিভিশন বেঞ্চ জানিয়েছে, তিন সপ্তাহ পরে এই মামলার পরবর্তী শুনানি হবে। তার মধ্যে সিবিআইকে ওই দুই অভিযুক্তের বিরুদ্ধে তদন্তের রিপোর্ট আদালতে জমা দিতে হবে।

## লোকসভা ভোটে চাহিদা বাড়বে হেলিকপ্টারের

নয়াদিল্লি, ১১ মার্চ (হি. স.) : লোকসভা ভোটের আগে প্রতিবারই চাহিদা বৃদ্ধি পায় চার্টার্ড প্লেন এবং হেলিকপ্টারের। যানজট এড়িয়ে নির্দিষ্ট গন্তব্যে সঠিক সময়ে পৌঁছতে চার্টার্ড প্লেন বা হেলকপ্টারের বিকল্প নেই। পাশাপাশি প্রত্যন্ত গ্রামীণ অঞ্চলেও পৌঁছতেও এর ওপরেই ভরসা রাখেন নেতা-নেত্রীরা। এবছর লোকসভা নির্বাচনে চার্টার্ড প্লেন এবং হেলিকপ্টারের চাহিদা গত নির্বাচনের তুলনায় প্রায় ৪০ শতাংশ বৃদ্ধি পাবে বলে বিশেষজ্ঞরা মনে করছেন।

বেসরকারী সংস্থা ক্লাব ওয়ান এয়ারের সিইও রাজন মেহরা জানিয়েছেন, ব্যক্তিগত বিমানের চাহিদা দ্রুত বাড়বে।

## নিজাম প্যালেসে হাজির ‘শাহজাহান’ঘনিষ্ঠ জিয়াউদ্দিন

কলকাতা, ১১ মার্চ (হি.স.) : শেখ শাহজাহানকে নিজেদের হেফাজতে পাওয়ার পর তাঁর ‘ঘনিষ্ঠ’ জিয়াউদ্দিন মোল্লাকে ডেকে পাঠাল সিবিআই। সোমবার তিনি নিজাম প্যালেসে হাজির হন। সঙ্গে ছিলেন তাঁর আইনজীবীরাও।

শুধু জিয়াউদ্দিন নয়, তাঁর সঙ্গে আরও সাত জনকে তলব করেছে সিবিাই। আগামী ১৪ তারিখের মধ্যে তাদের নিজাম প্যালেসে হাজির হতে বলা হয়েছে। এরা সকলেই শাহজাহান ঘনিষ্ঠ বলেই দাবি সূত্রের।

সিবিআই সূত্রে জানা গিয়েছে, জিয়াউদ্দিন মোল্লাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। নিজাম প্যালেসের ১৩ তলায় সিবিআই-এর দুর্নীতি দমন শাখার গোয়েন্দারা তাঁকে জিজ্ঞাসাবাদ করেন।

জিয়াউদ্দিন মোল্লা সন্দেশখালির পঞ্চায়েত প্রধান। এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের ডেপুটি ডিরেক্টর গৌরব ভরিল ইতিমধ্যেই নিজাম প্যালেসে এসে নিজের বয়ান রেকর্ড করে গিয়েছেন। এবার সেই বয়ানের ভিত্তিতে এই জিয়াউদ্দিন মোল্লাকে ডেকে পাঠায় সিবিআই। জিয়াউদ্দিন মোল্লাকে টানা জিজ্ঞাসাবাদ করে সিবিআই আধিকারিকরা ।

সিবিআই-এর অভিযোগ যখন এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের গোয়েন্দারা গত ৫ জানুয়ারি শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি চলছিল তখন এই জিয়াউদ্দিন মোল্লার নেতৃত্বে বহিরাগত প্রচুর মানুষ শাহজাহানের বাড়ির সামনে জড়ো হয়েছিল।

অভিযোগ, তল্লাশির সময় জিয়াউদ্দিন মোল্লা প্রশ্ন তুলছিলেন, কেন ইডি বা সিবিআই বিনা নোটিসে শেখ শাহজাহানের বাড়িতে এসে তল্লাশি অভিযান চালাবে?

জিয়াউদ্দিন মোল্লার সঙ্গে আর কোন কোন প্রভাবশালী যোগ রয়েছে, কেন তারা ৫ জানুয়ারি শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি অভিযান চালাতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার গোয়েন্দাদের বাধা দিয়েছিলেন, তা জানার চেষ্টা করছে সিবিআই গোয়েন্দারা ।

## বসিরহাটের তৃণমূলের প্রার্থীকে প্রকাশ্যে ‘অপরাধী’-র তকমা অমিতের

কলকাতা, ১১ মার্চ, (হি.স.): বসিরহাটের তৃণমূলের প্রার্থী হাজি নুরুল ইসলামকে প্রকাশ্যে তাঁর ছবি-সহ ‘অপরাধী’-র তকমা দিলেন বিজেপি-র তরফে পশ্চিমবঙ্গের সহ পর্যবেক্ষক অমিত মালব্য।

অমিতবাবু সোমবার এক্স হ্যান্ডলে লিখেছেন, “সম্ভবত বসিরহাট থেকে শেখ শাহজাহানকে প্রার্থী করতে চেয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সন্দেশখালী এর অংশ। এটিও ব্যাখ্যা করে যে কেন তিনি প্রায় দুই মাস ধরে তার পা ধরে রেখেছিলেন। কিন্তু এখন শাহজাহান সিবিআই হেফাজতে থাকায়, বসিরহাট থেকে তৃণমূলের প্রার্থী সমান অপরাধী হাজি নুরুল ইসলামকে মাঠে নামানো হয়েছে। ২০১০-এর ৬ই সেপ্টেম্বর, দেগঙ্গা দাঙ্গার মূল হোতা নুরুল ৫০০ জনের একটি জনতার নেতৃত্বে হিন্দুদের দোকান ও সম্পত্তি পুড়িয়ে দেয়, বাসে আগুন দেয়। কারণ, তিনি স্থানীয় দুর্গাপূজা বন্ধ করতে চেয়েছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার হিন্দুদের লাঞ্ছিত ও ভয় দেখানোর জন্য যা করা দরকার তাই করবেন।”

## কবে মাঠে নামতে পারবেন সূর্য ?

মুম্বই, ১১ মার্চ (হি.স.) : সেই দক্ষিণ আফ্রিকা সফরে বাঁ পায়ে চোট পেয়ে মাঠের বাইরে রয়েছেন। এরমধ্যেই তার বাঁ পায়ে অস্ত্রোপচার হয়েছে। এখন তাঁকে নিয়ে প্রশ্ন উঠেছে তিনি কি এবার আইপিএলে মুম্বইয়ের হয়ে খেলতে পারবেন ? অবশেষে তাঁর ভক্ত সমর্থকদের ধোঁয়াশা মেটালেন মারকুটে এই তারকা ব্যাটসম্যান। ইনস্টাগ্রামে সোমবার সূর্য লিখেছেন, ‘আমি মনে করছি আমাকে নিয়ে কোথাও একটা ভুল বোঝাবুঝি হচ্ছে। যাঁরা আমার ব্যাপারটা জানেন না তাঁদের

## জোট ভেস্তে যাওয়ার জন্য কংগ্রেসকেই ফের দুষল তৃণমূল

কলকাতা, ১১ মার্চ (হি.স.): জোট ভেস্তে যাওয়ার কারণ হিসেবে কংগ্রেসকেই কার্যত তুলোধোনা করল কংগ্রেস। সোমবার তৃণমূল ভবন থেকে রাজ্যসভার সাংসদ সুখেন্দুশেখর রায় জোট ভেস্তে যাওয়ার জন্য কংগ্রেসকেই দুষলেন। তাঁর অভিযোগ, ”একদিকে আইএনডিএ জোটের কথা বলবে, তৃণমূল, মমতা বন্দ্যোপাধ্যায়কে গুরুত্ব দেওয়ার কথা বলবে। আবার অধীর চৌধুরীর মতো নেতারা লাগাতার মমতা বন্দ্যোপাধ্যায়কে আক্রমণ করবেন, সমালোচনা করবেন, এ তো হতে পারে না।”

চব্বিশের লোকসভা নির্বাচনে কেন্দ্র থেকে বিজেপিকে হঠাতে অ-বিজেপি দলগুলি একত্রে আইএনডিআই জোট গড়েছিল। যার মূল উদ্যোক্তা ছিলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। লড়াইয়ের মূল মন্ত্রও বেঁধে দিয়েছিলেন তিনি।

বলেছিলেন, যে রাজ্যে যে আঞ্চলিক দল শক্তিশালী, সেখানকার লড়াইয়ে তাঁদেরই অগ্রাধিকার দিতে হবে। সেই হিসেবমতো এ রাজ্যে কংগ্রেসকে ২ থেকে ৩ টি আসন ছাড়তে রাজি ছিল তৃণমূল। যার মধ্যে একটি ছিল অধীরগড় — বহরমপুর।

জাতীয় স্তরে কংগ্রেস নেতাদের হাজার আলাপ-আলোচনা সত্ত্বেও মমতা বন্দ্যোপাধ্যায়কে সিদ্ধান্ত থেকে টলানো যায়নি।

যদিও কংগ্রেস এতে সন্তুষ্ট ছিল না। ফলে আসন সমঝোতা নিয়ে টালবাহানায় শেষমেশ জোটই গিয়েছে ভেস্তে। এনিয়ে রবিবারই কংগ্রেসের বর্ষীয়ান নেতা জয়রাম রমেশ আক্ষেপ করেছিলেন, অপেক্ষা না করে একতরফা প্রার্থী তালিকা ঘোষণা করে দিল তৃণমূল!

## লোকসভা ভোটে বেসরকারি গাড়ির ভাড়া বাড়াল সরকার

কলকাতা, ১১ মার্চ (হি.স.) : ভোটের কাজের জন্য গাড়ি ভাড়া নেওয়ার প্রস্তুতি শুরু হয়ে গেল এই রাজ্যে। কোন গাড়ি কত টাকায় ভাড়া নেওয়া হবে, তা বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দিল রাজ্য সরকার।

জানা গিয়েছে, গত বারের নির্বাচনের তুলনায় এ বারে ভোটে গাড়ি ভাড়া ১০ শতাংশ বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি গাড়ির সঙ্গে থাকা চালক এবং খালাসিদের জন্য খোরাকিও বৃদ্ধি করা হয়েছে ২৫ শতাংশ। এ বার দিনপিছু সাধারণ বাসের ভাড়া ২৫৩০ টাকা রাখা হয়েছে। মিনি বাসের জন্য ভাড়া ঠিক করা হয়েছে ২০৯০ টাকা। এ ছাড়াও ছোট যাত্রিবাহী গাড়ির (চালক-সহ সাতজন যাত্রী) ভাড়া রাখা হয়েছে ৮৯০ টাকা। পাশাপাশি এ বছর নির্বাচনে ছোট, বড় ‘ম্যাক্সি ক্যাব’ নেওয়া হচ্ছে।

ছোট ‘ম্যাক্সি ক্যাব’-এর ভাড়া ১৩১০ টাকা এবং বড় ‘ম্যাক্সি ক্যাব’-এর ভাড়া ১৫৬০ টাকা নির্ধারিত করা হয়েছে। সেই সঙ্গে অনেক ভারী গাড়িও ব্যবহার করা হবে নির্বাচনে। ট্র্যাক্টর, অটো, ই-অটোও থাকবে নির্বাচনের কাজে। সেই সব যানের জন্য ভাড়া স্থির করা হয়েছে যথাক্রমে ১৩২০ টাকা, ৫০০ টাকা, ৭৭০ টাকা। নন এসি গাড়ি পাশাপাশি কিছু এসি গাড়িও ভাড়া করা হবে বলে জানানো হয়েছে সরকারের তরফে।

এখনও নির্বাচনের দিন ঘোষণা না হলেও ভোটের বাদ্যি বেজে গিয়েছে দেশ জুড়ে। ইতিমধ্যেই পরিস্থিতি খতিয়ে দেখতে পশ্চিমবঙ্গে ঘুরে গিয়েছে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ। বিভিন্ন রকম যান ভাড়া নিলে এ বার মালিকদের কত টাকা করে দেবে কমিশন, তা স্থির করে দিল সরকার।

## তফসিলি জাতি ও উপজাতিভুক্তদের মন জয়ের চেষ্টায় বৈঠকে অভিষেক

কলকাতা, ১১ মার্চ (হি.স.) : তফসিলি জাতি ও উপজাতিভুক্তদের ভোট। তাঁদের মন জয় করতে ঠিক কী কৌশল নেওয়া হবে, তা ঠিক করতে বৈঠকে বসতে চলেছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার নজরুল মঞ্চে বৈঠক করবেন বলেই জানা গিয়েছে।

শুধুমাত্র উত্তরবঙ্গের তফসিলি জাতি, উপজাতিভুক্তরা আগামিকালের বৈঠকে থাকবেন না। বাকিরা থাকবেন সকলেই। কারণ, আগামী ১৪ মার্চ জলপাইগুড়ি যাচ্ছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেখানে একটি বৈঠক করবেন তিনি। ওই বৈঠকেই থাকবেন উত্তরবঙ্গের তফসিলি প্রার্থীরা। মঙ্গলবারের বৈঠকে প্রতি ব্লক থেকে কমপক্ষে ৫-৭ জন এসসি, এসটি এবং ওবিসি প্রতিনিধিরাও থাকবেন। তৃণমূলের প্রার্থী তালিকায় রয়েছেন তফসিলি জাতিভুক্ত ১০ জন। তাঁরা হলেন কোচবিহারের জগদীশচন্দ্র বসুনিয়া, জলপাইগুড়ির নির্মলচন্দ্র রায়, রানাঘাটের মুকুটমণি অধিকারী, জয়নগরের প্রতিমা মণ্ডল, মথুরাপুরের বাপি হালদার, আরামবাগের মিতালী বাগ, বাঁকুড়ার বিষ্ণুপুরের সুজাতা মণ্ডল, বর্ধমান পূর্বের ডঃ শর্মিলা সরকার, বোলপুরের অসিত কুমার মাল এবং বনগাঁর বিশ্বজিৎ দাস। তফসিলি উপজাতিভুক্ত ৩ জন হলেন আলিপুরদুয়ারের প্রকাশচিক বরাইক, দার্জিলিংয়ের গোপাল লামা এবং ঝাড়গ্রামের কালীপদ সোরেন। সদ্য টিকিট পাওয়া কাঁথির উত্তম বারিক এবং পুরুলিয়ার শান্তিরাম মাহাতো অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত।

## “সুন্দর মানুষ দেখে আর ভোট দেবে না“, জুনকে কটাক্ষ দিলীপ ঘোষের

পশ্চিম মেদিনীপুর, ১১ মার্চ, (হি.স.) : মেদিনীপুর লোকসভা কেন্দ্র থেকে জুন মালিয়াকে প্রার্থী করেছে তৃণমূল। এই কেন্দ্র থেকে এখনও প্রার্থী ঘোষণা করেনি বিজেপি।

তবে জোর জল্পনা, সংশ্লিষ্ট কেন্দ্রের বর্তমান সাংসদ দিলীপ ঘোষের উপর ভরসা রাখতে পারে গেরুয়া শিবির।

এদিকে মেদিনীপুর থেকে বিধানসভা নির্বাচনে লড়াই করেছিলেন জুন মালিয়া। দলনেত্রীর ভরসা অটুট রেখে জয়ীও হয়েছিলেন।

স্থানীয় রাজনৈতিক মহলের কথায়, জুন মালিয়া জয়ের পরেও নিজের কেন্দ্রের একাধিক অংশে নিয়মিত জনসংযোগ করেছেন।

একইসঙ্গে অভিনেত্রী হিসেবে তাঁর আলাদা একটি জনপ্রিয়তাও রয়েছে। ফলে জুন মালিকা প্রতিপক্ষের কাছে অন্যতম চ্যালেঞ্জ হয়ে দাঁড়াবে বলেই মনে করছে রাজ্য রাজনৈতিক মহলের একাংশ।

সোমবার, জুন মালিয়াকে শুভেচ্ছা জানিয়েও স্বভাবসুলভ ভঙ্গিমায় কটাক্ষ করতে শোনা গেল বিজেপি নেতা দিলীপ ঘোষকে। তিনি বলেন, ‘ ওই রকম সুন্দর মানুষ দেখে আর ভোট দেবে না। সেই অভিজ্ঞতা মানুষের ভালো নয়।’

## রাজস্থানের চুরু থেকে কংগ্রেসে যোগদান বিজেপি সাংসদ রাহুল কাসওয়ানের

নয়াদিল্লি, ১১ মার্চ (হি.স.) : রাজস্থানের চুরু থেকে ভারতীয় জনতা পার্টির সাংসদ রাহুল কাসওয়ান সোমবার কংগ্রেস দলে যোগদান করেন। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের উপস্থিতিতে তিনি এদিন কংগ্রেসে যোগ দেন। বিজেপি থেকে টিকিট না পেয়ে অত্যন্ত ক্ষুব্ধ রাহুল। এবার তিনি কংগ্রেসের টিকিটে চুরু থেকে লোকসভা নির্বাচনে লড়বেন।

কংগ্রেস দলে যোগদানের পর রাহুল কাসওয়ান সোমবার বলেন, তিনি তাঁর সংসদীয় এলাকার জনগণের কথা ভেবেই এদিন কংগ্রেসে যোগ দিয়েছেন। বিজেপি সরকার ক্রমাগত কৃষকদের কথা উপেক্ষা করছে। অনেক বিষয় আছে, যেগুলি বিবেচনা করে তিনি কংগ্রেস পরিবারের সঙ্গে যুক্ত হয়েছেন। কংগ্রেসে থেকে তিনি জনস্বার্থে কাজ করে যাবেন বলে সাংবাদিকদের জানান। রাজ্য কংগ্রেস সভাপতি গোবিন্দ সিং দোতাসারা বলেছেন যে, রাজস্থান সহ গোটা দেশ বিজেপির ভুল নীতিতে বিপর্যস্ত। একজন কৃষকের ছেলেকেও কৃষকদের জন্য প্রতিবাদ জানাতে বাধা দিয়েছে বিজেপি সরকার। কংগ্রেস পার্টির আদর্শকে মেনে নিয়ে এবং রাহুল গান্ধীর দ্বারা প্রভাবিত হয়ে এদিন রাহুল কাসওয়ান কংগ্রেসে যোগ দিয়েছেন। উল্লেখ্য, রাহুল কাসওয়ান ২০১৪ এবং ২০১৯ সালে চুরু থেকে জিতেছিলেন। এবার তাঁকে টিকিট দেয়নি বিজেপি। তাতেই তিনি ক্ষুব্ধ হয়েছেন।

## বর্তমান সরকারের উন্নয়ন দেখে কংগ্রেস ও তাদের সহযোগীদের ঘুম চলে গিয়েছে : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১১ মার্চ (হি.স.) : বর্তমান সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ড দেখে কংগ্রেস ও তাঁদের অহংকারী জোটের ঘুম চলে গিয়েছে, সোমবার এই মন্তব্য করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন মোদী হরিয়ানার গুরুগ্রামে আয়োজিত একটি অনুষ্ঠানে একথা বলেন।

সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হরিয়ানার গুরুগ্রামে আয়োজিত একটি অনুষ্ঠানে ১ লক্ষ কোটি টাকার ১১২টি জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই অনুষ্ঠানে মোদী বলেন, এখনও পর্যন্ত ২০২৪ সালে ১০ লক্ষ কোটি টাকার প্রকল্পগুলির উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। এর মধ্যে ন্যাশনাল হাইওয়ে ৪৮-এ দিল্লি এবং গুরুগ্রামের মধ্যে বহু প্রতীক্ষিত দ্বারকা এক্সপ্রেসওয়ের হরিয়ানার অংশও রয়েছে। তিনি আরও বলেন, বর্তমান সরকারের উন্নয়ন কর্মকাণ্ড দেখে কংগ্রেস ও তাঁদের অহংকারী জোট “আইএনডিআই”-এর ঘুম চলে গিয়েছে।

“আইএনডিআই”-জোটকে নিশানা করে প্রধানমন্ত্রী বলেন, “কেবল কংগ্রেস এবং তাঁর অহংকারী জোটই দেশের লক্ষ কোটি টাকার উন্নয়নমূলক কাজ নিয়ে সবচেয়ে বড় সমস্যায় পড়েছে।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## দুধ চায়ের বদলে রোজ লিকার চা খান?



দুধ চা খাওয়া স্বাস্থ্যের পক্ষে উপযুক্ত নয়। তাই, সকাল-বিকেল যখনই চা পান করেন, তখন শুধুই কালো চা বা লিকার চা খাওয়ার অভ্যেস তৈরি করেছেন অনেকেই। ব্ল্যাক টি হল পানীয় জলের পর বিশ্বের সবচেয়ে বেশি খাওয়া পানীয়ের মধ্যে অন্তর্গত। ক্যামেলিয়া সিনেনসিস উদ্ভিদের পাতা দিয়ে তৈরি বিভিন্ন স্বাদের জন্য অন্যান্য গাছের সঙ্গে মিশিয়ে তা অতুলনীয় করে তোলা হয়।

তবে ব্ল্যাক টি তুলনামূলকভাবে অন্যান্য চায়ের থেকে শক্তিশালী গন্ধ ও বেশি মাত্রায় ক্যাফেইন থাকে। তবে এর রয়েছে স্বাস্থ্যকর কিছু উপকারিতা। এতে রয়েছে পর্যাপ্ত পরিমাণে অ্যান্টি-অক্সিডেন্ট যা স্বাস্থ্যের জন্যভাল। তবে অনেকেই ব্ল্যাক টি স্বাস্থ্যকর মনে করে দিনে বহুবার পান করেন। অতিরিক্ত পান করলে স্বাস্থ্যের জন্য তা একেবারেই ঠিক নয়। হতে পারে গুরুকর সমস্যা।

ব্ল্যাক টি-এর পার্শ্বপ্রতিক্রিয়া

স্বাস্থ্য বিশেষজ্ঞের মতে, অল্প পরিমাণে কালো চা পান করা সবসময়ই উচিত। প্রতিদিন প্রায় ৪ কাপ ব্ল্যাক টি খেলে তা মানুষের জন্য নিরাপদ। কিন্তু তার বেশি ও ঘণ্টায় ঘণ্টায় যদি চা পানের নেশা থাকে তাহলে তা সত্যিই চিন্তার বিষয়। এর কারণ অতিরিক্ত কালো চা খেলে শরীরের মধ্যে প্রচুর পরিমাণে ক্যাফেইন প্রবেশ করে, যা একেবারেই নিরাপদ নয়। এছাড়া পার্শ্ব প্রতিক্রিয়াগুলি হালকা থেকে গুরুতর হতে পারে। এতে মাথাব্যথা , হার্টরেটে গণ্ডগোল ও কার্ডিওভাসকুলার রোগের প্রবণতা তৈরি হয়। তাই ব্ল্যাক টি খাওয়ার আগে দুবার ভাবনা চিন্তা করা উচিত। কালো চায়ে রয়েছে ট্যানিন যার কারণে লালচে ও বাদামি রঙের লিকার হয়ে থাকে। এর স্বাদ বেশ কষা ও তেতো প্রকৃতির হয়ে থাকে। ট্যানিন হল গাছের বৃদ্ধি ও পুষ্টির জন্য ভাল, কিন্তু আপনি যদি দিনে ১০ বার ব্ল্যাক টি পান করেন তাহলে শরীরে মারাত্মকভাবে আয়রন প্রবেশ করে। যার ফলে শরীরের ভিতর কষে যেতে পারে। আয়রনের ঘাটতিতে রক্তাল্পতার কারণ হতে পারে। ফুসফুস ও হৃদপিণ্ডে প্রভাব পড়ে তাতে। অস্বাভাবিকভাবে দ্রুত হৃদস্পন্দন, হার্ট ফেলিওর হওয়ার সম্ভাবনা বেড়ে যায়। এমনকি পর্যাপ্ত পরিমাণে রক্ত পাম্প করতেও অক্ষম হয়ে পড়ে মানুষ।

ব্ল্যাক টি নিয়মিত অতিরিক্ত মাত্রায় পান করা হয় তাহলে তা হজমের সঙ্গে গুরুতর সমস্যা তৈরি হতে পারে। পেটে ব্যথা, গ্যাসের সমস্যা, বমি বমি ভাব ও বমি হতে পারে, এছাড়া গ্যাস্ট্রোইনটেস্টাইনালের সমস্যাও বেড়ে যেতে পারে।

বিষাক্ত ক্যাফেইন স্বাস্থ্য বিশেষতজ্ঞদের মতে, খুব বেশি পরিমাণে ব্ল্যাক টি বা ১০ গ্রামের বেশি ক্যাফেইনযুক্ত কালো চা পান করা হয় তা শরীরের জন্য মারাত্মক হতে পারে। কমপক্ষে ৪ আউন্স ব্ল্যাক টি-তে ৪২ মিলিগ্রাম- ৭৯ মিলিগ্রাম ক্যাফেইন থাকে। গ্রিন টি-র তুলনায় মাঝারি মাত্রায় থাকে। তবে অত্যাধিক মাত্রায় চা পান করলে অস্বাভাবিকরকমভাবে পটাসিয়ামের মাত্রা কমে গিয়ে স্বাস্থ্যের ক্ষতি করে তুলতে পারে। এমনকি শরীরে বিষক্রিয়াও হতে পারে।

অতিরিক্ত ক্যাফেইন কম্পন, নার্ভাসনেস, মাথাব্যথা, ধড়ফড় ও অনিদ্রার মতো রোগ শরীরের মধ্যে বাসা বাঁধতে শুরু করে।

দাঁতে কালো ছোপ

নিয়মিত কালো চা পান করলে সময়ের সঙ্গে সঙ্গে দাণতের উপর কালো আস্তরণ পড়ে যায়। অনেকসময় হলদেটে দাগ পড়ে গিয়ে দাঁতের সৌন্দর্য নষ্ট হয়ে যায়।

স্বাস্থ্যবিশেষজ্ঞরা জানিয়েছেন, বারবার ব্ল্যাক টি পান করার বদলে নারকেলের জল, বাটারমিল্ক বা লেমোনেড পান করতে পারেন। তাতে শরীর থাকে হাইড্রেটেড। বজায় থাকে আয়রনের মাত্রাও। স্বাস্থ্যকর ও সুষম খাদ্যের মধ্যে যেমন প্রচুর তাজা ফল, শাকসবজি ও চর্বিহীন মাংস ও গোটা শস্য খেতে পারেন।

অতিরিক্ত কালো চা এড়িয়ে চলাই ভাল, কারণে চায়ে থাকা ট্যানিন ও অক্সালেটের সংখ্যা কমাতে পারে। কালো চা যদি এড়িয়ে চলতে না পারেন তাহলে তাতে কমলালেবুর রস, লেবুর রস বা আনারসের রস মিশিয়ে খেতে পারে, তাতে রয়েছে প্রচুর পরিমাণে ভিটামিন সি, যা স্বাস্থ্যের জন্য উপকারী।

## চটজলদি কোমরের ব্যাথা কমতে পারে এই পাঁচটি যোগাসনে

সুস্বাস্থ্যের জন্য যোগব্যায়ামের কোনও বিকল্প নেই। বিশ্বজুড়ে বর্তমানে যোগব্যায়ামের জনপ্রিয়তা বেড়েছে দ্বিগুণ। স্বল্প সময়ে এবং সহজেই কোনও ধরনের যন্ত্রাংশ ছাড়াই শরীরচর্চা করার কার্যকরী এই উপায় হলো যোগব্যায়াম। যোগব্যায়াম করলে শুধু অতিরিক্ত ওজনই কমানো যায় না বরং থাকা যায় সুস্থ।

১। স্পিনিক্স পোজ

এই আসনটি ১-২ মিনিট কয়েকবার নিয়মিত করলে কোমরের ব্যথা থেকে দ্রুত নিস্তার পাবেন। প্রথমে উপুর হয়ে শুতে হবে। তারপর ২ টো হাত সামনে রেখে আস্তে আস্তে মাথা উঁচু করুন। যতটা সম্ভব দুই হাতে ভর দিয়ে মাথা উঁচু করার চেষ্টা করুন। এই ভঙ্গিতেই কয়েক মিনিট থাকার চেষ্টা করুন। প্রতিবার ১-২ মিনিট করে অন্তত ৫ বার এই আসনটি করুন। এই পোজ করার সময় শরীরের ইরেক্টর স্পাইন, গ্লিটাল পেশী, প্যাক্টোরালিস মেজর, ট্র্যাপিজিয়াস ও ল্যাটিসিমাস ডরসীতে চাপ পড়ে। যার ফলে শরীরে নিম্মাংশের বিভিন্ন সমস্যার সমাধান ঘটে। মেরুদন্ড হয় শক্তিশালী।

২। ব্রিজ পোজ

এই আসনটি করার মাধ্যমে বেশ কয়েকটি শারীরিক সমস্যা থেকে মুক্তি পাবেন। মাথাব্যথা, কোমরের ব্যথাসহ পেটের মেদ কমে এই আসনে। এই ভাবেই কোমর ভাসমান অবস্থায় ধরে রাখুন। অন্তত ১ মিনিট এই ভাবেই আসনটি করুন। ভালো ফল পেতে৫-১০ মিনিট এই আসনটি করতে পারেন। এই আসনটি করার ফলে আপনার শরীরের রেকটাস এবং ট্রান্সভার্স অ্যাবডোমিনিস, গ্লুটাস পেশী, ইরেক্টর স্পাইনি ও হ্যামস্ট্রিংসে চাপ পড়ে।

৩। টু নি স্পাইনাল টুইস্ট

শুধু কোমরের ব্যথা নয়, এই আসনটি করলে পিঠ, ঘাড়, মেরুদন্ড ও যাবতীয় ব্যথা দূর হবে। ২ টো পা সমানভাবে উঁচু করে ১ বার ডানদিকে কোমর ঘুরিয়ে নিয়ে কিছুক্ষণ ধরে রাখুন। আবার বামদিকে কোমর ও পা ঘুরিয়ে নিয়ে কিছুক্ষণ ধরে রাখুন। এই ভাবে কয়েক মিনিট আসনটি করুন।

৪। ওয়াল সিটস

পিঠ ও কোমরের ব্যথা কমাতে ওয়াল সিটস খুবই দারুণ একটি ওয়ার্কআউট। কোনও চেয়ার কিংবা টুলে বসা নয়, দেয়ালে পিঠ ঠেকিয়ে বসার ভঙ্গি করাকে বলা হচ্ছে ওয়াল সিটস। এর জন্য দেয়াল বরাবরা পিঠ ঠেকিয়ে সোজা হয়ে দাঁড়াতে হবে। ধীরে ধীরে হাঁটু ভাঁজ করে দেওয়ালে পিঠ ঠেকিয়ে রাখা অবস্থাতেই বসার মতো ভঙ্গি করতে হবে। খেয়াল রাখতে হবে, দেওয়ালের সাথে পিঠ ঠেকিয়ে রাখতে হবে, পিঠ সরানো যাবে না। এইভাবে ১০ সেকেন্ড থেকে পুনরায় সোজা হয়ে দাঁড়াতে হবে দেওয়ালে পিঠ ঠেকিয়ে রাখা অবস্থায়। এরপর আবার বসার ভঙ্গি করতে হবে। এইভাবে ১০-১২ বার পুনরাবৃত্তি করতে হবে।

৫। প্রেস-আপ ব্যাক এক্সটেনশন

প্রথমে মেঝেতে উপুড় হয়ে শুয়ে পরতে হবে এবং ২ টি কনুইয়ের সাহায্যে ধীরে ধীরে কাঁধ উপরের দিকে ওঠাতে হবে। এতে শরীরের উপরের অংশ উপরের দিকে থাকলেও পেট থেকে নিচের অংশ মেঝেতে লেগে থাকবে। এই অবস্থায় যতটা সম্ভব শরীরকে বাঁকাতে হবে উপরের অংশে। এই ভাবে ১০-১২ সেকেন্ড থাকার পর ধীরে আবার সোজা হয়ে শুয়ে পড়তে হবে এবং ১০-১২ সেকেন্ড রেস্টের পর পুনরায় একই নিয়মের পুনরাবৃত্তি করতে হবে।



## কোমল পানীয় ডেকে আনে আগাম মৃত্যু

চিনি দিয়ে বা কৃত্রিম মিষ্টি দিয়ে তৈরি পানীয় আগাম মৃত্যুর ঝুঁকি অনেক বাড়িয়ে দিচ্ছে। কারণ, এসব খাবারের ফলে হৃদরোগ এবং কয়েক ধরনের ক্যান্সারের সম্ভাবনা তৈরি হচ্ছে। নতুন একটি গবেষণায় এ তথ্য উঠে এসেছে। হার্ভার্ড ইউনিভার্সিটির টি.এইচ. চ্যান স্কুল অব পাবলিক হেলথের পরিচালিত ওই গবেষণাটি গত মাসে প্রকাশিত হয়।

গত ৩০ বছর ধরে সারাবিশ্বের ৩৭ হাজার পুরুষ এবং ৮০ হাজার নারীর ওপর এ গবেষণা পরিচালিত হয়। যেখানে দেখা গেছে, চিনি দিয়ে তৈরি হয়েছে এমন পানীয় খাওয়ার ফলে অন্য কোনও কারণ ছাড়াই তাদের আগাম মৃত্যুর ঝুঁকি বেড়ে গেছে। গবেষণা বলছে, এ জাতীয় পানীয় যত বেশি খাওয়া হবে, তাদের মৃত্যুঝুঁকিও ততই বেড়ে যাবে। গবেষক ও প্রধান লেখক ভাসান্তি মালিক এক বিবৃতিতে বলেছেন, যারা মাসে একবার এরকম চিনি দিয়ে তৈরি পানীয় পান করে। তাদের তুলনায় যারা চারবার পর্যন্ত পান করে। ওদের আগাম মৃত্যুর ঝুঁকি ১ শতাংশ বেড়ে গেছে।

যারা সপ্তাহতে দুই থেকে ছয়বার পান করে, তাদের বেড়েছে ৬ শতাংশ। আর যারা প্রতিদিন এক থেকে দুইবার চিনির পানীয় খায়, তাদের বেড়েছে ১৪ শতাংশ। যারা প্রতিদিন দুইবারের বেশি এরকম চিনি দিয়ে তৈরি পানীয় পান করে। ওদের আগাম মৃত্যুর সম্ভাবনা বেড়েছে ২১ শতাংশ।

বিশ্বব্যাপী কোমল পানীয় খাওয়ার হার ওই গবেষণায় দেখা গেছে, যারা চিনি দিয়ে তৈরি পানীয় খেয়েছেন, তাদের আগাম হৃদরোগ এবং কিছু ক্যান্সার হওয়ার ঝুঁকি তৈরি হয়েছে। এটা বিশেষভাবে উদ্বেগজনক এ কারণে যে, সারাবিশ্বে এখন কোমল পানীয় পানের প্রবণতা বাড়ছে। বাজার গবেষণা প্রতিষ্ঠান ইউরোমনিটর বলছেন, বিশ্বে এখন কোমল পানীয় পানের হার বছরে গড়ে জনপ্রতি বেড়ে দাঁড়িয়েছে ৯১.৯ লিটারে, যা পাঁচ বছর আগেও ছিল গড়ে ৮৪.১ লিটার।

হার্ভার্ডের গবেষকরা বলছেন, ডায়েট কোমল পানীয় খাওয়া কিছুটা কম ঝুঁকিপূর্ণ। তবে কোমল পানীয়ের বাজারে তাদের অংশ খুবই কম। এরকম পানীয় পানের হার বছরে জনপ্রতি মাত্র ৩.১ লিটার। দেখা গেছে, বিশ্বে এখন কোমল পানীয় পানের দিক থেকে এগিয়ে রয়েছে চীন। বছরে দেশটির একজন নাগরিক এ জাতীয় পানীয় গ্রহণ করে ৪১০.৭ লিটার।

এরপরে রয়েছে যুক্তরাষ্ট্র (৩৫৬.৮ লিটার), স্পেন (২৬৭.৫ লিটার), সৌদি আরব (২৫৮.৪ লিটার), আর্জেন্টিনা (২৫০.৪ লিটার)। এই পরিসংখ্যান হিসাবে চীনে একজন বাসিন্দার গড় কোমল পানীয় পানের হার প্রতিদিন এক লিটারেরও বেশি।

ক্যালোরির হিসাব নিকাশ

চিকিৎসা বিষয়ক সাময়িকী ল্যানসেটে ২০১৫ সালে একটি প্রতিবেদন ছাপা হয়েছিল, যেখানে বলা হয়েছিল, একজন আমেরিকান প্রতিদিন চিনিযুক্ত পানীয় থেকে ১৫৭ ক্যালোরি গ্রহণ করে। যেটি এক ক্যান কোমল পানীয়ের চেয়ে একটু বেশি। যেমন কোম্পানির ওয়েবসাইটে দেওয়া তথ্য অনুযায়ী, ৩৩০ মিলিলিটারের এক ক্যান কোকাকোলায় ৩৫ গ্রাম চিনি রয়েছে, যা সাত চা চামচ চিনির সমান। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশ হলো, প্রতিদিন ৫০ গ্রামের বেশি চিনি খাওয়া উচিত নয়। কিন্তু যখন ওই প্রতিবেদন প্রকাশিত হয়েছিল, তখন কোমল পানীয় খাওয়ার তালিকায় যুক্তরাষ্ট্রের অবস্থা এতটা খারাপ ছিল না।

চীনের একজন নাগরিক প্রতিদিন গড়ে ১৮৮ ক্যালোরি গ্রহণ করছেন। যদিও এ হিসাব ছিল দেশটিতে চিনির ওপর শুল্ক বাড়ানোর আগে। শুল্ক বাড়ার পর মাসে চিনির তৈরি পানীয় খাওয়ার হার কিছুটা কমেছে। বিশ্বের প্রায় ৩০টি দেশে চিনি দিয়ে তৈরি পানীয়ের ওপর নানা ধরনের কর রয়েছে। এ কারণে অনেক বিশেষজ্ঞ বলছেন, এ গবেষণা এটাই প্রমাণ করছে, আরো অনেক দেশের এরকম কড়া পদক্ষেপ নেওয়া উচিত।

হার্ভাডের পুষ্টিবিজ্ঞান বিষয়ক অধ্যাপক ওয়াল্টার উইলেট বলছেন, এ গবেষণার ফলাফল থেকে বোঝা যাচ্ছে, শিশু ও তরুণদের কাছে চিনিযুক্ত পানীয়ের প্রচার সীমিত করা উচিত। সেই সঙ্গে সোডা জাতীয় পণ্যের ওপর কর বসানো উচিত। কারণ এ জাতীয় চিনির পানীয় খাওয়ার ফলে ভবিষ্যতে যেসব রোগের শিকার হতে চিকিতা ব্যয় হয়, বর্তমান কোমল পানীয়ের মূল্য থেকে সেই খরচ আসছে না। স্বাস্থ্য বিশেষজ্ঞদের একটি বড় উদ্বেগ হলো, এ জাতীয় চিনিযুক্ত কোমল পানীয় প্রভাব শিশু এবং তরুণদের ওপর যেসব প্রভাব ফেলছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাবে, বিশ্বে পাঁচ থেকে ১৯ বছর বয়সীদের মধ্যে স্থূলতার হার ১৯৭৫ সালেও ছিল ১১ মিলিয়ন, ২০১৬ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ১২৪ মিলিয়ন। তবে সাম্প্রতিক এ গবেষণা বলছে, অতিরিক্ত কোমল পানীয় খেলে তার প্রভাব হতে পারে আরো ভয়াবহ।

## দুধ কি আপনার ত্বকের প্রধান শত্রু?

দুধ আমাদের শরীরের জন্য আদর্শ একটি খাবার সে বিষয়ে কোনো সন্দেহ নেই। তবে আপনার যদি তৈলাক্ত ত্বক হয় এবং ব্রণের সমস্যা থাকে, সে ক্ষেত্রে দুধ কতটা উপকারী জানেন কি? আপনি হয়তো স্কিনের জন্য অনেক ক্রিম, সিরাম ব্যবহার করে যাচ্ছেন; কিন্তু আপনার ফ্রিজেই আছে সমস্যার সূত্রপাত।

শরীরের জন্য দুধ কত গুরুত্বপূর্ণ তা বলার অপেক্ষা রাখে না।

তবে আপনার বয়স বাড়ার সঙ্গে সঙ্গে আপনার স্কিন যদি তৈলাক্ত হয়, তবে সে ক্ষেত্রে তৈরি হবে জটিলতা। দুধের কারণে কেন সমস্যা তৈরি হয়:

দুধ আমাদের হরমোনকে প্রভাবিত করে যা ত্বকে তেল উতাদন করে। এই অতিরিক্ত তেলের কারণে পরবর্তী সময়ে স্কিনে ব্রণ হয়। বিশেষ করে চর্বিযুক্ত দুধ খেলে এই সমস্যা বেশি হয়। কম ফ্যাটযুক্ত দুধেও চিনির পরিমাণ বেশি থাকে, যা সমস্যা আরো বাড়িয়ে দিতে পারে। শুধু দুধ নয়, অন্যান্য দুগ্ধজাত পণ্য যেমন- পনির, ক্রিমেও এই সমস্যা তৈরি হতে পারে। এর অর্থ হলো আপনি সকালে যে কফি খাচ্ছেন বা যে পিজ্জা খাচ্ছেন, তাতেও আপনার সমস্যা আরো জটিল হচ্ছে। আপনার স্কিনকে কিভাবে ভালো রাখবেন?

ভালো স্কিন পেতে হলে ধীরে ধীরে আপনার খাদ্যতালিকা থেকে দুগ্ধজাতীয় খাবারগুলো বাদ দিন। একবারে নয়, তবে ধীরে ধীরে আপনার খাদ্যতালিকা ঠিক করে ফেলুন। এতে করে নিজেই স্কিনের পরিবর্তন লক্ষ করবেন।

সঠিক স্কিনকেয়ার রুটিন, সঠিক পণ্য এবং একটি দুগ্ধমুক্ত ডায়েটের সঙ্গে আপনার ত্বক উজ্জ্বল এবং ব্রণমুক্ত হবে মাত্র দুই থেকে তিন সপ্তাহের মধ্যে। প্রয়োজনে আপনি দুধের বিকল্প হিসেবে বাদামের দুধ খেতে পারেন। যদি আপনি এখনো আপনার পছন্দসই খাবারগুলো চান, তবে ভালো খবরটি হলো- আপনার দুগ্ধের পছন্দের বিকল্পের জন্য বাদামের দুধসহ আরো অনেক বিকল্প রয়েছে।

## সকালে বেশি সময় ঘুম হতে পারে অকালমৃত্যুর কারণ



মানবদেহ সুস্থ রাখতে রাতে জলদি ঘুমাতে যাওয়া যেমন গুরত্বপূর্ণ, তেমনি সকালে তাড়াতাড়ি ঘুম থেকে ওঠারও কোনো বিকল্প নেই। প্রবাদ আছে, জলদি ঘুমাতে যাওয়া ও জলদি ঘুম থেকে ওঠা সুস্বাস্থ্য, জ্ঞান ও সম্পদের পূর্বশর্ত। সম্প্রতি এই প্রবাদকেই আরও একবার সত্য প্রমাণিত করেছেন যুক্তরাজ্যের একদল গবেষক।

যুক্তরাষ্ট্রের একদল গবেষক সম্প্রতি এই বিষয়ে বিশদ গবেষণা চালিয়েছেন। গবেষণায় অংশ নিয়েছেন ৪ লাখের বেশি মানুষ। গবেষণায় তাদের দাবি, যারা দেরি করে ঘুম থেকে ওঠেন, তাদের অকালমৃত্যুর ঝুঁকি বেড়ে যায়। গবেষকদের মতে, যাদের রাতে জেগে থাকার বদভ্যাস রয়েছে, তাদের ৯০ ভাগই নানা মানসিক রোগের শিকার। অন্যদিকে দেরি করে ঘুম থেকে উঠলে অকাল মৃত্যুর ঝুঁকিও বাড়ে।

গবেষণা হয় যুক্তরাজ্যের ৪ লাখ ৩৩ হাজার মানুষের ওপর। যারা নিয়মিত সকালে ওঠেন, মাঝে মাঝে সকালে ওঠেন, যারা মাঝে মাঝে রাত জাগেন এবং যারা নিয়মিত রাত জেগে থাকেন-এমন ব্যক্তিদের ওপর গবেষণা চালানো হয়। যাদের বয়স ছিল ৩৮ থেকে ৭৩ বছর। গবেষণার ফলাফলে দেখা যায়, যারা নিয়মিত সকালে ঘুম থেকে ওঠেন তাদের অকাল মৃত্যুর হার সবচেয়ে কম। আর যারা অনিয়মেই চলতে থাকেন তাদের এই ঝুঁকি বাড়তেই থাকে। বিজ্ঞানীরা বলেন, 'আমরা দেখেছি রাতে জেগে থাকার অভ্যাস যারা গড়ে তুলেছেন তাদের ৯০ শতাংশই মানসিক রোগের শিকার। আর ৩০ শতাংশের থাকে ডায়াবেটিস হওয়ার ঝুঁকি। এছাড়া স্নায়ুবিকসহ নানা রোগের ঝুঁকিও বেড়ে যায়। এছাড়া যারা দেরি করে ঘুম থেকে ওঠেন তাদের গড় আয়ু নিয়মিত ঘুমাতে যাওয়া ব্যক্তিদের তুলনায় ৬ বছর কম।' মানবদেহের দেহঘড়ি সুস্থ রাখতে তাই নিয়ম করে ঘুম থেকে ওঠার কড়া পরামর্শ দিয়েছেন গবেষকরা। পাশাপাশি ভালো ঘুমের জন ঘুমের সময় মোবাইল ফোন, ল্যাপটপ ব্যবহার না করার পরামর্শও দেওয়া হয়েছে।

## টয়লেট সিটের চেয়ে ৪০,০০০ গুণ বেশি জীবাণু জলের বোতলে, দাবি গবেষণার

একটা জলের বোতল কিনলে আমরা তা মাসের পর মাস ব্যবহার করতে থাকি। মাঝে মাঝে পরিষ্কার করে নিলেই কাজ চলে যায়। এই যে গরমকাল আসছে, এবার ফ্রিজেও জায়গা করে নেবে জলের বোতল। জলের বোতল হল এমন এক জিনিস, যার বিকল্প খুঁজে পাওয়া কঠিন। কিন্তু এবার বিকল্প খুঁজে নেওয়া দরকার। সম্প্রতি এক গবেষণায় জলের বোতল নিয়ে এমন চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে, যা চমকে দিতে পারে আপনাকে।

একটা টয়লেট সিটে যে পরিমাণ ব্যাকটেরিয়া থাকে, তার চেয়ে ৪০ হাজার গুণ বেশি ব্যাকটেরিয়া রয়েছে পুনঃব্যবহারযোগ্য জলের বোতলে।

আমেরিকার ওয়াটার ফিল্টার গুরু নামের এক সংস্থা এই গবেষণাটি করে। জলের বোতলে টয়লেট সিটের চেয়ে ৪০,০০০ গুণ বেশি ব্যাকটেরিয়া রয়েছে। এই তথ্য সত্যি চমকে দেওয়ার মতো। দিনের পর দিন আমরা একই জলের বোতল থেকে জল খাচ্ছি। সুতরাং, বুঝতে পারছেন আমাদের শরীরে ঠিক কতটা প্রভাব ফেলছে জলের বোতল? গবেষণায় দাবি জানানো হয়েছে যে, জলের বোতলে থাকা এই ব্যাকটেরিয়াগুলো আমাদের অন্ত্রের স্বাস্থ্যের উপর মারাত্মক প্রভাব ফেলে। এমনকী এই ক্ষতিকারক ব্যাকটেরিয়াগুলো আমাদের শরীরে অ্যান্টিবডিগুলোকে নষ্ট করে দেয়। যার জেরে অ্যান্টিবায়োটিক খেলেও খুব একটা কার্যকর হয় না।

এখন আপনি দাবি জানাতে পারেন যে, জলের বোতল থেকে জল খেয়ে কোনওদিন অসুস্থ হইনি। আপনার এই দাবি যৌতিকও। রিডিং বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজিস্ট, ডাঃ সাইমন ক্লার্ক এবং ইম্পেরিয়াল কলেজ লন্ডনের মলিকিউলার মাইক্রোবায়োলজিস্ট, ডঃ অ্যান্ড্রু এডওয়ার্ডস এই প্রসঙ্গে নিউ ইয়র্ক পোস্টকে জানিয়েছেন যে, মানুষের মুখের মধ্যে অসংখ্যক ব্যাকটেরিয়া রয়েছে। সুতরাং, এটা খুব একটা আশ্চর্যজনক নয় যে জলের বোতলে ব্যাকটেরিয়া থাকবে না। কিন্তু এই ব্যাকটেরিয়া আমাদের জন্য কতটা ক্ষতিকারক সেটা জানা দরকার। বিশেষজ্ঞদের মতে, জলের বোতলগুলো উচ্চ সংখ্যক ব্যাকটেরিয়ার প্রজনন ক্ষেত্র হিসাবে কাজ করতে পারে। কিন্তু জলের বোতলে যে সব ব্যাকটেরিয়া থাকে, সেগুলো প্রথম থেকেই মানুষের মুখের মধ্যে রয়েছে। সুতরাং, এই ব্যাকটেরিয়াগুলোকে বিপজ্জনক সেটাও কেউ নিশ্চিতভাবে বলতে পারছে না।

গবেষকরা জলের বোতলের পরিচ্ছন্নতাকে গৃহস্থালীর বিভিন্ন জিনিসের সঙ্গে তুলনা করেছে। যেমন রান্নাঘরের সিঙ্কের চেয়ে দ্বিগুণ, কম্পিউটার মাউসের চারগুণ এবং পোষা প্রাণী খাবারের বাটি থেকে ১৪ গুণ বেশি জীবাণু রয়েছে জলের বোতলের মধ্যে। তাহলে এখন উপায় কী? সেই টিপসও শেয়ার করেছেন বিশেষজ্ঞেরা। গবেষকরা দিনে অন্তত একবার গরম লিক্যুইড সাবান দিয়ে জলের বোতলগুলো ধোয়ার পরামর্শ দিচ্ছেন। আর সপ্তাহে অন্তত একবার এটি স্যানিটাইজ করা জরুরি বলে জানিয়েছেন তাঁরা।

## ব্রেকফাস্টে এই খাবারটি খেলে নিয়ন্ত্রণে থাকবে সুগারব্লাড প্রেশার আর সুগার

সুগারব্লাড প্রেশার আর সুগার, একবার এই দুই রোগের কবলে পড়লে আর নিস্তার নেই। বিশেষ করে রক্তে সুগারের মাত্রা বাড়লে তো আর কথাই নেই ! আমৃত্যু আপনার সঙ্গী হবে এই রোগ। বিশেষজ্ঞদের মতে, ডায়াবিটিস বংশানুক্রমিক। তবে টেকনোলজি-নির্ভর জীবনযাত্রা এবং স্ট্রেসের কারণে রোগ কম বয়সেই কড়া নাড়ছে। আপনিও কি এই রোগের শিকার ? তাহলে তো ডায়াবিটিস রোগের মোকাবিলা করতে কী করণীয়? রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতে কড়া ডায়েট মেনে চলা একান্ত প্রয়োজন। ডায়াটিশিয়ানদের মতে, সুগার লেভেল নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে বিশেষ কিছু খাবার। সেই তালিকায় রয়ছে বেসনও। বেসন ডায়াবিটিস রোগীদের জন্য বেশ উপকারী। বেসন স্বাস্থ্যের জন্য খুবই উপকারী। কারণ, বেসন পুষ্টিগুণে ভরপুর। যদিও অনেক খাবার তৈরিতে বেসন ব্যবহার করা হয়, কিন্তু আপনি কি কখনও বেসন চিল্লা খেয়েছেন ? বেসন চিল্লা খেতে যেমন সুস্বাদু, তেমনি স্বাস্থ্যকরও। বেসন চিল্লা খেলে অনেক উপকারও পাওয়া যায়। এতে উপস্থিত পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, ভিটামিন বি৬, ভিটামিন কে, কপার, জিঙ্ক, ফাইবার, আয়রন, সোডিয়াম, ক্যালশিয়ামের মতো উপাদান নানাভাবে শরীরকে সুস্থ রাখতে সাহায্য করে। সুগার রোগীদের কেন বেসন খাওয়া উচিত, তা জেনে নিন। বিশেষজ্ঞরা জানাচ্ছেন, ডায়াবিটিস রোগীদের জন্য বেসন চিল্লা খুবই উপকারী। কারণ এর মধ্যে রয়েছে প্রচুর পরিমাণে ফাইবার, যা রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। হাড়ের জন্যও উপকারী এই খাবার। বেসন ক্যালসিয়াম সমৃদ্ধ। সেই সঙ্গে রয়েছে ম্যাগনেশিয়ামও, যা হাড়কে মজবুত করে এবং হাড় সংক্রান্ত নানা সমস্যা দূর করতে সাহায্য করে। পুষ্টিবিদদের মতে, বেসন চিল্লায় প্রচুর পরিমাণে ফাইবারও রয়েছে, যা হার্টকে সুস্থ রাখতে এবং হার্ট সংক্রান্ত রোগের ঝুঁকি কমায়।

# ঝাড়খণ্ডের খুন্তিতে ২৫০০ কোটি টাকার জাতীয় সড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন গডকড়ির

নয়াদিল্লি, ১১ মার্চ (হি.স.) : ঝাড়খণ্ডের খুন্তিতে ২৫০০ কোটি টাকার জাতীয় সড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকরি। সোমবার কেন্দ্রীয় সড়ক ও পরিবহন মন্ত্রী নীতিন গডকরি ঝাড়খণ্ডের খুন্তিতে ২৫০০ কোটি টাকার ২ লেনের জাতীয় সড়ক প্রকল্পগুলির উন্নয়নের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

কেন্দ্রীয় মন্ত্রী তাঁর এক্স হ্যান্ডেলে এই তথ্য শেয়ার করেছেন। গডকড়ি তাঁর সামাজিক মাধ্যমের পোস্টে লিখেছেন, ' জাতীয় সড়কে অর্থনৈতিক কর্মকাণ্ডকে উৎসাহিত করা হবে এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে।'

কেন্দ্রীয় মন্ত্রী তাঁর পোস্টে আরও লিখেছেন, 'আধুনিক পরিকাঠামো নির্মাণের মাধ্যমে ঝাড়খণ্ডের উন্নয়নকে ত্বরান্বিত করে আজ একটি অনুষ্ঠানের মাধ্যমে ২৫০০ কোটি টাকারও বেশি ব্যয়ে ২টি জাতীয় মহাসড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে।'

গডকরি সোমবার ঝাড়খণ্ডের খুন্তিতে কেন্দ্রীয় মন্ত্রী অর্জুন মুন্ডা, প্রবীণ নেতা কারিয়া মুন্ডা, সুদর্শন ভগত এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

## উন্মাদ বলায় মাকে কুপিয়ে আবাসনে আগুল লাগলো ছেলে

গুরুগ্রাম, ১১ মার্চ (হি. স.): মা ছেলেকে উন্মাদ বলেছিল। তারজন্য মাকে কুপিয়ে ঘরে আগুন লাগিয়ে দিল ছেলে। গুরুগ্রামের বিপুল গ্রিনস নামে এক অভিজাত আবাসনের ঘটনা। গোটা ঘটনায় শিউরে উঠেছেন প্রতিবেশীরা।

জানা গেছে, ছেলেটি মানসিকভাবে অসুস্থ। প্রতিবেশীরা জানিয়েছেন, প্রায়ই মা-বাবার সঙ্গে তার ঝগড়া হতো। কিন্তু মায়ের মুখ থেকে 'উন্মাদ' শব্দ শুনে মানসিক ভারসাম্যহীন ছেলেটি আর স্থির থাকতে পারেনি। মাকে কোপানোর পর মৃত্যু নিশ্চিত করতে আবাসনে আগুন ধরিয়ে দেয় সে। তাকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ আধিকারিক ময়াঙ্ক গুপ্তর বক্তব্য, ধৃত ছেলেটির মানসিক চিকিৎসা চলছে। তাই এই ঘটনার তদন্ত অত্যন্ত সাবধানতার সঙ্গে করতে হবে বলে মত তাঁর।

## হাই কোর্টে পিছোল শাহজাহানের জামিনের শুনানি

কলকাতা, ১১ মার্চ (হি.স.) : রেশন দুর্নীতি মামলায় শাহজাহান শেখের আগাম জামিনের শুনানি পিছিয়ে গেল কলকাতা হাই কোর্টে।সোমবার শাহজাহানের আইনজীবী আদালতে অতিরিক্ত হলফনামা জমা দেওয়ার আর্জি চান। তাঁর বক্তব্য, আগাম জামিনের আবেদনের শুনানির আগেই গ্রেফতার হয়েছেন তাঁর মক্কেল। এই অবস্থায় নতুন করে বক্তব্য জানানোর সুযোগ দেওয়া হোক।

শাহজাহানের বক্তব্যকে খারিজ করে ইডির আইনজীবী ধীরাজ ত্রিবেদীর সওয়াল, রেশন দুর্নীতির অভিযোগে রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিককে গ্রেফতার করা হয়।

সেখান থেকে শাহজাহানের নাম উঠে আসে। ফৌজদারি অপরাধে গ্রেফতার হয়েছেন তিনি। অর্থ তছরুপ প্রতিরোধ আইন (পিএমএলএ)-এর মামলায় তাঁকে এখনও গ্রেফতার করেনি ইডি। আর তিনি ওই মামলাতেই আগাম জামিনের আবেদন করেছেন। ফলে শাহজাহানের অতিরিক্ত হলফনামা জমা দেওয়ার সুযোগ দেওয়া উচিত নয়।

দু'পক্ষের বক্তব্য শোনার পর উচ্চ আদালত হলফনামা জমা দেওয়ার জন্য শাহজাহানকে এক দিন সময় দিয়েছে।

সোমবার বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রসিদির ডিভিশন বেঞ্চ জানায়, মঙ্গলবার এই মামলার শুনানি হবে।

## দলের সমস্ত পদ থেকে ইস্তফা সায়ন্তিকার

কলকাতা, ১১ মার্চ, (হি.স.): জল্পনা সত্যি করে তৃণমূলের সমস্ত পদ থেকে ইস্তফা দিয়ে দিলেন নেত্রী-অভিনেত্রী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়। তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সীকে সায়ন্তিকা তাঁর ইস্তফাপত্র পাঠিয়েছেন।

চিঠিতে তিনি লিখেছেন, "আমি গত ৩ বছর ধরে দলের সামগ্রিক রাজনৈতিক-প্রতিবাদী এবং উন্নয়ন কর্মসূচির সঙ্গে জড়িত ছিলাম। দলের সুনির্দিষ্ট আদর্শ অনুসরণ করে সমস্ত কর্মসূচিতে সক্রিয় ভাবে আংশগ্রহণ করেছি। এই পর্যায়ে, আমি দলের সমস্ত রাজনৈতিক দায়িত্ব থেকে ইস্তফা দিচ্ছি।"

এই সিদ্ধান্ত একান্তই 'ব্যক্তিগত' বলে ইস্তফাপত্রে উল্লেখ করেছেন সায়ন্তিকা। যদিও রাজনৈতিক মহলের অনেকেই মনে করছেন লোকসভা নির্বাচনে আসন না পেয়েই এই সিদ্ধান্ত নিয়েছেন সায়ন্তিকা।

ব্রিগেডের 'জনগর্জন সভা'র মঞ্চ থেকে আসন্ন লোকসভা ভোটে তৃণমূলের প্রার্থিতালিকা ঘোষণা করেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তালিকায় অনেক নতুন নাম থাকলেও টিকিট পাননি তৃণমূলের রাজ্য সম্পাদক তথা অভিনেত্রী সায়ন্তিকা।

## সিপিএমের সভার দিন সন্দেশখালিতে নতুন করে ১৪৪ ধারা

উত্তর ২৪ পরগনা, ১১ মার্চ (হি.স.) : সোমবার সিপিএমের সভার দিন সন্দেশখালিতে নতুন করে জারি করা হল ১৪৪ ধারা। ধামাখালি ঘাটে ওই ধারা প্রয়োগ করা হয়েছে। ধামাখালি ঘাট দিয়েই সন্দেশখালিতে প্রবেশ করতে হয়। ফলে সিপিএমের সভাকে কেন্দ্র করে নতুন অশান্তির সম্ভাবনা তৈরি হয়েছে। পুলিশের বক্তব্য, অশান্তি এড়াতেই এই সিদ্ধান্ত।

সন্দেশখালিতে উত্তেজনার সময়ে বেশ কিছু এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছিল। তার মেয়াদ শেষ হয়েছে রবিবারই। তার পর সোমবার আবার নতুন করে ধামাখালি ঘাটে ১৪৪ ধারা জারি করেছে প্রশাসন। আপাতত দু'তিন দিন ওই বিধি প্রযুক্ত থাকবে ঘাটে। সন্দেশখালি থানার ওসি গোপাল সরকার এ প্রসঙ্গে বলেন, "নিরাপত্তার কারণেই এই সিদ্ধান্ত। সিপিএমের সভাকে কেন্দ্র করে নতুন করে যাতে আবার অশান্তি না হয়, তা নিশ্চিত করতে ১৪৪ ধারা জারি করা হয়েছে ধামাখালি ঘাটে। এলাকায় যাতে ভিড় বেশি না হয়, তাই এই সিদ্ধান্ত।"

## দেওঘরের বৈদ্যনাথ মন্দিরে পুজো দিলেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণুদেও সাই

দেওঘর, ১১ মার্চ (হি.স.) : ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণুদেও সাই সোমবার ঝাড়খণ্ডের দেওঘরের বৈদ্যনাথ মন্দিরে পুজো দেন। সোমবার সকালে দেওঘর পৌঁছন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী সাই। সেখানে তিনি বাবা বৈদ্যনাথ মন্দিরে সম্পূর্ণ রীতি মেনে পুজার্চনা করেন। এরপরে তিনি দুমকা লোকসভা কেন্দ্রের বিজেপি কর্মীদের সম্মেলনে অংশ নিতে চলে যান।

দুমকায় বিজেপি কর্মীদের সম্মেলনে উপস্থিত থাকবেন স্থানীয় সাংসদ সুনীল সোরেন সহ দলের স্থানীয় পদাধিকারী।

## কনকাকাফ ডব্লিউ গোল্ড কাপ : ব্রাজিলকে হারিয়ে চ্যাম্পিয়ন যুক্তরাষ্ট্র

আমেরিকা, ১১ মার্চ (হি.স.) : যুক্তরাষ্ট্রের সান দিয়েগোর স্ন্যাপড্রাগন স্টেডিয়ামে ব্রাজিলকে হারিয়ে চ্যাম্পিয়ন হল যুক্তরাষ্ট্র। ব্রাজিলকে ১-০ গোলে হারিয়ে কনকাকাফ ডব্লিউ গোল্ড কাপের শিরোপা জিতল যুক্তরাষ্ট্র। সোমবার, ১১ মার্চ সকাল ৬টায় শিরোপার লড়াইয়ে যুক্তরাষ্ট্রের মহিলা দল মুখোমুখি হয় ব্রাজিল মহিলা ফুটবল দলের। ম্যাচটিতে ১-০ গোলে জয় তুলে নেয় ৭ বারের চ্যাম্পিয়নরা। জয়সূচক একমাত্র গোলটি করেছেন লিন্ডসে হোরান। কনকাকাফ ডব্লিউ গোল্ড কাপ হয়ে থাকে উত্তর, মধ্য আমেরিকা ও ক্যারিবিয়ান অঞ্চলের মহিলা দলগুলোকে নিয়ে। এবারের আসরে লাতিন আমেরিকা (কনমেবল) থেকে যোগ দিয়েছিল আর্জেন্টিনা, কলম্বিয়া, প্যারাগুয়ে ও ব্রাজিল।

## সমতায় শেষ সিটি-লিভারপুলের রোমাঞ্চকর লড়াই, লাভ হল আর্সেনালের

ম্যানচেস্টার, ১১ মার্চ (হি.স.) : ম্যাচটা দুই দলের কাছেই খুবই গুরুত্বপূর্ণ ছিল। কারণ, যে দল এই ম্যাচ জিতবে তাঁরাই চলে যাবে টেবিলের শীর্ষে। শেষ পর্যন্ত কেউ জিততে পারল না। রবিবার রাতে অ্যানফিল্ডে পয়েন্ট ভাগাভাগি করে মাঠ ছেড়েছে লিভারপুল ও ম্যানচেস্টার সিটি। আর এই ম্যাচ অমীমাংসিত থাকায় লাভ হল আর্সেনালের। ইংলিশ প্রিমিয়ার লিগের এই হাইভোল্টেজ ম্যাচটি ১-১ গোলে ড্র হয়েছে। প্রথম হাফে ম্যান সিটির হয়ে গোল করেন জন স্টোনস। আর দ্বিতীয় হাফে পেনাল্টি থেকে গোল করে লিভারপুলকে সমতায় ফেরান আর্জেন্টাইন মিডফিল্ডার ম্যাক অ্যালিস্টার। এরই ম্যাচের মধ্য দিয়ে ইংলিশ প্রিমিয়ার লিগে ক্লপ ও গার্দিওলার লড়াই শেষ হয়ে গেল। কারণ কিছুদিন আগে ক্লপ জানিয়ে দিয়েছিলেন, এই মরসুম শেষে লিভারপুলের কোচের দায়িত্ব থেকে সরে দাঁড়াবেন। ফলে ক্লপ-গার্দিওলার শেষ লড়াইটাও হয়ে গেল। এদিকে এই ম্যাচ ড্রয়ের ফলে লাভ হল আর্সেনালের। ২৮ ম্যাচে ৬৪ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষেই রয়েছে আর্তেতার দল। সমান পয়েন্ট নিয়ে গোল ব্যবধানে পিছিয়ে থেকে লিভারপুল থাকলো দ্বিতীয় স্থানে। আর ১ পয়েন্ট কম নিয়ে টেবিলের ৩-এ ম্যানসিটি।

## সেলটা ভগোকে হারিয়ে শীর্ষস্থান মজবুত করল রিয়াল

সান্তিয়াগো, ১১ মার্চ (হি.স.) : সেলটা ভগোকে রিয়াল মাদ্রিদ পাত্তাই দিল না। ঘরের মাঠে রিয়াল একের পর এক আক্রমণের ঝড় তুলে প্রতিপক্ষকে পুরো ম্যাচ কোণঠাসা করে জয় তুলে নিল। সেই সঙ্গে টেবিলের শীর্ষস্থানটা মজবুত করল কার্লো আনচেলত্তির দল রিয়াল মাদ্রিদ।

সান্তিয়াগো বার্নাবেউয়ে রবিবার (১০ মার্চ) রাতে সেলটা ভিগোকে ৪-০ গোলে হারিয়েছে রিয়াল। ম্যাচের শুরু থেকেই আক্রমণের ঝড় তুলেসান্তিয়াগো বার্নাবেউয়ে রোববার (১০ মার্চ) সেলটা ভিগোকে ৪-০ গোলে হারিয়েছে রিয়াল। ম্যাচের শুরু থেকেই আক্রমণের ঝড় বইয়ে দেয় রিয়াল মাদ্রিদ। তারা প্রথম গোল পায় ম্যাচের ২১ মিনিটে। দলকে এগিয়ে দেন ভিনিসিউস জুনিয়র রিয়াল মাদ্রিদ। দ্বিতীয়ার্ধের ৭৯ ও ৮৮ মিনিটে দুটি আত্মঘাতী গোল হয়। এরপর ম্যাচের বাড়তি সময়ের চতুর্থ মিনিটে আরেকটি গোল করে রিয়াল। এবার গোলটি করেন আরদা গুলার। ২৮ ম্যাচে ৬৯ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে রিয়াল। সমান ম্যাচে ৬২ পয়েন্ট নিয়ে দুইয়ে জিরোনা। তাদের চেয়ে ১ পয়েন্ট কম নিয়ে তিনে আছে বার্সেলোনা।

## সিএএ নিয়ে নাগরিকদের আশ্বাস নিশীথ প্রামাণিকের

কলকাতা, ১১ মার্চ (হি.স.): লোকসভা নির্বাচনের ঠিক মুখেই দেশজুড়ে সিএএ লাগু করা হয়েছে। একদিকে যখন সংশোধিত নাগরিকত্ব আইন তীব্র বিরোধিতা করেছে তৃণমূল, অন্যদিকে উচ্ছ্বাস বিজেপি শিবিরে। তবে, নাগরিকদের আশ্বস্ত করেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক।সিএএ লাগু প্রসঙ্গে তিনি সংবাদমাধ্যমকে বলেন, ""সিএএ তৈরিই করা হয়েছে বাস্তবায়নের জন্য। বহু মানুষ যাঁরা ধর্মীয়ভাবে প্রতারিত হয়ে ভারতে এসে আশ্রয় নিয়েছিলেন তাঁদের প্রত্যেকের জন্য অত্যন্ত ফলপ্রসূ হবে। এই আইন নাগরিকত্ব দেওয়ার আইন। এর জন্য কারও নাগরিকত্ব যাবে না এটা হলফ করে বলতে পারি।""প্রসঙ্গত, লোকসভা ভোটের আগে আস্তিনের শেষ তাস বের করল কেন্দ্রের বিজেপি সরকার। নাগরিকত্ব সংশোধনী আইন লাগু হওয়ার ঘোষণা করল মোদী সরকার। সোমবার বিকেলে দেশজুড়ে সিএএ বিধি কার্যকর হওয়ার কথা ঘোষণা করল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।

## ঠাকুরনগরে উৎসব, ঢাকঢোল নিয়ে বেরিয়ে পড়লেন মতুয়ারা

উত্তর ২৪ পরগনা, ১১ মার্চ (হি.স.) : দেশজুড়ে সিএএ আইন কার্যকরী করার খবর পেয়েই আনন্দে মাতলেন ঠাকুরনগরের ঠাকুরবাড়ির মতুয়া সম্প্রদায়ের মানুষ। সোমবারেই কার্যকর হবে সিএএ, এই খবর রটতেই প্রস্তুতি শুরু হয়ে গিয়েছিল। এদিন সন্ধ্যা ছ'টা থেকে নাগরিকত্ব সংশোধন আইন কার্যকরী হতেই উৎসবের আবহ ঠাকুরনগরে।ঢাক-ঢোল নিয়ে বেড়িয়ে পড়েন এলাকার মানুষ। স্লোগান তোলেন, এদিনই প্রকৃত স্বাধীনতা দিবস। পুরুষ-মহিলা নির্বিশেষে সবাই যোগ দেন উৎসবে। ২০১৯ সালের ১২ জানুয়ারি নাগরিকত্ব সংশোধনী বিল পাস হয়। লোকসভা ও রাজ্যসভার উভয়কক্ষে। এরপরেই শুরু হয় নানা টানাপড়েন। অবশেষে আইন পাশ হওয়ার দীর্ঘ ৮ বছর পর সেই আইন কার্যকরী হল। উল্লেখ্য, ২০১৯ সালে দ্বিতীয়বার ক্ষমতায় আসার পরই সিএএ বিল পাশ করিয়েছিল কেন্দ্রের বিজেপি সরকার। সংসদের দুই কক্ষে পাশ হওয়ার পরে দেশের তৎকালীন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দও সই করেছিলেন সিএএ বিলে। তবে কেন্দ্রের তরফে এত দিন ধরে সিএএ কার্যকর করা নিয়ে কোনও বিজ্ঞপ্তি জারি করা হয়নি। যা হল সোমবার।

## "মমতা হিন্দুদের ঘৃণা করেন", অভিযোগ অমিতের

কলকাতা, ১১ মার্চ (হি. স.) : "নির্বাচনের আগে রাম নবমীকে রাষ্ট্রীয় ছুটি হিসাবে ঘোষণা করাটা মমতা ব্যানার্জির একটা ছল। মমতা হিন্দুদের ঘৃণা করেন।" এই মন্তব্য করলেন বিজেপি-র তরফে পশ্চিমবঙ্গের সহ পর্যবেক্ষক অমিত মালব্য।

অমিতবাবু সোমবার এক্স হ্যান্ডলে লিখেছেন, "মহা শিবরাত্রির দু"দিন পরে, মমতা বন্দ্যোপাধ্যায় সায়নি ঘোষকে যাদবপুর থেকে টিএমসি-এর প্রার্থী হিসাবে ঘোষণা করেছেন। তিনি ভগবান শিবকে অপবিত্র করে... একটি ধর্মান্ধ হিন্দু-বিরোধী পোস্ট দিয়ে সংবাদে এসেছিলেন। মমতা শিবির তাঁর প্রার্থীপদ নিয়ে হতাশ। কারণ তাঁকে অভিষেকের পছন্দ হিসাবে দেখা হচ্ছে। আরও গুরুত্বপূর্ণ, তাঁর মনোনয়ন, তাঁর হিন্দু-বিরোধী ভাবমূর্তি রক্ষা করার জন্য নিছক একটি কৌশল।

## ধামী মন্ত্রিসভার বৈঠক শুরু

দেরাদুন, ১১ মার্চ (হি.স.) : উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামির সভাপতিত্বে সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠক শুরু হয়েছে। মন্ত্রিসভা সূত্রে এই তথ্য জানা গিয়েছে।

বৈঠকে অনেক গুরুত্বপূর্ণ প্রস্তাব ও অনেক দফতরের নিয়মাবলী এবং সেগুলি সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হতে পারে। সোমবার উত্তরাখণ্ড মন্ত্রিসভার বৈঠকে উপস্থিত রয়েছেন অর্থমন্ত্রী প্রেমচাঁদ আগরওয়াল, মন্ত্রী সাতপাল মহারাজ, রেখা আর্য, সুবোধ উনিয়াল, গণেশ যোশি, ধন সিং রাওয়াত, সৌরভ বহুগুনা।

## ২২ মার্চ ভোট জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে

নয়াদিল্লি, ১১ মার্চ (হি. স.): শুধু দেশের শাসনভার নয়, রাজধানীতে ছাত্র রাজনীতির রাশ কাদের হাতে থাকবে তা নিয়েও এবার ভোট হতে চলেছে ঠিক লোকসভা নির্বাচনের আগেই। জানা গেছে, দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে (জেএনইউ) ছাত্র সংসদের ভোটের দিন ঘোষণা করা হয়েছে আগামী ২২ মার্চ। আর ফল প্রকাশের তারিখ ২৪ মার্চ।

জেএনইউ ছাত্র সংসদের ইলেকশন কমিটির তরফে জানা গেছে, সোমবার থেকেই নির্বাচনের প্রস্তুতি শুরু করে দেওয়া হবে। প্রকাশ করা হবে ভোটার তালিকাও। তার পর প্রসঙ্গত উল্লেখ্য, শেষবার ২০১৯ সালে জেএনইউ-এর ছাত্র সংসদের ভোট হয়েছিল। সে বার ভোটে জিতে বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদের প্রেসিডেন্ট হয়েছিলেন বাম ছাত্র সংগঠন এসএফআই। কিন্তু গত সাড়ে চার বছরে এই বিশ্ববিদ্যালয়ে শক্তি অনেক বাড়িয়েছে এবিভিপি।

## হরিয়ানায় দুই গাড়ির সংঘর্ষে নিহত ৬, আহত ৬

হরিয়ানা, ১১ মার্চ (হি. স.): হরিয়ানায় ভয়াবহ দুর্ঘটনা। রবিবার গভীর রাতে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি গাড়িতে ধাক্কা মেরে ৬ জনের প্রাণ নিলো বেপরোয়া একটি গাড়ি। আহত হয়েছেন আরও ৬ জন।

জানা গেছে, রবিবার রাতে দুর্ঘটনাটি ঘটেছে হরিয়ানার রেওয়ারির মাসানি গ্রামে। যাত্রীরা খাতু শ্যাম মন্দিরে পুজো দিয়ে বাড়ি ফিরছিলেন। মাঝপথে গাড়ির টায়ার পাংচার হয়ে যায়।

## রিয়াল, বার্সা, পিএসজি থেকে ম্যানসিটি সমর্থকদের রমজানের শুভেচ্ছা দলগুলির

ম্যানচেস্টার, ১১ মার্চ (হি.স.) : ইসলাম ধর্মাবলম্বীদের জন্য তাৎপর্যপূর্ণ মাস রজমান। তাই সোমবার (১১ মার্চ) থেকে সৌদি আরবসহ মুসলিম বিশ্বের অনেক দেশ রোজা পালন শুরু করেছে। আর এদিকে সারা বিশ্বের মুসলিম সমর্থকদের পবিত্র রমজানের শুভেচ্ছা জানিয়েছে -রিয়াল মাদ্রিদ, বার্সেলোনা, পিএসজি, ম্যানচেস্টার সিটি, ম্যানচেস্টার ইউনাইটেড, লিভারপুল, চেলসির মতো ইউরোপের জায়ান্ট ক্লাবগুলো। এক ভিডিও বার্তায় ক্লাবগুলো বিশ্ববাসীকে রমজানের শুভেচ্ছা জানিয়েছেন। অন্যদিকে রমজানে মুসলিম সমর্থক গ্রুপ চালুর ঘোষণা করেছে চেলসি।

## বেলাকোবা স্টেশনে তার ছিঁড়ে বন্ধ ট্রেন চলাচল

বেলাকোবা, ১১ মার্চ (হি. স.) : জলপাইগুড়ির বেলাকোবা রেলস্টেশন এলাকায় বৈদ্যুতিক ট্রেনের তার ছিঁড়ে যাওয়ায় ভোগান্তির শিকার শিলিগুড়িগামী প্যাসেঞ্জার ট্রেনের যাত্রীরা।

সূত্রের খবর, সোমবার সকালেই বেলাকোবা রেলস্টেশন সংলগ্ন বৈদ্যুতিক ট্রেনের বৈদ্যুতিন লাইনের তার ছিঁড়ে যাওয়ার ঘটনা নজরে আসে। এর ফলে শিলিগুড়িগামী ডিএমইউ প্যাসেঞ্জার ট্রেনটি রানিনগর স্টেশনে দাঁড়িয়ে পড়ে। অন্যদিকে, বেলাকোবা স্টেশনে মেরামতের কোচ নিয়ে পৌঁছোয় রেলকর্মীরা। প্রায় ২ ঘণ্টা পর ট্রেন চলাচল স্বাভাবিক হয়। যেখানে বেলাকোবা রেলস্টেশনে ৮.১৫তে পৌঁছনোর কথা, সেখানে প্রায় দু'ঘণ্টা দেরিতে আসে ট্রেনটি। ট্রেনটির জন্য অফিসযাত্রী, কলেজ পড়ুয়া, ব্যবসায়ী সহ প্রত্যেককে ভোগান্তির শিকার হতে হয়।

## বেলেঘাটায় আগুন, বাড়িতে সিলিন্ডার ফেটে বিপত্তি

কলকাতা, ১১ মার্চ, (হি.স.): রবিবার সন্ধ্যার পর বেলেঘাটার চালপট্টি এলাকার একটি বাড়িতে আগুন লাগে। সেইসঙ্গে বিকট শব্দ। নিমেষের মধ্যে দাউ দাউ করে তা ছড়িয়ে পড়ে। সোমবার পুলিশ ও ফরেন্সিক কর্মীরা ঘটনাস্থলে যান। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় দমকলে। ১০ টি ইঞ্জিন ঘটনাস্থলে গিয়ে দ্রুত আগুন নেভানোর কাজ শুরু করে। কিন্তু ততক্ষণে আগুনের লেলিহান শিখা অনেকটাই ছড়িয়ে পড়ে। দমকলের প্রাথমিক অনুমান, সিলিন্ডার বিস্ফোরণের জেরেই আগুন ছড়িয়েছে। তবে এখনও পর্যন্ত হতাহতের কোনও খবর নেই।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, চালপট্টির ঘিঞ্জি এলাকার একটি বাড়িতে সিলিন্ডার ফেটে যায় সন্ধে নাগাদ। সেই বিকট শব্দ পেয়েই সকলে চমকে ওঠেন। তার পরই দেখা যায়, ওই বাড়ি থেকে দাউদাউ

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮২ ডলারের কাছাকাছি, পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ১১ মার্চ (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম কিছুটা কমেছে।

ব্রেন্ট ক্রুড প্রায় ৮২ ডলার এবং ডব্লিউটিআই অপরিশোধিত প্রায় ৭৮ ডলার ব্যারেল প্রতি। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি সোমবার পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।

ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোলের দাম ৯৬.৭২ টাকা, ডিজেল ৮৯.৬২ টাকা, মুম্বাইতে পেট্রোল ১০৬.৩১ টাকা, ডিজেল ৯৪.২৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৬.০৩ টাকা, ডিজেল ৯২.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০২.৬৩ টাকা, ৯৪.২৪ প্রতি লিটারে পাওয়া যাচ্ছে।

আন্তর্জাতিক বাজারে, সপ্তাহের প্রথম দিনে, ব্র্যান্ডেড ক্রুড ০.৫১ ডলার বা ০.৬২ শতাংশ হ্রাসের সাথে ব্যারেল প্রতি দাম ৮১.৫৭ ডলারে ঘোরাফেরা করছে। ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) ক্রুডও ব্যারেল প্রতি ০.৫৪ ডলার বা ০.৬৯ শতাংশ কমে ৭৭.৪৭ এ পৌঁছেছে।

## বনগাঁয় শঙ্করের বাড়িতে সিবিআই, সঙ্গে বিশাল কেন্দ্রীয় বাহিনী

উত্তর ২৪ পরগনা, ১১ মার্চ, (হি.স.): সন্দেশখালির পর এবার ইডির উপর হামলার তদন্তে বনগাঁয় গেল সিবিআই। সোমবার সকালেই কেন্দ্রীয় বাহিনীর জওয়ান ও ফরেনসিক বিশেষজ্ঞদের নিয়ে সেখানে গিয়েছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। রেশন দুর্নীতি মামলায় ইডির হাতে ধৃত শংকর আঢ্যর বাড়িতে যান তাঁরা। বাড়ি পুরো ঘিরে রাখেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।

গত ৫ জানুয়ারি শঙ্করের বাড়িতে তল্লাশি চালিয়েছিল ইডি। সে দিনই রাতে তাঁকে গ্রেফতার করে গাড়িতে তোলা হয়। তাঁকে নিয়ে যাওয়ার সময়ে বাধার সম্মুখীন হয় কেন্দ্রীয় সংস্থা। তাঁর অনুগামীরা বিক্ষোভ দেখান। এমনকি, ইডির গাড়িতে ইট ছোড়া হয় বলেও অভিযোগ। যদিও সন্দেশখালিতে শাহজাহান শেখের বাড়ির সামনে যে আক্রমণের মুখে ইডিকে পড়তে হয়েছিল, বনগাঁয় তা হয়নি।

কলকাতা হাই কোর্টের নির্দেশে ইডির উপর হামলার ঘটনার তদন্ত করছে সিবিআই। এর আগেও সিবিআইয়ের দল শঙ্করের বাড়ির এলাকায় গিয়েছিল। তবে তখন তারা বাড়ির ভিতরে ঢোকেনি।

সোমবার বাড়িতে ঢুকেও তল্লাশি চালানো হয়। সে দিন রাতে কারা ছিলেন, ইডিকে কারা বাধা দিয়েছিলেন, এলাকার সিসি ক্যামেরার ফুটেজ রয়েছে কি না, খতিয়ে দেখা হয়।

শঙ্কর বর্তমানে জেল হেফাজতে রয়েছেন। তাঁকে রেশন মামলায় গ্রেফতার করা হয়েছে। ধৃত মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের সঙ্গে তাঁর ঘনিষ্ঠতা ছিল বলে দাবি করেছে ইডি। যদিও শঙ্কর নিজে সে সব দাবি উড়িয়ে দিয়েছেন।

এর আগে তারা সন্দেশখালিতে শাহজাহানের বাড়িতেও গিয়েছিল। সঙ্গে ছিল বিশাল কেন্দ্রীয় বাহিনী এবং ফরেন্সিক দল। ইডির দু'জন আধিকারিকও সিবিআইয়ের সঙ্গে গিয়েছিলেন। শাহজাহানের বাড়ি, অফিস, বাজারে তল্লাশি চালানো হয়। ডুগরিপাড়া গ্রামে শাহজাহানের দুই ঘনিষ্ঠের বাড়িতেও গিয়েছিল সিবিআই। একই ভাবে বনগাঁয় শঙ্করের বাড়ি থেকেও নমুনা, তথ্যপ্রমাণ সংগ্রহ করতে গিয়েছেন কেন্দ্রীয় আধিকারিকেরা।

## তৃণমূল প্রার্থীর ভারত বিরোধী বিক্ষোভে অংশ নেওয়ার অভিযোগ অমিতের

কলকাতা, ১১ মার্চ (হি.স.): "স্পষ্টতই, মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাকে ধ্বংস করতে নেমেছেন।" বিজেপি-র তরফে পশ্চিমবঙ্গের সহ পর্যবেক্ষক অমিত মালব্য এই মন্তব্য করে অভিযোগ করেছেন, মালদা দক্ষিণের তৃণমূলপ্রার্থী ভারত বিরোধী বিক্ষোভে অংশ নিয়েছিল। অমিতবাবু সোমবার এক্স হ্যান্ডলে লিখেছেন, "মমতা বন্দ্যোপাধ্যায় শাহনওয়াজ আলী রায়হানকে একটি সীমান্ত আসন মালদা দক্ষিণ থেকে প্রার্থী করেছেন। তিনি একজন ইসলাম ধর্মান্ধ। তিনি স্পষ্টতই অক্সফোর্ডে গিয়েছিলেন কিন্তু দুই পৃষ্ঠার নাগরিকত্ব সংশোধনী আইন পড়তে এবং বুঝতে পারছেন না। রায়হান হল "জোর সে বোলো আজাদি/হাম কেয়া চাহতে আজাদি" ধরনের, যারা ভারত বিরোধী বিক্ষোভে অংশ নিয়েছিল। অক্সফোর্ডে থাকাকালীন, বিদেশী মিডিয়াতে সিএএ সম্পর্কে ভুল তথ্য ছড়িয়েছিল। আইনটিকে বর্ণবাদী এবং মুসলিম বিরোধী বলে, দাবি করেছেন প্রধানমন্ত্রী মোদী জামিয়ার ছাত্রদের নাগরিকত্ব প্রমাণ করতে বলেছেন। অক্সফোর্ডে তাঁর গবেষণার বিষয় ছিল 'বিটুইন মার্কস এবং মুহাম্মদ: বাংলায় মুসলমান এবং কমিউনিজম'।"

## সিবিআইয়ের নোটিস নিয়ে কুটি কুটি করে ছিঁড়ে ফেললেন ধৃত শাহজাহানের প্রতিবেশী

উত্তর ২৪ পরগনা, ১১ মার্চ (হি.স.): সোমবার বিকেলে সিবিআইয়ের গোয়েন্দারা সন্দেশখালিতে শাহজাহানের পাশের বাড়িতে যান। সেখানে এক সন্দেহভাজনের বাড়ির এক মহিলা সদস্য প্রায় খামচে সিবিআইয়ের বিজ্ঞপ্তির কাগজটি নিজের হাতে নেন। তার পর কুটি কুটি করে ছিঁড়ে ফেলে দেন মাটিতে।এদিন সন্দেশখালিতে তদন্তকারীরা খোঁজ নেন রহমান আকুঞ্জি নামে এক জনের। হাতে নোটিস ছিল সিবিআই আধিকারিকের। কিন্তু ওই বাড়ির এক মহিলা সদস্য বেরিয়ে এসে জানান যে রহমান বাড়িতে নেই। তখন সিবিআই আধিকারিক ওই পরিবারের সদস্যের নামে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার বিজ্ঞপ্তি ধরিয়ে দেন। ঠিক তখনই বাড়ির এক মহিলা সেটি ছিঁড়ে ফেলেন। অকস্মাৎ এবং এত দ্রুত ওই ঘটনা ঘটে যে প্রায় চমকে যান আধিকারিকরাও। যদিও রহমানের খোঁজ না পেয়ে ফিরে যান তাঁরা।শাহজাহানের ঘনিষ্ঠ এবং পরিবারের কয়েক জন সদস্যকে নিজাম প্যালেসে ডেকে জিজ্ঞাসাবাদ করেছে সিবিআই। পাশাপাশি সন্দেশখালি গিয়ে ইডির উপর হামলার তদন্ত করছেন কেন্দ্রীয় গোয়েন্দারা। ন্যাজাট থানার অন্তর্গত রাজবাড়ি পুলিশ ফাঁড়িতে যান কেন্দ্রীয় গোয়েন্দারা। খোঁজ নেওয়া হয় শাহজাহান-ঘনিষ্ঠদেরও।

## মঙ্গলবার হাইলাকান্দিতে মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া

হাইলাকান্দি (অসম) ১১ মার্চ (হি.স.) : রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি, দক্ষতা উন্নয়ন ও পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া মঙ্গলবার হাইলাকান্দি আসছেন। তিনি মঙ্গলবার হাইলাকান্দির ভিক্টোরিয়া মেমোরিয়াল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে হাইলাকান্দি জেলার বিকাশ যাত্রার কেন্দ্রীয় অনুষ্ঠানে হাইলাকান্দি জেলার জন্য ১৫৬.৩০৪ কোটি টাকার ৫৩টি প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস এবং ভূমি পূজন সম্পন্ন করবেন। এরমধ্যে ১৩.৬৩৪২ কোটি টাকার ২৭ টি প্রকল্পের উদ্বোধন রয়েছে। বিকাশ যাত্রার কেন্দ্রীয় এই অনুষ্ঠানে ১১৭.০২ কোটি টাকার ২৫ টি প্রকল্পের শিলান্যাস এবং ২৫.৬৫ কোটি টাকার একটি প্রকল্পের ভূমি পূজনও করবেন জেলার অভিভাবক মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া।

## মরিশাস সফরে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু

নয়াদিল্লি, ১১ মার্চ (হি.স.) : রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সোমবার মরিশাস সফরের উদ্দেশে রওনা দিয়েছেন। মরিশাসে তাঁর ৩ দিনের সফর রয়েছে। ১২ মার্চ মরিশাসের রাষ্ট্রীয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তিনি।

ভারতীয় নৌবাহিনীর একটি দলও এই অনুষ্ঠানে অংশ নেবে। এরমধ্যে ভারতীয় নৌবাহিনীর প্রথম প্রশিক্ষণ স্কোয়াড্রন জাহাজ - আইএনএস তীর এবং সিজিএস সারথীও রয়েছে।

মরিশাস সফরে থাকাকালীন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মরিশাসের রাষ্ট্রপতি পৃথ্বীরাজ সিং রোপুন এবং প্রধানমন্ত্রী প্রবিন্দ কুমার জুগনাথের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। জানা গেছে, মুর্মু মরিশাস জাতীয় পরিষদের অধ্যক্ষ, মরিশাস সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এবং অন্যান্য নেতাদের সঙ্গেও দেখা করবেন।

# প্রীতি সম্মেলন এবং চা চক্রের মাধ্যমে সম্পন্ন হল দীর্ঘ খেলো ধর্মনগরের অনুষ্ঠান

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১১ মার্চ:** প্রীতি সম্মেলন এবং চা চক্রের মাধ্যমে সম্পন্ন হল দীর্ঘ খেলো ধর্মনগরের অনুষ্ঠান। খেলো ধর্মনগর এই পরিকল্পনাকে সামনে রেখে গত ১৬ ডিসেম্বর ২০২৩ এ শুরু হয়েছিল একের পর এক প্রতিযোগিতার আসর। প্রায় এক মাসের উপর চলে এই আসর। সবার শেষে সম্পন্ন হয় ব্রিজ প্রতিযোগিতার ফাইনাল ম্যাচ। সার্বিক প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার পর সমস্ত ক্লাব কর্মকর্তাদের নিয়ে রবিবার সন্ধ্যায় ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে এক প্রীতি সম্মেলন এবং চা চক্রের আয়োজন করা হয়। এই চা চক্রের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন পুর পরিষদের চেয়ারম্যান প্রদ্যুৎ দে সরকার বিশিষ্ট সমাজসেবী শ্যামল নাথ সহ পুরো পরিষদের বিভিন্নস্তরের কর্মকর্তারা। বিশ্ব বন্ধু সেন বলেন আগামী খেলা ধর্মনগর প্রতিযোগিতায় আরো বেশ কিছু ইভেন্ট জুড়ে দেওয়া হবে যেমন জেবলিন থ্রো, বাস্কেটবল এবং মা বোনেদের জন্য লুডো। এই প্রতিযোগিতাকে সর্বাত্মক করে তুলতে সবার সব ধরনের খেলার আয়োজন করে সবার মধ্যে ছড়িয়ে দেওয়া হবে খেলাধুলার প্রয়োজনীয়তা এবং মানসিকতা। নেশা মুক্ত ধর্মনগর গড়তে খেলাধুলা একটা বিশেষ গুরুত্ব বহন করে চলেছে। যুব সমাজকে বাঁচাতে এবং নেশা মুক্ত ধর্মনগর তথা ত্রিপুরা গড়তে খেলাধুলার উপর গুরুত্ব আরোপ করা ছাড়া কোন বিকল্প নেই। তিনি মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন।

# বাপ্পিরাজ ফার্নিচারের একমাস ব্যাপী মেলা ও প্রদর্শনী সমাপ্ত

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১১ মার্চ: ধর্মনগরের জয় হিন্দ ক্লাব প্রাঙ্গনে বাপ্পিরাজ ফার্নিচার ও ইলেকট্রনিক দ্রব্যের এক মাস দশ দিনব্যাপী মেলা ও প্রদর্শনী রবিবার রাতে সাঙ্গ হল।এই মেলা ও প্রদর্শনীর শেষ দিনে যারা এখান থেকে বিভিন্ন দ্রব্য ক্রয় করেছিলেন তাদের কুপন নাম্বার দিয়ে একটি লাকি ড্র অনুষ্ঠিত হয়। এই লাকি ড্র তে প্রথম পুরস্কার পায় কুলিয়া শহরের তন্না সিনহা এসি মেশিন, দ্বিতীয় পুরস্কার লাভ করেন দিপুনা এবং তৃতীয় পুরস্কার লাভ করে রিন্টু কান্ত দাস। দ্বিতীয় এবং তৃতীয় পুরস্কার যথাক্রমে রেফ্রিজারেটর এবং ওয়াশিং মেশিন দেওয়া হয়। বাপ্পিরাজ ফার্নিচারের কর্নধার নিরঞ্জন দে জানান এতদিন আগরতলাতে এই ধরনের লাকি ড্র অনুষ্ঠিত হলেও ধর্মনগরের বুকে প্রথমবার এই ধরনের লাকি ড্র অনুষ্ঠিত হলো। আগামী দিনও এই ধরনের অনুষ্ঠান অব্যাহত থাকবে বলে তিনি জানান।

# ত্রিপুরা চা শিল্পকে আরো প্রসারিত করার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে : মেয়র


নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ :ত্রিপুরা চা শিল্পকে আরো প্রসারিত করার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। আজ ত্রিপুরা টি ডেভলপমেন্ট করপোরেশন ও টি বোর্ড ইন্ডিয়ার যৌথ উদ্যোগে রান ফর টি ওপেন ক্রস কান্টি রান -২০২৪ অনুষ্ঠানে একথা বলেন আগরতলা পুর নিগমের মেয়েটি দীপক মজুমদার।এই দৌড় প্রতিযোগিতায় মহিলা বিভাগের প্রায় ৪৫ জন এবং পুরুষ বিভাগের প্রায় ৯০ জন অংশগ্রহণ করেছিলেন। মহিলাদের জন্য ৩ কিলোমিটার ও পুরুষদের জন্য ৫ কিলোমিটার ওপেন ক্রস কান্টি দৌড় প্রতিযোগীতার আয়োজন করা হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর ঘোষ,প্রাক্তন চেয়ারম্যান সন্তোষ সাহা সহ অন্যান্য বিশিষ্টজনের। এদিনের দৌড় প্রতিযোগিতা শেষে পুরুষদের প্রথম ১০ জন ও মহিলাদের প্রথম ১০ জনকে পুরস্কৃত করেছেন মেয়েটি দীপক মজুমদার।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# কৃষি জ্ঞানার্জন কেন্দ্রের শুভ সূচনা

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১১ মার্চ।।** কৃষকদের আয় দ্বীগুন করার লক্ষ্যে কাজকরেযাচ্ছে রাজ্যসরকার। রাজ্যসরকারের উদ্দ্যেশ্যকে সাফল্যমন্ডীত করতে প্রতিনিয়ত কাজকরেযাচ্ছে বগাফা কৃষিদপ্তর। শান্তির বাজার মহকুমায় বগাফা কৃষি দপ্তরের তত্বাবধায়কের অফিসে কৃষকদের সুবিধার্থে রাজ্যসরকারের আর্থিক সহযোগিতায় কৃষিঞ্জানঅর্জন কেন্দ্রের নির্মান করাহয়। সোমবার এক অনুষ্ঠানের মধ্যদিয়ে এই ঞ্জানঅর্জন কেন্দ্রের শুভসূচনা করলেন কৃষিমন্ত্রী রতনলালনাথ। উদ্ভোধকের পাশাপাশি আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শান্তির বাজার বিধানসভা কেন্দ্রের বিধায়ক প্রমোদ রিয়াং, শান্তির বাজার পৌর পরিষদের চেয়ারম্যান সপ্না বৈদ্য, ভাইসচেয়ারম্যান সত্যব্রত সাহা, বগাফাব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীদাম দাস, বগাফা কৃষিদপ্তরের তত্বাবধায়ক রাজীব সেন সহ অন্যান্যরা। অনুষ্ঠানে বক্তব্যরাখতেগিয়ে কৃষিমন্ত্রী সমগ্র রাজ্যে কৃষিজ ফসল উৎপাদনে কোন জেলা কোন কোন স্থানে রয়েছে তানিয়ে বিস্তারিত তথ্য সকলের সামনে তুলেধরেন। কৃষিমন্ত্রী জানান দক্ষিন জেলায় কৃষি কাজে সয়ম্ভর কিন্তু আগের তুলনায় কৃষিজফসল উৎপাদনের হার কমেছে। তাই সকলকৃষককে সঠিকভাবে কৃষিকাজে এগিয়ে যাওয়ারজন্য বিশেষ আহব্বান জানান। তিনি জানান কৃষকদের সহায়তায় সমস্তপ্রকারের সাহায্যের হাত বারিয়েদেবে রাজ্যসরকার। অনুষ্ঠানে বক্তব্যরাখতে গিয়ে মন্ত্রী রতনলাল নাথ কৃষি ঞ্জানঅর্জন কেন্দ্রথেকে কৃষকরা কি কি সুবিধা পেতেপারে ও কিভাবে এই সুবিধাগুলি পাওয়াযাবে তানিয়ে বিস্তারিত আলোচনাকরেন। আলোচনা শেষে কৃষিদপ্তরের উদ্দ্যোগে বাছাইকরা কয়েকজন বেনিফিসারীর হাতে ট্রাকটার ও স্প্রে মেশিন তুলে দেওয়া হয়।

## আইন

● প্রথম পাতার পর

সালের পর নরেন্দ্র মোদী সরকারের তরফে সিএএ নিয়ে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু ২০১৯ সালের আগে সেই নিয়ে পদক্ষেপ হয়নি। ওই বছরই ডিসেম্বর মাসে সিএএ সংক্রান্ত বিল পাস হওয়া মাত্র রাষ্ট্রপতি তাতে সম্মতি দেন। তবে দেশজুড়ে এই ইস্যুতে প্রবল বিক্ষোভ শুরু হওয়ায় কার্যত চাপে পড়ে কেন্দ্রীয় সরকার সেই আইনটি কার্যকর করেনি।

## গুরুত্বপূর্ণ বৈঠক

● প্রথম পাতার পর

করিমগঞ্জ জেলার পুলিশ সুপার পার্থসারথি দাস, ত্রিপুরা এবং আসামের জিআরপিএফ ও আরপিএফ এর অফিসাররা, করিমগঞ্জ জেলার এডিশনাল পুলিশ সুপার প্রমূখ।

কিছুদিন আগে ত্রিপুরার ডিজিপি এবং আসানসহ উত্তর পূর্বাঞ্চলের বিজেপি পর্যায়ের বৈঠক সম্পন্ন হয়ে গেছে। ইতিমধ্যে বেশ কিছু সিআরপিএফ জোয়ান এসে কাজে যোগদান করে বিভিন্ন ঢাকা পয়েন্টে তল্লাশি চালাচ্ছে এবং ফ্লাগ মার্চ চালিয়ে যাচ্ছে।

নির্বাচনের সময় বিভিন্ন ধরনের নেশা জাতীয় দ্রব্যের আদান-প্রদান এবং বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্র আদান-প্রদান যাতে বন্ধ করা যায় তার জন্য দুই রাজ্যের এসপি পর্যায়ের এই বৈঠক আজ অনুষ্ঠিত হয়। নির্বাচনের সময় একে কাজে লাগিয়ে একটা দুষ্টুচক্র নেশা জাতীয় জিনিস লেনদেন এবং বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্র প্রবেশের সম্ভাবনা থেকে মানুষকে দূরে রাখতে এবং সম্পূর্ণ নিরাপত্তার ব্যবস্থা করতে আজকের এই গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয় বলে জানান উত্তর জেলার পুলিশ সুপার ভানু পদ চক্রবর্তী।

## কংগ্রেসের

● প্রথম পাতার পর

নির্বাচন কমিশনার অবসর গ্রহণ করেন। আর ৯ মার্চ হঠাৎই আরেক নির্বাচন কমিশনার অরুণ গোয়েল ইস্তফা দেওয়ায় শূন্য হয়েছে দুটি নির্বাচন কমিশনারের পদই। রাজধানীর রাজনীতির অলিন্দে খবর, আগামী ১৫ মার্চের মধ্যেই নতুন দুই কমিশনারকে নিয়োগ করবে সরকার। এরপরই সোমবার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হল কংগ্রেস।

## প্রধানমন্ত্রী

● প্রথম পাতার পর

আসার আহ্বান জানান। ভার্চয়াল অনুষ্ঠানে প্রধানমী নরেন্দ্র মোদি বলেন, শুধুমাত্র লাখপতি দিদি নয় বর্তমানে দেশে প্রশিক্ষণের মাধ্যমে তৈরি করা হচ্ছে নমো ড্রোন দিদি। এটি হবে দেশের এক ঐতিহাসিক উদ্যোগ। প্রথম পর্যায়ে দেশের ১ হাজার মহিলাকে আধুনিক ড্রোন চালনায় প্রশিক্ষশ দিয়ে ড্রোন দেওয়া হয়েছে। তিনি বলেন, এই ড্রোন দিদিগণও ভবিষ্যতে দেশের গর্ব হয়ে উঠবেন। এই ড্রোন দিদিগণ কৃষিক্ষেত্র ছাড়াও নানা জরুরি পরিষেবার ক্ষেত্রেও কাজ করবেন। প্রধানমী বলেন, দেশে বর্তমানে ১ কোটির বেশি মহিলা লাখপতি দিদি হয়েছেন। আগামীদিনে দেশে আরও ২ কোটি লাখপতি দিদি তৈরি করার পরিকল্পনা রয়েছে। আগামী ১০ বছরে দেশের ১০ কোটি মহিলাকে স্বসহায়ক দলগুলির সাথে যুক্ত করা হবে। দেশের গ্রামে গ্রামে মহিলা ক্ষমতায়নের এক জোয়ার সৃষ্টি করা হবে। কৃষি, মৎস্য, প্রাণীপালন, ব্যাঙ্ক সখী, শিক্ষা, স্বাস্থ্য ও সংস্কৃতি সর্বক্ষেত্রে ডিজিটাল ভারত গড়তে নারী শক্তিকে কাজে লাগানো হবে।

আগরতলা টাউনহলে আয়োজিত এই অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার ৯টি ব্লকের ২ জন করে লাখপতি দিদিকে সংবর্ধনা ও শংসাপত্র দেওয়া হয়। তাছাড়া জেলার বিভিন্ন স্বসহায়ক দলকে রিভলভিং ফাণ্ড ও কমিউনিটি ইনভেস্টমেন্ট ফাণ্ড দেওয়া হয়েছে। জেলার মান্দাই ব্লকের ৭৮টি স্বসহায়ক দলকে ১ কোটি ৭৫ লক্ষ ৩৫ হাজার টাকার ঋণের চেক তুলে দেওয়া হয়। অতিথিগণ স্বসহায়ক দলের প্রতিনিধিদের হাতে চেকগুলি তুলে দেন।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

রাজ্যের ১৩ লক্ষ মানুষকে স্বাস্থ্যবীমার আওতায় আনা হয়েছে। রাজ্যে সম্পতি মুখ্যমী জনআরোগ্য যোজনা চালু করা হয়েছে। এই যোজনায় কর্মচারি সহ যারা প্রধানমী জনআরোগ্য যোজনার আওতায় আসতে পারেননি তাদেরকে স্বাস্থ্যবীমার আওতায় নিয়ে আসার উদ্যোগ নেওয়া হয়েছে। যুব শক্তির বিকাশ, গরীব অংশের মানুষের কল্যাণ, মহিলা স্বশক্তিকরণ ও কৃষকের কল্যাণে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। মহিলাদের স্বনির্ভর করে তুলতে রাজ্যে ৫১ হাজারের উপর স্বসহায়ক দল গঠন করা হয়েছে। আর এসব কিছু করা হচ্ছে স্বচ্ছতা নিয়ে।অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে যুব বিষয়ক ও ক্রীড়ামী টিংকু রায় বলেন, কৈলাসহর মহকুমার সোনামুখী চা বাগান এলাকায় আগামী ২ বছরে অনেক উন্নয়ন করা হবে। এখানে খুব শীঘই জেলাশাসক, পুলিশ সুপার সহ অনেক অফিস বাড়ি নতুন করে তৈরি করা হবে। তিনি বলেন, চা বাগানের প্রায় ২ হাজার পরিবারকে জমির বন্দোবস্ত করে দিয়ে তাদের জন্য ঘর, পানীয়জল ও বিদ্যুতের ব্যবস্থা করা হয়েছে।

## গৃহবধূ

● প্রথম পাতার পর

ম্যাসেজ দিয়েছে। প্রাক্তন স্বামীকে ভালো থাকার জন্য উপদেশ দিয়েছে এবং নতুন সংসারে কন্যাকে নিয়ে ভালোই আছে বলে সুসংবাদ দিয়েছে। সামাজিক এই অবক্ষয়ের ঘটনায় গোটা রাজ্য জুড়ে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। এভাবেই চলতে থাকলে সমাজ রসাতলে যাবে তা আর বলার অপেক্ষা রাখে না।

## রতন

● প্রথম পাতার পর

ফলে এই এলাকার ১০টি এডিসি ভিলেজের জনগন উপকৃত হবেন। কৃষি ও বিদ্যৎ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ আজ শান্তিরবাজারে একটি গ্রামীণ কৃষি শিক্ষা কেন্দ্রেরও দ্বারোদঘাটন করেন। এই অনুষ্ঠানে কৃষিমী কৃষকদের মধ্যে ৫০টি স্পে মেশিন এবং ৪টি পাওয়ারটিলার বিতরণ করেন।

## ছাত্র

● প্রথম পাতার পর

তাই তাঁকে বাড়ি যেতে হয়েছিল। ট্রেন বিলম্বের কারণে সে পরীক্ষা কেন্দ্রে দেরিতে আসে পৌঁছায়। অভিজিৎ চাকমার আরও দাবি , সকাল ১০.৪২- ১০.৪৩ মিনিটে পরীক্ষা কেন্দ্রে এসে গিয়েছিল। তারপর ও তাঁকে পরীক্ষায় বসতে দেওয়া হয় নি। তাতে সে মানসিক ভাবে ভেঙে পড়েছে।

# করিমগঞ্জে স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আশা সম্মেলন অনুষ্ঠিত

করিমগঞ্জ (অসম) ১১ মার্চ (হি.স.) : করিমগঞ্জ জেলার আশা কর্মীদের নিরলস সেবা ও নিরন্তন প্রয়াসকে সম্মান ও স্বীকৃতি প্রদান করতে এবং তাদের উৎসাহিত করতে করিমগঞ্জের রাষ্ট্রীয় স্বাস্থ্য অভিযান ও জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে সোমবার সকাল সাড়ে ১০ টায় জেলা গ্রন্থাগার ভবনে জেলার ১২০৭ জন আশা কর্মীদেরকে নিয়ে 'আশা সম্মেলন ২০২৪' অনুষ্ঠিত হয়েছে। প্রদীপ প্রজ্জ্বলন, উদ্বোধনী সঙ্গীত ও প্রয়াত তিনজন আশা কর্মী রুবি বালা নাথ, বীণাবালা দেবী এবং মনি বেগমকে মঞ্চে নির্মিত অস্থায়ী বেদীতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করে এদিনের কার্যসূচির সূচনা করা হয়। এতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব।

স্বাগত ভাষণ দেন জাতীয় স্বাস্থ্য মিশনের ডিস্ট্রিক্ট মিডিয়া এক্সপার্ট সুমন চৌধুরী। তিনি বলেন তৃণমূল স্তরে সমাজের শেষ ব্যক্তিকে যারা নিঃস্বার্থভাবে অবিরত স্বাস্থ্য সেবা প্রদান করেন তারা হচ্ছেন আশা কর্মী। আশা কর্মীরা প্রতিটি পরিবারে সদ্য বিবাহিত যুগলের পঞ্জীকরন, গর্ভধারণ থেকে শুরু করে সন্তান প্রসব পর্যন্ত প্রতিটি দায়িত্ব সঠিকভাবে চালিয়ে যাচ্ছেন। যার ফলে প্রসূতি মৃত্যুর হার অনেকাংশে কমেছে। পাশাপাশি মাতৃ ও শিশুর টিকাকরণ, পুষ্টির তদারকি, পরিবার পরিকল্পনা ইত্যাদি এবং অসংক্রমিত অসুখ ডাইবেটিস, হাই ব্লাড প্রেসার ইত্যাদি থেকে রক্ষা করতে আশা কর্মীরা সজাগতা অভিযানসহ সরাসরি কাজ করে যাচ্ছেন। তাই তাদের সেবা অপরিসীম বলে তিনি বর্ণনা করেন। মুখ্য অতিথির ভাষণে জেলা আয়ুক্ত মৃদুল যাদব বলেন স্বাস্থ্য সেবা প্রদানে ডাক্তার ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের তৃণমূল স্তরে সর্বদা উপস্থিত থাকা সম্ভব হয়না, ওইসব স্থানে আশা কর্মীরা স্বাস্থ্য সেবা প্রদানসহ সজাগতা অভিযান চালিয়ে যাচ্ছেন। যা খুবই প্রশংসনীয় এবং সম্মানের বিষয়। তাই প্রতিবছর আশা কর্মীদের সম্মান প্রদান করতে এ ধরনের সম্মেলন আয়োজন করা হয় বলে জানান। এতে তিনি আশা কর্মীদের আগামী দিনগুলিতে স্বাস্থ্য সেবা প্রদানে আরও কিছু সংযোজন হচ্ছে, যার জন্য তাদের দক্ষতা আরও বৃদ্ধি করতে পরামর্শ দেন। পাশাপাশি আশা কর্মীদের যেকোন সমস্যা এবং তাদের কল্যাণে বিভিন্ন অনুদান সম্পর্কে অবগত হতে ও সুবিধা গ্রহন করতে আহ্বান জানান। এর জন্য প্রশাসনিক স্তরে সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করতে পরামর্শ দেন।

এ ব্যাপারে প্রশাসন থেকে আশা কর্মীদের সব ধরনের সহযোগিতা করা হবে বলে তিনি আশ্বাস প্রদান করেন। অন্যান্য অতিথির আসনে অতিরিক্ত মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিক ডা. মতিন্দ্র সূত্রধর আশাদের দৃশ্যত চালিকা শক্তি ও রাস্তার প্রদীপ হিসেবে বর্ণনা করেন। আশাদের জন্য করিমগঞ্জ জেলা ইমিউনাইজেশনে এগিয়ে রয়েছে বলে জানান। পাশাপাশি তিনি আশা কর্মীদের সেবা অপরিসীম বলে বর্ণনা করেন। এতে স্বাস্থ্য যুগ্ম সঞ্চালক ডা. রাজীব বরুয়া তার ভাষণে বলেন রাজ্যের মধ্যে করিমগঞ্জ জেলার আশা কর্মীদের জন্য জেলার স্বাস্থ্যসেবা প্রদর্শন একটি উচ্চ স্থানে রয়েছে। তিনি জানান আশা কর্মীদের মধ্যে শিক্ষার আগ্রহ পরিলক্ষিত করেছেন, এ প্রসঙ্গে কুষ্ঠ সনাক্তকরণে আশা কর্মীদের সক্রিয় ও নিরলস প্রচেষ্টার কথা উল্লেখ করেন। সম্মেলনে অংশগ্রহণ করে স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম আশা কর্মীদের নিরন্তর কাজের জন্য আয়ুষ্মান কার্ড বিতরণে করিমগঞ্জ জেলা রাজ্যের মধ্যে প্রথম স্থানে রয়েছে বলে জানান। এতে তিনি কোভিড, বন্যা, নির্বাচন, ইমুনাইজেশন, পরিবার পরিকল্পনা, পুষ্টি অভিযান ইত্যাদির মত কার্যক্রমে আশা কর্মীদের সক্রিয় সহযোগিতার কথা উল্লেখ করেন। তিনি প্রসঙ্গত আশা কর্মীদের একজন দক্ষ আধিকারিক থেকেও বেশি কাজ করার ক্ষমতা থাকা হিসেবে বর্ণনা করেন। এতে তিনি আশা কর্মীদের যেকোন সমস্যার সমাধানে সর্বদা প্রস্তুত রয়েছেন বলে জানান। এদিনের সম্মেলনে আশা কর্মীদের উৎসাহিত করতে তিনটি প্যারামিটারের ভিত্তিতে জেলার প্রতিটি ব্লক পিএইচসি থেকে শ্রেষ্ঠ কাজের নিরিখে তিনজন আশা কর্মী এবং একজন সুপারভাইজারকে মানপত্র ও ট্রফি দিয়ে সম্মান জানানো হয়। এতে গিরিশগঞ্জ ব্লক পিএইচসির অধীনে আশা কর্মী শরিফা বেগম, রত্না বেগম ও ছায়া বেগম যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় এবং আশা সুপারভাইজার সাথী দাসকে পুরস্কার তুলে দিয়ে সম্মান জানানো হয়। পাশাপাশি, কচুয়াদাম ব্লক পিএইচসির অধীনে তাপসী দাস, হুসনা বেগম ও পেয়ারা বেগমকে এবং সুপারভাইজার অলকনন্দা নাথকে অনুরূপভাবে পুরস্কৃত করা হয়। এদিকে নিলাম বাজার ব্লক পিএইচসি অধীনে কল্পনা দাস, মঞ্জুনাথ ও জিবুন্নেসা এবং সুপারভাইজার ফেরদৌসী বেগম চৌধুরীকে পুরস্কৃত করা হয়। অনুরূপভাবে পাথারকান্দি ব্লক পিএইচসির অধীনে আশা কর্মী সরিতা কানু, সামিনা বিবি ও বীণা গুনা এবং সুপারভাইজার জাহিদা বেগমকে পুরস্কৃত করা হয়। এদিকে রামকৃষ্ণ নগর ব্লক পিএইচসির অধীনে রিংকুরানি দাস, আমিনা বিবি ও আসমা বেগম এবং সুপারভাইজার শিল্পী দেবনাথকে পুরস্কৃত করা হয়।

এছাড়া করিমগঞ্জ শহরাঞ্চলের অধীনে আশা কর্মী অনিমা দাস, শিল্পী পাল এবং দীপা রানী দাসকে প্রথম দ্বিতীয় ও তৃতীয় হিসেবে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে জেলা আয়ুক্ত সহ উপস্থিত অতিথিরা আশা কর্মী ও সুপারভাইজারদের হাতে এই সম্মান তুলে দেন। এদিনের সম্মেলনে অন্যান্যদের মধ্যে করিমগঞ্জ সিভিল হাসপাতালের অধীক্ষক ডা. লিপি দেব, ডিআইও ডা. বি কে সরকার, রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশনের ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজার হানিফ মোহাম্মদ কৌসর আলম, ব্লক পিএইচসিগুলির এসডিএম অ্যান্ড এইচও, ব্লক প্রোগ্রাম কর্ডিনেটর, আশা সুপারভাইজার ও সংবাদ মাধ্যমের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এছাড়া সারাদিনব্যাপী কার্যসূচিতে আশা কর্মীরা সঙ্গীত, নৃত্য ইত্যাদি সাংস্কৃতিক কার্যক্রমও পরিবেশন করেন।

# লোকসভা নির্বাচনের জন্য করিমগঞ্জের কয়েকটি জোনে নতুনভাবে জোনাল ও সেক্টর অফিসার নিয়োগ

করিমগঞ্জ (অসম) ১১ মার্চ (হি.স.) : লোকসভা নির্বাচনের জন্য করিমগঞ্জের জেলা নির্বাচন আধিকারিক গত ১৮ জানুয়ারি, ৬ ও ২০ ফেব্রুয়ারি তারিখে লোকসভা নির্বাচনের পার্সোনাল সেল থেকে জারি আদেশের আংশিক পরিবর্তন করে পূর্ববর্তী আধিকারিকদের অন্যত্র বদলির পরিপ্রেক্ষিতে নতুন জোনাল ম্যাজিস্টেট, জোনাল অফিসার এবং সেক্টর অফিসার নিয়োগ করে দায়িত্ব সমঝে দিয়েছেন। এতে জোন-১ রামকৃষ্ণনগর, জোন-২ রাতাবাড়ি এবং জোন-৩ দুল্লভছড়ার জন্য জোনাল ম্যাজিস্টেট নিয়োগ দেওয়া হয়েছে রামকৃষ্ণনগরের সার্কেল অফিসারকে। জোন-৮ বারৈগ্রাম এবং জোন-৯ নিলামবাজারের জোনাল ম্যাজিস্টেট নিলামবাজারের সার্কেল অফিসারকে। জোন-১৫ মহাকলের জোনাল ম্যাজিস্টেট বদরপুরের সার্কেল অফিসার কিমনেইনেম চাংসাংকে (৯১২৭৩৬৫৫৭৫) নিয়োগ দেওয়া হয়েছে।

এদিকে রামকৃষ্ণনগরের বিডিও রসিয়েমকিম রিএংসেটেকে (৭৬৩৬৮৯১৩৬) রামকৃষ্ণনগরের জোনাল অফিসার নিয়োগ দেওয়া হয়েছে। রাতাবাড়ির জোনাল অফিসার হামেন দাস,ডিএও,করিমগঞ্জ (৬৯০০৪৪৩৬৫৯ /৮৮২২৭৮৮১১০)। দুল্লভছড়ার জোনাল অফিসার আনিস আহমেদ, নির্বাহী বাস্তুকার, রাতাবাড়ি পাথারকান্দি ইরিগেশন ডিভিশন (৯৪৩৫০৭৮৪৫৪)। বারৈগ্রামের জোনাল অফিসার পৃথ্বিরাজ দাস,ডেপুটি ডিরেক্টর, ইকোনমিক অ্যান্ড স্ট্যাটিস্টিকস (৯৪৩৫৭১২৩৬৭)। নিলামবাজারের জোনাল অফিসার অসীত দেব, নির্বাহী বাস্তুকার,জলসম্পদ বিভাগ, করিমগঞ্জ (৯৪৩৫১৭৯৭১০)। মহাকালের জোনাল অফিসার এইচ এল টুলব, সহকারী নির্বাহী বাস্তুকার,বদরপুর ইরিগেশন সাবডিভিশন (৬০০১৩৭৪৬৮১)।এদিকে, কালীনগরের সেক্টর অফিসার সুনীল দোলে। আরকে নগরের সেক্টর অফিসার কৃষ্ণেন্দু নাথ। আসিমগঞ্জের সেক্টর অফিসার শিলাদিত্য শেখর দাস। দোহালিয়ায় সেক্টর অফিসার অজয় চৌহান। কায়স্থগ্রামের সেক্টর অফিসার শাহনেওয়াজ শরিফ এবং মহাকালের সেক্টর অফিসার বিকুল বৈশ্যকে দায়িত্ব দেওয়া হয়েছে। এতে জেলা নির্বাচন আধিকারিক জোনাল ও সেক্টর অফিসারদের নির্দেশ দিয়েছেন যে পূর্ববর্তী জোনাল ও সেক্টর অফিসাররা তাদের নির্ধারিত ভোট কেন্দ্রগুলির ভেরিফিকেশন যদি না করে থাকেন তবে তারা যেন অতিসত্বর তাদের নির্ধারিত ভোট কেন্দ্র গুলির ভেরিফিকেশন করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে রিপোর্ট দাখিল করেন।

# কিশোরীকে ধর্ষণ, ইসলামপুর থানায় তির ধনুক নিয়ে বিক্ষোভ আদিবাসীদের

উত্তর দিনাজপুর, ১১ মার্চ (হি.স.): ফাঁকা বাড়িতে নবছরের এক কিশোরীকে ধর্ষণের অভিযোগ উঠেছে পড়শির বিরুদ্ধে। ঘটনার পর নির্যাতিতাকে হাসপাতালে ভর্তি না করার অভিযোগে উত্তপ্ত হয়ে ওঠে উত্তর দিনাজপুরের ইসলামপুর থানার কুন্দরগাঁও এলাকা। হাসপাতাল সুপারের বিরুদ্ধে কড়া ব্যবস্থা এবং অভিযুক্তকে গ্রেফতারের দাবিতে সোমবার ইসলামপুর থানায় তির ধনুক নিয়ে বিক্ষোভ দেখায় আদিবাসীরা।

বিক্ষোভকারীদের আশ্বস্ত করতে গিয়ে তুমুল বচসা শুরু হয় থানা ক্যাম্পাসে। নির্যাতিতার পরিবার সূত্রের অভিযোগ, গত শনিবার বিকালে ফাঁকা বাড়িতে একা ছিল নয় বছর বয়সি ওই নাবালিকা। বাড়িতে ঢুকে কিশোরীকে ধর্ষণ করা হয় বলে স্থানীয় এক বছর সতেরোর কিশোরের বিরুদ্ধে অভিযোগ। যৌন অত্যাচারের ফলে রক্তক্ষরণে অসুস্থ হয়ে পড়ে ওই নাবালিকা। কিন্তু কাউকে সে কিছুই জানায়নি। অনেক জিজ্ঞাসা করার পর রবিবার সকালে ধর্ষণের ঘটনাটি সামনে আসে।রক্তাক্ত অবস্থায় ওই নাবালিকাকে ইসলামপুর মহকুমা হাসপাতালে আনা হয়। অভিযোগ, হাসপাতাল কর্তৃপক্ষ ভর্তি না করে নির্যাতিতা কিশোরীকে ফিরিয়ে দেয়। এই অভিযোগ তুলে সোমবার হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে ক্ষিপ্ত হয়ে ওঠে আদিবাসীরা। নির্যাতিতাকে সোমবার সকাল থেকে ইসলামপুর থানায় বসিয়ে রাখা হয় বলে পরিবারের অভিযোগ।শেষপর্যন্ত পুলিশের সহযোগিতায় বেলা একটা নাগাদ ওই নাবালিকাকে ইসলামপুর মহকুমার হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করানো হয়।।

# অমিতের কটাক্ষকে তোপ সদ্য পদত্যাগী পুলিশকর্তা প্রসূনের

কলকাতা, ১১ মার্চ (হি.স.) : পদত্যাগ করার একদিন পরই রাজ্যের শাসক দলের প্রার্থী হয়েছেন পুলিশের সদ্য প্রাক্তন আইজি প্রসূন বন্দ্যোপাধ্যায়। এর পরই টুইটে কটাক্ষ করেছেন বিজেপি নেতা অমিত মালব্য। সংবাদমাধ্যমের কাছে সেই কটাক্ষকে তোপ দাগলেন প্রসূনবাবু।

প্রাক্তন আইপিএসের দাবি, তিনি এসবে আমল দিচ্ছেন না। তাঁর মতে, ভয় পেয়েই এসব কথা বলছে বিজেপি। তাঁর কাছে রাজনীতি মানুষের কাছে পৌঁছনোর একটা জায়গা। প্রসূন বন্দ্যোপাধ্যায় বলেন, "তৃণমূলের এই রাজনীতি মা মাটি মানুষের জন্য। বাজে লোকের কথার প্রতিক্রিয়া আমি দিই না।" পুলিশ আধিকারিক পদ সম্পর্কে তিনি বলেন, "ওটা অতীত। এখন আমি পুরোপুরি একজন রাজনৈতিক কর্মী। ওরা নিছক ভয় পাচ্ছে। বাংলার প্রতি যে বঞ্চনা করা হয়েছে, কোথাও একটা এর বিরুদ্ধে কথা বলা দরকার ছিল।" জয়ের ব্যাপারে তিনি ১০০ শতাংশ নিশ্চিত।

প্রসঙ্গত, মালদা উত্তর লোকসভা কেন্দ্রের প্রার্থী হিসেবে প্রসূণবাবুর নাম ঘোষণা করেছে তৃণমূল। অমিত মালব্য এক্স হ্যান্ডলে লিখেছেন, বাংলার পুলিশ কতটা পক্ষপাতদুষ্ট, তার একটা বড় উদাহরণ এই ঘটনা। এর থেকে বোঝা যায়, পুলিশ অফিসার হিসেবে মমতা বন্দ্যোপাধ্যায়ের আজ্ঞাবহ ছিলেন তিনি।

# ভোটের মুখে চিটফান্ড তদন্তে তৃণমূলের ১০.২৯ কোটি টাকা বাজেয়াপ্ত করল ইডি

কলকাতা, ১১ মার্চ (হি.স.): তৃণমূলের ১০.২৯ কোটি টাকা বাজেয়াপ্ত করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের দিল্লির আঞ্চলিক দফতর। সোমবার বিকেলে এক বিবতিতে তা জানিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।ওই বিবৃতিতে বলা হয়েছে, তৃণমূল কংগ্রেসের ১০.২৯ কোটি টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। অ্যালকেমিস্ট গ্রুপের বিরুদ্ধে বেআইনি আর্থিক লেনদেনের অভিযোগ নিয়ে যে তদন্ত চলছে, তারই সূত্র ধরে এই টাকা আপাতত বাজেয়াপ্ত করা হয়েছে। ডিমান্ড ড্রাফের মাধ্যমে ওই টাকার লেনদেন হয়েছিল।একদা অ্যালকেমিস্টের কর্ণধার কে ডি সিং তৃণমূলের রাজ্যসভার সাংসদ ছিলেন। সারদা, রোজভ্যালির মতো ওই সংস্থার বিরুদ্ধেও চিটফান্ড কেলেঙ্কারির অভিযোগ উঠেছিল। সুপ্রিম কোর্টের নির্দেশে এ ব্যাপারে সিবিআই তদন্ত শুরু করেছিল।

তবে ইডি এদিন যে বিবৃতি দিয়েছে বা পদক্ষেপ করেছে, তার সময় তাৎপর্যপূর্ণ বলেই মনে করছেন কেউ কেউ। এ ব্যাপারে তৃণমূল এখনও দলগত ভাবে কোনও প্রতিক্রিয়া জানায়নি। তবে ঘরোয়া ভাবে দলের এক মুখপাত্র বলেন, তৃণমূল সিএএ-র প্রতিবাদ করতে চলেছে। মমতা বন্দ্যোপাধ্যায় এ ব্যাপারে ইতিমধ্যে হুঁশিয়ারি দিয়ে দিয়েছেন। বিরোধীদের চুপ করাতে আগেভাগেই নন্দী আর ভৃঙ্গী তথা ইডি-সিবিআইকে মাঠে নামিয়ে দেওয়া হয়েছে।

# অনূর্ধ-২০ জাতীয় ফুটবল আসরের জন্য রাজ্যদল গঠনের শিবিরে ব্যাপক সাড়া

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ফুটবল মাঠেও যে ছেলেরা আসে তার একটা প্রমাণ মিলেছে এখন। জাতীয় আসরের জন্য রাজ্য দল গঠিত হবে একটি। সেসলে শিবিরে এত সংখ্যক ফুটবলার শামিল হয়েছে, তা যেন চারটি দল গঠনের সমতুল্য। আগামী মাসেই ছত্তিশগড়ে অনুষ্ঠিত হতে চলেছে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের উদ্যোগে অনূর্ধ ২০ জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ। জাতীয় স্তরের এই ফুটবল আসরে অংশ নেবে ত্রিপুরা। সেই লক্ষ্যে চূড়ান্ত রাজ্য দল গঠন করতে প্রস্তুতিতে নেমে পড়েছে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন। রবিবার এমনটাই দেখা গেল আগরতলা উমাকান্ত মিনি স্টেডিয়ামে। রাজ্য দল গঠন করতে এদিন থেকে শুরু হলো দল গঠনের প্রাথমিক শিবির। শিবিরের প্রথম দিন রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ৮০ জন ফুটবলার অংশ নেয়। সোমবারে সংখ্যাটা আরও বেড়েছে। আরও বাড়বে বলে দাবি শিবিরে প্রশিক্ষকের দায়িত্বে থাকা প্রশিক্ষকরা। এই দল নির্বাচনী শিবির থেকে বাছাই করা ফুটবলারদের নিয়ে চলতি মাসের শেষ দিকেই অনুষ্ঠিত হবে স্বল্পমেয়াদী শিবির। চূড়ান্ত প্রস্তুতির পর এপ্রিল মাসের প্রথম সপ্তাহে রাজ্য দল ছত্তিশগড়ের উদ্দেশ্যে আগরতলা ত্যাগ করবে। সাফল্যের লক্ষ্যে একটি ব্যালেন্সড দল গড়ার প্রয়াস রয়েছে কোচদের।

# জয়ের হ্যাট্রিকের লক্ষ্যে ইউনাইটেড ফ্রেন্ডস কাল স্ফুলিঙ্গের মুখোমুখি


ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টানা দুই ম্যাচ জয়ের পর ইউনাইটেড ফ্রেন্ডস এখন জয়ের হ্যাটট্রিক এর লক্ষ্যে। দুদিন বিরতি কাটিয়ে ইউনাইটেড ফ্রেন্ডস ১৩ মার্চ ফুলিঙ্গের মুখোমুখি হচ্ছে। এদিকে, রজত ও বিশালের ব্যাটিং এবং সন্দীপ ও ঋত্বিকের বোলিং এর সাহায্যে রবিবার জয়ের ধারা অব্যাহত রাখল ইউনাইটেড ফ্রেন্ডস। প্রতিপক্ষ জেসিসি কে হারিয়ে জয়ের দৌড় বজায় রাখে ক্রিকেটাররা। আর তাদের এই জয়ে প্রথম পরাজয়ের মুখ দেখল জেসিসি। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন সিনিয়র লিগ ক্রিকেট টুর্নামেন্টের সূচি অনুযায়ী রবিবার নরসিংগড় টি আই টি মাঠে নিজেদের দ্বিতীয় ম্যাচ খেলতে পরস্পরের মুখোমুখি হয় জেসিসি ও ইউনাইটেড ফ্রেন্ডস। দিনের এই ম্যাচে ইউনাইটেড ফ্রেন্ডস ৪৭ রানে পরাজিত করে জে সি সি কে। সকালে জেসিসি টসে জিতে ফিল্ডিং এর সিদ্ধান্ত নিলে আগে ব্যাট করার সুযোগ পায় ইউনাইটেড ফ্রেন্ডস। আর এই সুযোগকে কাজে লাগিয়ে ইউনাইটেড ফ্রেন্ডস ৪৮.২ ওভারে সব কয়টি উইকেট হারিয়ে সংগ্রহ করে ১৬৪ রান। রজত দের ৫০ রান ও বিশাল ঘোষ এর ৪৯ রানের সাহায্যে ইনিংসে এই রান তুলে ইউনাইটেড ফ্রেন্ডস। জেসিসির বোলারদের মধ্যে পারভেজ সুলতান ১০ রান দিয়ে সর্বোচ্চ দুটি উইকেট নেয়। জবাবে জয়ের জন্য ১৬৫ রানের টার্গেট নিয়ে জেসিসি ব্যাট করতে নেমে সবকটি উইকেট হারিয়ে ১১৭ রানে থেমে যায়। জেসিসির ব্যাটসম্যানদের মধ্যে অর্জুন দেবনাথ ইনিংসে সর্বোচ্চ ২৪ রান করে। ফ্রেন্ডসের বোলারদের মধ্যে সন্দীপ সরকার ২৫ রানে তিনটি ও ঋত্বিক শ্রীবাস্তব সাত রান দিয়ে দুটি করে উইকেট পেল। দিনের এই ম্যাচ জেসিসিকে ৪৭ রানে হারিয়ে জয়ের ধারাবাহিকতা অটুট রাখল ইউনাইটেড ফ্রেন্ডস।

**অপরিচিত পুরুষ ব্যক্তির মৃতদেহের সনাক্ত করণ চাই**

Ref :- GB TOP GD Entry No-18 Dated :06/03/2024

পাশের ছবিটি একজন অপরিচিত পুরুষ ব্যক্তির মৃতদেহ বয়স ৫৫ বছর উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চি গায়ের রঙ শ্যামলা মুখ মন্ডল গোলাকার চুল কালো গত ০৬/০৩/২০২৪ইং তারিখ ৩টা ৪৫ মিনিটে জিবিপি হাসপাতালে মারা যায়। বর্তমানে মৃতদেহ আগরতলা জিবিপি হাসপাতালের মর্গে রাখা হয়েছে। সনাক্তকরণ করার জন্য আজ পর্যন্ত কোন ব্যক্তি বা আত্মীয় স্বজন মৃতদেহের দাবী করেনি।

উপরে উল্লেখিত অপরিচিত পুরুষ ব্যক্তির মৃতদেহের সমন্ধে কাহারো কোন তথ্য জানা থাকিলে বা আত্মীয় স্বজন থাকিলে নিম্নলিখিত ঠিকানায় ও কোন নম্বরে যোগাযোগে করার জন্য অনুরোধ করা হল।



১। পুলিশ সুপার (পশ্চিম ত্রিপুরা) ০৩৮১২৩২ ৩৫৮৩
২) সিটি কন্ট্রোল ০৩৮১ ২৩২ ৫৭৮৫য/১০০
৩) জিবিটি ওপি০৩৮১ ২৩৫ ৫০৯৫

পুলিশ সুপার
পশ্চিম ত্রিপুরা

ICA-D-1939/24

**PRESS NOTICE INVITING e-TENDER NO. 27/EE/LTV/PWD/M/2023-24 Dated. 06/03/2024**

The Executive Engineer, PWD(R&B) LTV Division, Manu, Dhalai, Tripura invites on behalf of 'Governor of Tripura' percentage rate e-tender for the following works:-
i). DNIe-T No:- 94/CE/PWD(R&B)/SE(P&DU)/2023-24
E/C;- Rs/- 3,52,67,119.00 E/M:- Rs/- 7,05,342.00 Time/Period :- 270(two hundred & seventy) days
ii). DNIe-T No:- 98/CE/PWD(R&B)/SE(P&DU)/2023-24
E/C:- Rs/- 3,55,64,339.00 E/M:- Rs/- 7,11,287.00 Time/Period :- 270(two hundred & seventy) days
Last date & time for online Bidding:- 03/04/2024 upto 3.00 P.M __ Bid Fee:- Rs/- 8,000.00
Note:- The Bid Forms & other details in/c. online activities should be done in the e-procurement portal https:/ tripuratenders.gov.in

ICA/C-5134/24

(For & on behalf of the Governor of Tripura)
L.T Vall•y Division-PWD(R&B)
Manu Dhalai, Tripura
Executive Engineer
Longtharai Valley Divisior
P.W.D. Manu, Chalar

TRIPURA ROAD TRANSPORT CORPPORATION
GOVT. OF TRIPURA UNDERTAKING,

**INVITATION**

Inaugural Ceremony of
New Terminal Building at Nagerjala Bus Stand.

Sir/ Madam,

I am privileged to invite you to witness the inaugural ceremony of New Terminal Building at Nagerjala Bus Stand, Agartala, West Tripura on 12/03/2024 at 5.00 P.M.

The following dignitaries have given their kind consent to grace the occasion:

INAUGURATOR & CHIEF GUEST :- PROF. (DR.) MANIK SAHA. HON'BLE CHIEF MINISTER , TRIPURA.

SPECIAL GUEST :- SHRI SUSHANTA CHOWDHURY, HON'BLE MINISTER FOR TRANSPORT, FOOD, CIVIL SUPPLIES & CONSUMER AFFAIRS & TOURISM DEPERTMENT,GOVERNMENT OF TRIPURA.

GUEST OF HONOU :- SHRI DIPAK MAJUMDER, HON'BLE MAYOR,AGARTALA MUNICIPAL CORPORATION, TRIPURA.

PRESIDENT :- SHRI BALAI GOSWAMI, HON'BLE CHAIRMAN, TRIPURA ROAD TRANSPORT CORPORATION.

With regards

UTTAM MANDAL, IAS
MANAGING DIRECTOR,
TRTC

ICA/D-1944/24

**PNIe-T No.:- 57/EE/DD/PWD(R&B)/2023-24 Dated. 06 -03-2024**

The Executive Engineer, PWD (R&B) Dharmanagar Division, Dharmanagar (N) Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following works:
1. Name of work:- Improvement of road from Borgul to Julaibasa (L-1+0.30KM) and DRBS to Das tilla (L-1+0.10KM), under Kadamtala RD Block under RIDF - XXIX during the year 2023-24/SH: GSB, WBM-II, WBM-III, PMC, etc (L-2.40KM). (Job No.TP/COM/178/2023-24.
DNIT No.: 109/CE/PWD(R&B)/SE (P&DU)/2023-24.
Estimated Cost: Rs/-.4,00,00,583.00
Earnest Money:- Rs/-.8,00,012.00
Bid Fee:- Rs/- 8,000.00
Time for completion:- 360 (Three hundred sixty) Days.
2. Name of work:- Construction of proposed R.C.C. bridge over Kakri river on the road from Dharmanagar College road near water supply plant at ch.1.14 KM. Dharmanagar, North Tripura / SH: Balance work.
DNIT No.:- 53/SE()/KGT/2023-24.
Estimated Cost:- Rs.62,94,456.00
Earnest Money:- Rs.1,25,889.00
Bid Fee:- Rs.4000.00
Time for completion:- 270 (Two hundred seventy) Days
Last date & time for online Bidding: 26-03-2024. upto 3:00 PM.
Note: The bid forms and other details including online activities should be
done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C-5139/24

Executive ENineer
PWD (R&B)
Dharmanagar Division
Dharmanagar,(N) Tripura

**PNIT No. : 44 /EE-VIAGTIPWD(R&B)/23-24 Dated 7th March 2024**

The Executive Engineer, Agartala Division No.V, PWD(R&B), Agartala, West Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:
4. Name of Work : Construction of CC Road and allied works at different location of 13-Pratapgarh Assembly Constituency under BEUP Scheme / SH: !).Const. of C.C Road approx 100 mtr. near the H/O Krishna Hrishi Das to Bishnu Hrishi Das under Ward No. 26, AMC at Aralia.II). Const. of C.C Road approx 100 mtr. near the H/O Shanti Debnath to Phalu Das via Bhanu Saha under Ward No. 29, AMC at Bankumari (Saha Para). III). Const. of C.C Road approx 50 mtr. near the H/O Naresh Ch. Das to Narayan Banik under Ward No. 43, AMC at Phul Kali Bari (Back side) of Pratapgarh.IV). Const. of C.C Road approx 50 mt. near the HIO Lt. Kalipada Saha to Umesh Debnath under Ward No. 42, AMC at Majumder Tilla.V). Const. of C.C Road approx 100 mtr. near the H/O Jibon Poddhar to Manik Lal Bhowmik under Ward No. 28, AMC.VI). Const. of C.C Road approx 80 mtr. near the H/O Raghunath Mukharjee to Late Ganesh Deb via Jayanta Ray House under Ward No. 28, AMC.
Estimated Cost: Rs. 17,95,451.10 ,
Bid Fee: Rs. 1,000.00
Last date & time for online Bidding: 27 March , 2024 upto 3:00 PM
Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https:// tripuratenders.gov.in
ICA/C-5129/24

[Er.M.Kapali]
jExecutive Engineer
Agartala Division No. V, PWD(R&B),
Agartala, West Tripura.

**Ref. DNIT. No.F.3(20)- SF/SBM(SATYTENDER/2023- 24 4488-94 Dated, Satchand, the 06-03-2024**
**PRESS NOTICE INVITING TENDER**

Sealed Tender are hereby invited by the undersigned on behalf of the Governor of Tripura from bonafide Fish spawn producer (Individual /Fishery based SHGs/MSS Ltd.) of Sabroom Sub-division or South Tripura District who are producing available quantity of Mixed Major Carp Spawn in their hatchery for supplying of good quality mixed variety of Carp Fish spawn (Catla 30%, Rohu 40% & Mrigal 30%) in different Gram Panchayat / Village committee/ NP of Sabroom Sub- Division, South Tripura, during the year 2024-25. The interested tenderer may contact with the office of the undersigned during any office working days from 11.00 AM to 4.00 PM up to the date 16/03/2024 for collection of tender form and detail terms and condition. The last date of submission of the tender is upto 2.00 PM of 18/03/2024.

ICA/C-5124/24

Ajoy Das
Superintendent of Fisheres
Sabroom, abdorethipura

# খুমুলুঙে ফুটবলের নবনির্মিত সিনথেটিক মাঠের উদ্বোধন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ড্রাগমুক্ত সমাজ গঠনের আহ্বান জানালেন এডিসির প্রশাসন সংস্কার কমিটির চেয়ারম্যান তথা এমডিসি প্রদ্যোৎ বিক্রম কিশোর দেববর্মা। সোমবার খুমুলুঙস্থিত ফুটবল খেলার নবনির্মিত সিনথেটিক মাঠের শুভ উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন জনজাতির অংশের ছেলে মেয়েদের মধ্যে অনেক প্রতিভাবান খেলোয়ার রয়েছে। সুযোগের অভাবে কাজে লাগাতে পারছেনা। এই মাঠ তৈরী করার পরিপ্রেক্ষিতে জনজাতি অংশের ছেলে মেয়েরা খেলাধূলার আরও বেশি সুযোগ পাবে। সঠিকভাবে সুযোগ পেলে জাতীয় ও আন্তজাতিক পর্যায়ে খেলোয়ার হয়ে উঠে আসবে বলে তিনি আশা ব্যক্ত করেন। তিনি যুবসমাজকে খেলাধূলার এগিয়ে আসার আহ্বান জানান। এই সিনথেটিক মাঠ নির্মাণে ব্যয় হয়েছে মোট ৫ কোটি ৩৬ লক্ষ টাকা। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন এডিসির মুখ্যনির্বাহী আধিকারিক সি. কে. জমাতিয়া বলেন এধরনের ফুটবল খেলার সিনথেটিক মাঠ কিল্লার, খোয়াই ও অন্যান্য জোন্যালে নির্মাণ করা হবে।

সভাপতিত্ব করেন এডিসির ক্রীড়া ও যুব কর্মসূচী দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী বৃষকেতু দেববর্মা, এডিসির চেয়ারম্যান জগদীশ দেববর্মা, এডিসির মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই, শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, সমবায় দপ্তরের নির্বাহী সদস্য অনন্ত দেববর্মা, প্রাক্তন এম এল এ রাজেশ্বর দেববর্মা, এডিসির প্রাক্তন সি ই এম বুধু দেববর্মা, এমডিসি উমাশঙ্কর দেববর্মা, ধীরেন্দ্র দেববর্মা, গনেশ দেববর্মা, পশ্চিম জোন্যালের চেয়ারম্যান টনি দেববর্মা, এডিসির আইনি উপদেষ্টা দাতামোহন জমাতিয়া ও এডিসির বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

# চা নিগম আয়োজিত ওপেন ক্রস কান্ট্রি দৌড়ে সেরা লক্ষ্মী, আকাশ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। 'রান ফর টি' স্লোগান কে সামনে রেখে আয়োজিত ওপেন ক্রস কান্টি দৌড় প্রতিযোগিতায় মহিলা বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুলের লক্ষ্মী রানী ত্রিপুরা প্রথম স্থান অর্জন করেছে। দ্বিতীয় ও তৃতীয় স্থান পেয়েছে যথাক্রমে কলেজ প্লে সেন্টারের স্নিগ্ধা চৌধুরী ও রানির বাজার প্লে সেন্টারের অরিজিতা সাহা। এ ছাড়া তৃতীয় থেকে দশম পর্যন্ত যথাক্রমে অন্তরা ঘোষ, নিতীকা, মমিতা শীল, অনামিকা পাল, ইয়াসমিন আক্তার, ঝরনাবালা দেবনাথ এবং মাম্পি দে কেও অর্থ পুরস্কারে সম্মানিত করা হয়েছে। পুরুষ বিভাগে নবগ্রাম কোচিং সেন্টারের আকাশ বর্মন প্রথম স্থান অর্জন করেছে। দ্বিতীয় ও তৃতীয় স্থান পেয়েছে যথাক্রমে সাই এর সৌরভ হোসেন ও রানির বাজার প্লে সেন্টারের মোবারক হোসেন। এছাড়া তৃতীয় থেকে দশম পর্যন্ত যথাক্রমে অনিমেষ দে, কিষান দেববর্মা, তনয় ভৌমিক আকাশ নাথ, সাগর দেব, গৌরব দেবনাথ ও দ্বীপ দাস কেও অর্থ পুরস্কারে সম্মানিত করা হয়েছে। সোমবার সকালে শহরে চা নিগম আয়োজিত এই ওপেন ক্রশ কান্টি দৌড় প্রতিযোগিতা শেষে উপস্থিত অতিথিবৃন্দ মেয়র দীপক মজুমদার, চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ, প্রাক্তন চেয়ারম্যান সন্তোষ সাহা, যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, স্পোর্টস কাউন্সিলের জয়েন্ট সেক্রেটারি স্বপন সাহা প্রমুখ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

# নাইডু ট্রফি ফাইনালে ইউ.পি চাপে চ্যাম্পিয়নের লক্ষ্যে এগিয়ে কর্ণাটক

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রথম ইনিংসে সম্মানজনক স্কোর। বোলাররাও দায়িত্ব সামলেছেন অন্ততপক্ষে প্রথম ইনিংসে। চালকের আসনে থেকে জয়ের লক্ষ্যে এগুচ্ছে কর্ণাটক। প্রথম ইনিংসে লিড কর্নাটকের। কর্নেল সিকে নাইডু ট্রফির ফাইনাল খেলায়। প্রতিপক্ষ উত্তর প্রদেশ। রবিবারে ম্যাচের প্রথম দিনে কর্ণাটক প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে সম্মানজনক স্কোর সংগ্রহ করেছে। তেমনি উত্তরপ্রদেশের ক্রিকেটাররা কিন্তু সোমবার ব্যাটিং ব্যর্থতার পরিচয় দিয়েছে। মুম্বাইয়ের সংগৃহীত রানের অর্ধেক পরিমাণ রানও সংগ্রহ করতে পারেনি উত্তর প্রদেশ।

২১৯ রানে লিড নিয়ে কর্ণাটক দ্বিতীয় ইনিংসের খেলা শুরু করে দ্বিতীয় দিনের খেলা শেষ হওয়া পর্যন্ত সময়ে ৩১ ওভারে কোনও উইকেট না হারিয়ে ৯১ রান সংগ্রহ করে নেয়। ৩১০ রানে এগিয়ে থেকে মুম্বাই অনেকটা চালকের আসনে। উইকেটে ম্যাকনীল ৩৩ রানে এবং প্রকার চতুর্বেদী ৫৫ রানে। প্রথম ইনিংসে যশোবর্ধন পরানতাপের ১০৫ রান সর্বাধিক ছিল। ওপেনার ম্যাকনীলের ৬৮ রান এবং ক্রথীক কৃষ্ণার ৬৬ রানও উল্লেখ করার মতো।

# ত্রিপুরা স্পোর্টস স্কুলে স্পেশাল এডমিশন টেস্ট আজ থেকে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। স্পোর্টস স্কুলে স্পেশাল এডমিশন টেস্ট শুরু হচ্ছে আগামীকাল থেকে। ত্রিপুরা বাধারঘাট স্থিত ত্রিপুরা স্পোর্টস স্কুলে বিভিন্ন ইভেন্টে আরও বেশ কয়েকজন শিক্ষার্থীকে ভর্তি করানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এ উপলক্ষে তিন দিনব্যাপী স্পেশাল এডমিশন টেস্ট শুরু হচ্ছে আগামীকাল থেকে।

চলবে ১৪ মার্চ পর্যন্ত। স্পেশাল এডমিশন টেস্টের মাধ্যমে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামীকাল বেলা সাড়ে বারোটা থেকে বিকেল সাড়ে চারটার মধ্যে স্পোর্টস স্কুলে রিপোর্ট করতে বলা হচ্ছে। বিকেল পৌনে পাঁচটায় শিক্ষার্থীদের দৈহিক উচ্চতা বিষয়ক মাপঝোকের মাধ্যমে প্রাথমিক বাছাইয়ের পর পরবর্তী সিডিউল তথা ১৩ ও ১৪ মার্চ কোনকোনইভেন্টে পরীক্ষামূলক ফিজিক্যাল সক্ষমতার পরীক্ষা নেওয়া হবে, তা জানিয়ে দেওয়া হবে।

দুদিনের মধ্যে একাধিকবার স্কিল টেস্টের পাশাপাশি মেডিকেল টেস্ট এবং পরীক্ষামূলক বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণের মাধ্যমে দক্ষতা যাচাই করা হবে। স্টেট লেভেল এডমিশন কমিটির কনভেনার তথা অর্গানাইজিং সেক্রেটারি ড় ভারতি নিগম এই বিষয়ে এক বিশেষ সূচি ঘোষণা করেছেন।

# আগরতলা প্রেস ক্লাবের উদ্যোগে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ১৭ই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আগরতলা প্রেস ক্লাবের চল্লিশ বছর পূর্তি উপলক্ষে আগামী ১৭ মার্চ, রবিবার আগরতলা প্রেস ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত হতে চলছে বার্ষিক
ক্রীড়া প্রতিযোগিতা। ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের আর্থিক সহযোগিতায় পুরোনো জেল সংলগ্ন ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে এই বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সকাল ৯.৩০ মিনিটে এই প্রতিযোগিতার উদ্বোধন করবেন ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং, তাছাড়া উপস্থিত থাকবেন স্পোর্টস সাব কমিটির চেয়ারম্যান অলক ঘোষ ও আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য। উক্ত প্রতিযোগিতায় আগরতলা প্রেস ক্লাবের সদস্য-সদস্যা সহ সকল সাংবাদিক ও তাঁদের পরিবার অংশগ্রহণ করতে পারবেন। রবিবারে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় শিশুদের জন্য থাকছে স্প্রিন্ট, স্কিপিং, শাটল রান, স্পুন রেস টার্গেট দ্যা বল ইত্যাদি। বড়দের জন্য রয়েছে মিউজিকেল বল, টিপপড়ানি, পাতিল ভাঙ্গা, মিউজিকেল বল সহ ইত্যাদি। প্রতিটি খেলায় থাকছে আকর্ষণীয় পুরস্কার।

প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক সকলকে আগামী ১৭ মার্চ, রবিবার সকাল
৯ টার মধ্যে ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে রিপোর্ট করতে অনুরোধ করা হচ্ছে।

# রঞ্জি ফাইনালে বিদর্ভ চাপে চালকের আসনে টিম মুম্বাই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রথম ইনিংসে লিড মুম্বাইয়ের। রঞ্জিত ট্রফির ফাইনাল খেলায়। প্রতিপক্ষ বিদর্ভ। রবিবারে ম্যাচের প্রথম দিনে মুম্বাই প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে আশাপ্রদ স্কোর যেমন সংগ্রহ করতে পারেনি, তেমনি বিদর্ভের ক্রিকেটাররাও সোমবার ব্যর্থতার পরিচয় দিয়েছে। মুম্বাইয়ের সংগৃহীত রানের অর্ধেক পরিমাণ রানও সংগ্রহ করতে পারেনি বিদর্ভ। ১১৯ রানে লিড নিয়ে মুম্বাই দ্বিতীয় ইনিংসের খেলা শুরু করে দ্বিতীয় দিনের খেলা শেষ হওয়া পর্যন্ত সময়ে ৫০ ওভারে দুই উইকেট হারিয়ে ১৪১ রান সংগ্রহ করে নেয়। ২৬০ রানে এগিয়ে থেকে মুম্বাই অনেকটা চালকের আসনে। উইকেটে রয়েছেন মুশের খান ৫১ রানে। সঙ্গে অধিনায়ক আজিংকা রাহানে ৫৮ রানে। প্রথম ইনিংসে সার্দুল ঠাকুরের ৭৫ রান সর্বাধিক ছিল।

# রাজ্যের সার্বিক বিকাশের পাশাপাশি বিদ্যুৎ পরিষেবার উন্নয়নেও সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে



**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার।। ১১ মার্চ।।** রাজ্যের সার্বিক বিকাশের পাশাপাশি বিদ্যুৎ পরিষেবার উন্নয়নেও সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। নতুন নতুন বিদ্যুৎ সাবস্টেশন নির্মাণ, নতুন বিদ্যুৎ লাইন সম্পসারণ সহ উন্নত প্রযুক্তির মাধ্যমে গ্রামীণ এলাকাতে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হচ্ছে। আজ শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্রমনুতে ৩৩/১১ কেভি বিদ্যুৎ সাবস্টেশনের উদ্বোধন করে কৃষি ও বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায়মী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপা বৈদ্য, সচিব অভিষেক সিং, সমাজসেবী শ্যামলাল দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর দেবাশিস সরকার। সভাপতিত্ব করেন বিদ্যুৎ নিগমের জেনারেল ম্যানেজার স্বপন দেববর্মা। উল্লেখ্য, ৮ কোটি ১০ লক্ষ ৬৮ হাজার ৯৬১ টাকা ব্যয়ে এই সাবস্টেশনটি নির্মাণ করা হয়েছে। অনুষ্ঠানে বিদ্যুৎ মন্ত্রী বলেন, বিদ্যুৎ পরিষেবার উন্নয়ন ছাড়া উন্নয়ন কর্মসূচি সম্ভব নয়। তাই রাজ্য সরকার বিদ্যুৎ পরিষেবার উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। রুখিয়াতে বিদ্যুৎ উৎপাদন বাড়িয়ে ১২০ মেগাওয়াট করার জন্য অত্যাধুনিক যপাতি বসানো হবে। রাজ্যে গ্রামীণ এলাকার দেড় লক্ষ পরিবারে সৌভাগ্য যোজনায় বিদ্যুৎ সংযোগ দেওয়ার কাজ চলছে। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, বীরচন্দ্রমনু বিদ্যুৎ সাবস্টেশনটি নির্মাণের ফলে এই এলাকার ১০টি এডিসি ভিলেজের জনগন উপকৃত হবেন। কৃষি ও বিদ্যুৎ দপ্তরের মী রতনলাল নাথ আজ শান্তিরবাজারে একটি গ্রামীণ কৃষি শিক্ষা কেন্দ্রেরও দ্বারোদঘাটন করেন। এই অনুষ্ঠানে কৃষিমন্ত্রী কৃষকদের মধ্যে ৫০টি স্পে মেশিন এবং ৪টি পাওয়ারটিলার বিতরণ করেন।

# দুর্ঘটনায় আহত ব্যক্তির মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, ফটিকরায়, ১১ মার্চ:** জাতীয় বিকল্প সড়কের গঙ্গানগর এবং গকুলনগর এলাকায় পরপর যান দুর্ঘটনায় বেশ কয়েক জন আহত হয়েছিলেন। মৃত্যু হয়েছে দুটি গবাদী পশুর। আহত এক ব্যক্তি শেষ পর্যন্ত মারা যান। মৃত ব্যক্তির নাম অবন্যা মালাকার(৭৫)।ঘটনার বিবরণে জানা গেছে গতকাল সন্ধ্যায় এএস০১-জিসি-০৩৩৭ নাম্বারের একটি দ্রুতগামী ১২ চাকার লরি কমলপুরের দিক থেকে ফটিকরায়ের দিকে আসছিল। এই লরিটি গঙ্গানগর এলাকায় দুটি গরুকে পিষে মারে। ঘাতক লরিটি দ্রুত পালিয়ে যাওয়ার চেষ্টা করে।কিন্তু কিছু দূর অগ্রসর হওয়ার পর গোকুলনগর বাজার এলাকায় এলাকাবাসী গাড়ি সহ চালককে আটক করে ফটিকরায় থানার হাতে তুলে দেওয়া হয়।গবাদি পশুর মালিক সঞ্জিত মালাকার টিআর০২-ই-১৯২৫ নম্বরের এই বোলেরো গাড়ি নিয়ে ঘাতক লরিটিকে আটক করতে পিছু ছুটে। কিন্তু দ্রুতগামী এই বলেরো গাড়িটি গকুলনগর এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনায় পতিত হয়।

# পেঁচারডহরে শৃঙ্গেরি বালাজি মন্দিরের উদ্বোধন

# বর্তমান দশক ভারতের বিশ্বগুরু হওয়ার প্রারম্ভিক যাত্রা শুরু হয়েছে : মুখ্যমন্ত্রী



**কুমারঘাট, ১১ মার্চ।।** শৃঙ্গেরি বালাজি মন্দির উদ্বোধন রাজ্যের জন্য আজ একটি শুভ দিন। বর্তমান দশক ভারতের বিশ্বগুরু হওয়ারপ্রারম্ভিকযাত্রা শুরু হয়েছে। এই সময়ে. প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেত'ত্বে দেশ যে এগিয়ে যাচ্ছে এবং আমাদের হৃত গৌরব ফিরে পাচ্ছে। আজ ঊনকোটি জেলার পেঁচারডহরে শৃঙ্গেরি বালাজি মন্দির, শ্রী সারদম্বা মন্দির ও আদিশঙ্করাচারিয়া মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিকসাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রধান অতিথি হিসেবেউপস্থিত ছিলেন। তাছাড়াও মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নাগাল্যাণ্ডের রাজ্যপাল লা গণেশন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরওবলেন, এই সময়েভারতে অনেক হিন্দ মন্দিরের দর্শনীয়স্থানসংস্কার ও বিকাশকরা হয়েছে। এর উদ্দেশ্যেশুধু ধর্মীয় ভাবাপন্নকে সুদৃঢ় করাই নয়, একে কেন্দ্র করে অর্থনৈতিক কার্যকলাপেব . সম্পসারণকরা। মুখ্যমন্ত্রী বলেন, শৃঙ্গেরি বালাজি মন্দির স্থাপনের সাথে সাথে তারা এখানে বিদ্যালয়ওস্থাপন করেছে। ভবিষ্যতে এই প্রতিষ্ঠান কলেজ ও হাসপাতাল তৈরি করারও পরিকল্পনা নিয়েছে। এটাই হলো উন্নয়ন।

মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে নাগাল্যাণ্ডের রাজ্যপাল লা গণেশন বলেন, ১৮০০ শতকের দার্শনিকআদি শঙ্করাচার্য সনাতন ধর্মের মূল ভাবনাকে পুনরুজ্জীবিত করেন এবং বেদান্তের চিরন্তন মূল্যবোধ প্রচার করেন।

আদিশঙ্করাচার্য ঐক্যের বিষয়েও জোর দিয়েছেন। এই প্রতিষ্ঠানগুলি এখানকার গ্রামবাসী তথা যুবসম্পদায়ের জীবনে মহৎ মূল্য বোধের বীজ বপণ করবে বলেও তিনি আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাসবলেন, এই মন্দিরের দর্শনার্থীদের চলাচলের সুবিধারজন্যসরকার থেকে রাস্তার উন্নয়ন ও রাস্তায় বৈদ্যতিক আলোব. ব্যবস্থা করা হয়েছে। মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় ও শৃঙ্গেরি সারদা বিদ্যামন্দিরের সচিব অধ্যাপকঅমৃত কুমার ভ -াচার্য, শ্রী শ্রী সারদা পীঠমের সিইওএবং অ্যাডমিনিস্ট্রেটর পি এ মুরালি।স্বাগত বক্তব্য রাখেনসারদা পীঠমের মুখ্যউপদেষ্টা পদ্মশ্রী ভি আর গৌরীশঙ্কর। ধন্যবাদ 'াপন করেন ত্রিপুরা সরকারের বিশেষ সচিব অভিষেক চন্দ্রা।

# মেয়েকে সুস্থ করতে সকলের সহযোগিতা চাইলেন পিতা

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ১১ মার্চ।।** চরম অসহায়ত্বের শিকার হওয়া একটি পরিবার, মেয়ের কঠিনের চিকিৎসা ব্যবস্থা করে দেওয়ার জন্য সকলের সহযোগিতা চাইলো। সোনামুড়া মহকুমা কালাপানীয়া গ্রাম পঞ্চায়েতের এক ওয়ার্ডের বাসিন্দা লোকমান মিয়ার মেয়ে মরিয়ম(১০) গত ছয় মাস আগে সে ডেঙ্গু জ্বরের আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ছিলো দীর্ঘ দিন। এখন আবার নতুন রোগে আক্রান্ত হয়ে ঘর বন্দি নাবালিকা এই মেয়ে মরিয়ম। ডান পা অচল হয়ে আর হাঁটতে পাচ্ছে না মরিয়ম। পায়ের জয়েন্টে হাড় ক্ষয় হয়ে গেছে বলে প্রাথমিক ভাবে জানিয়েছে চিকিৎসক কিন্তু টাকার অভাবে উন্নতমানের চিকিৎসা করাতে পারছেন না দিন মজুর বাবা। কোনো রকম সংসার চলছে। তার উপর নেই ভালো একটি থাকার ঘর, নথিপত্রের সমস্যার জেরে আয়ুষ্মান কার্ডের সুযোগ অসুবিধা থেকেও বঞ্চিত মরিয়ম। মুখ্যমন্ত্রী সহ মানবিক ব্যক্তিদের কাছে সাহায্য চাইছে মেয়ের মা।

# গঙ্গানগর গ্রামে গোমাতা ও ট্যাক্টার পূজন এবং কিষান চৌপাল অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১১ মার্চ:উত্তর ত্রিপুরা জেলার বাগবাসা মন্ডলের গঙ্গানগর গ্রামে গোমাতা ও ট্যাক্টার পূজন এবং কিষান চৌপাল অনুষ্ঠিত হয়।

উপস্থিত ছিলেন কিষান মোর্চার প্রদেশ সভাপতি শ্রী প্রদীপ বরণ রায় এবং বাগবাসার জনপ্রিয় বিধায়ক শ্রী যাদব লাল নাথ, কিষান মোর্চার রাজ্য সাধারণ সম্পাদক বীরেন্দ্র চন্দ্র দাস, কিষাণ মোর্চার উত্তর জেলা সভাপতি বৃন্দাবন নাথ, সাধারণ সম্পাদক বিকাশ নাথ এবং বাগবা সা মন্ডলের সাধারণ সম্পাদক অজিত দাস, বিশিষ্ট সমাজসেবী রাজেশ্বর দাস প্রমুখ।

এদিনের সভায় সভাপতিত্ব করেন বাগবাসা মণ্ডল কিষান মোর্চা সভাপতি শ্রী নিত্যানন্দ দাস মহাশয়। প্রধান অতিথির বক্তব্যে কিষান মোর্চার প্রদেশ সভাপতি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কৃষি নীতির বিস্তারিত আলোচনা করেন তিনি বলেন স্বাধীনতার পর থেকে গত ১০ বছরে ভারতের কৃষক সত্যিকারের অর্থে ভাল আছেন।ত্রিপুরার কৃষক শুধু কিষান সম্মান নিধির ১৬টি কিস্তির মাধ্যমে ৬৫০ কোটি টাকা পেয়েছেন। সরকারের কাছে সহায়ক মূল্যে ধান বিক্রি করে এখন পর্যন্ত রাজ্যের কৃষক প্রায় ২০০ কোটি টাকার মতো অধিক মূল্য পেয়েছেন। তিনি আরও বলেন বিগত ৩৫ বৎসরের সরকারের আমলে ত্রিপুরার কৃষক ৩৫ পয়সা ও পাননি তাদের দুই একজন নেতা এখন কৃষকের জন্য কুমিরের মত কান্না করছেন। এই চৌপাল সভায় গ্রামের মাতৃ শক্তি এবং জনসাধারণের উপস্থিতি ছিল লক্ষণীয়। সভা শেষে ঘর ঘর অভিযান এ মাননীয় রাজ্য সভাপতি গ্রামের কয়েকটি লাভার্থী বাড়ির সাথে মত বিনিময় করেন।

# সম্পন্ন হল রোয়া অভয়ারণ্যে

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১১ মার্চ:** গত ৬ মার্চ থেকে প্রাইমেটস ফেস্টিবল শুরু হয়েছিল। সোমবার এই অনুষ্ঠানের পরিসমাপ্তি হয় রোয়া অভয়ারণ্যের এক বিশেষ অনুষ্ঠানের মধ্যে দিয়ে।বনদপ্তর কর্তৃক আয়োজিত এই অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন পানিসাগর বিধানসভা কেন্দ্রের বিধায়ক বিনয় ভূষণ দাস, বাগ বাসা বিধানসভা কেন্দ্রের বিধায়ক যাদব লাল দেবনাথ, উত্তর ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, উত্তর জেলা শাসক এবং সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, উত্তর জেলা বনদপ্তর এর আধিকারিক সুমন মাল্লা, ধর্মনগরের এস ডি এফ ও অশোক কুমার, পানিসাগর সীমান্ত সুরক্ষা বাহিনীর হেডকোয়ার্টারের ডিআইজি মুরারী প্রসাদ সিং, সমরিত্ব করেন পানিসাগরের নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারম্যান সঞ্জয় দাস।তাছাড়া বিভিন্ন দপ্তরের প্রশাসনিক এবং বনদপ্তরের কর্মকর্তারা উপস্থিত থেকে ৬ তারিখ থেকে যে অনুষ্ঠান শুরু হয়েছিল তার সফলতার দিকে এগিয়ে নিয়ে যান।প্রাইমেটস বলতে বানর প্রজাতিকে বোঝানো হয়। বানর প্রজাতি দুই ধরনের রয়েছে, এক ধরনের হচ্ছে লেজ যুক্ত এবং অন্য ধরনের হচ্ছে লেজবিহীন। যারা লেজ যুক্ত রয়েছে তাদের মধ্যে আবার সাত ধরনের প্রজাতি রয়েছে। তাদেরকে রক্ষা করা, সংরক্ষণ করে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা হচ্ছে এই অনুষ্ঠানের মুখ্য উদ্দেশ্য।যেভাবে মানুষ বিভিন্নভাবে বন ধ্বংস এবং প্রজাতি ধ্বংসের মাধ্যমে নিজেদেরকে উন্নত বলে পরিচয় দিতে শুরু করেছে তাতে ভবিষ্যৎ খুবই অন্ধকার পরিণতির দিকে পরিবাহিত হচ্ছে। ম্যান এন্ড এনিম্যাল কনফ্লিক্ট যাতে বন্ধ করা যায় তার জন্য সংরক্ষণের দিকে গুরুত্বারোপ করতে বলা হয়েছে।মানুষ সুখের জন্য শহর থেকে গ্রাম, গ্রাম থেকে শহর ঘুরে বেড়াচ্ছে। এখন অনেকেই শহর ছেড়ে গ্রামে নিজেদের বসবাসের ব্যবস্থা করতে উদযোগী হয়েছে। তাই বন্য প্রজাতির সংরক্ষণ এবং তাদেরকে সঠিক পরিবেশ প্রদান করা মানব সমাজের জন্য একটা শুভ লক্ষণ। না হলে আস্তে আস্তে মানব সমাজ যেভাবে এগিয়ে চলেছে তা ধ্বংসের পথে এগিয়ে যাবে অতিথিদের বক্তব্যে ফুটে ওঠে।তাই বন্যপ্রাণী বিশেষ করে বানর প্রজাতিকে রক্ষা করার যে প্রয়াস এবং তাকে কেন্দ্র করে যে বিশেষ অনুষ্ঠান জেলা জুড়ে অনুষ্ঠিত হয়েছে তার উপর গুরুত্ব আরোপ করে একদিকে যেমন বানর প্রজাতিকে রক্ষা করা সম্ভব তেমনি মানবজাতির অস্তিত্ব টিকিয়ে রাখা সম্ভব হবে বলে বর্ণনা করা হয়।

# জনকল্যাণে কাজ করছে সরকার: মন্ত্রী সুশান্ত চৌধুরী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ।।** সমাজের অন্তিম ব্যক্তিও যেন কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ সুবিধা পান সেই লক্ষ্যে কাজ করছে রাজ্য সরকার।সবকা সাথ, সবকা বিকাশ ও সবকা বিশ্বাস এই শ্লোগানকে পাথেয় করে রাজ্য সরকার জনকল্যাণে কাজ করছে। ফলে রাজ্যের মানুষ বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা ভোগ করতে পারছেন।আজ রাণীরবাজারের গীতাঞ্জলি হলে রাণীরবাজার পুর এলাকার বিভিন্ন সুবিধাভোগীদের মধ্যে সরকারি প্রকল্পে বিভিন্ন সামগ্রী প্রদান অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন।রাণীরবাজার পুর পরিষদের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে ৪ জন সুবিধাভোগীকে বিভিন্ন ধরণের বাদ্যযন্ত্র, ২ জন স্ট্রিট ভেন্ডারকে ৫০ হাজার টাকা ও ১০ হাজার টাকার ঋণের মঞ্জুরীপত্র, ১০০ জনকে মোরগের ছানা ও মোরগ পালনের সহায়ক সামগ্রী দেওয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাণীরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, কাউন্সিলার গৌতম মজুমদার, বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ।

# গবাদি পশুর কাটা মৃতদেহ সহ আটক তিন

**নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ১১ মার্চ।।** উত্তর জেলার কাঞ্চনপুর মহকুমার অন্তর্গত ডাইনছড়া গাঁওসভার অধীনে চান্দ্রাইপাড়া এলাকায় গৃহপালিত গো মাতার মৃতদেহ কেটে পাচার করার পথে স্থানীয়রা আটক করে ৩জনকে।

এলাকায় এই হিন্দু সমাজে অবৈধ কাণ্ডকারখানা করার ফলে স্থানীয়রা উত্তেজিত হয়ে কাঞ্চনপুর থানায় খবর দেয়। খবর পেয়ে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পুলিশ এসে গোমাতাকে কাটার অপরাধে ৩জনকে আটক করে তাদেরকে তল্লাশি চালিয়ে বস্তাবন্দী গোমাতার কাটা অংশগুলিকে উদ্ধার করে।পরে স্থানীয়দের উত্তেজনায় তিনজনকে কাজে লাগিয়ে সেগুলিকে গর্ত করে গো মাতার কাটা অংশগুলি সমাধি দেওয়ানো হয়।। সর্বশেষে গৃহপালিত গোমাতার মৃতদেহ কাটার অপরাধে ৩ জনকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। জানা গিয়েছে ঐ ৩ জনের বাড়ি কাংরাই এলাকায়। পুলিশের তদন্তে বেরিয়ে আসে আসল রহস্য।

আটককৃত তিন ব্যক্তি জানায় গোমাতার মালিক হলেন সুধাময় নাথ। গোমাতাটিকে লালন পালন করার জন্য অজিত রিয়াং এর কাছে বেশ কয়েক বছর ধরে দিয়েছিলেন গো মাতার মালিক সুধাময় নাথ। শনিবার যখন অজিত রিয়াং এর বাড়িতে গোমাতাটির মৃত্যু হয় ঠিক তখনই অজিত রিয়াং গো মাতার মালিক সুধাময় নাথকে এই মৃত্যুর খবর দিলে মালিক জানিয়েছেন গোমাতার মৃতদেহটি সমাধি দিয়ে দাও। তবে অজিত রিয়াং এটি কেটে বিক্রি করার সিদ্ধান্ত নেয়। তার তাতেই বাঁধে বিপত্তি।

# চুরাইবাড়িতে থানার নাকের ডগায় চুরি

**নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ১১ মার্চ।।** চুরাইবাড়ি থানাকে চ্যালেঞ্জ জানিয়ে আবারো দুঃসাহসিক চুরি কাণ্ড সংঘটিত হলো। ঘটনাকে কেন্দ্র করে থানায় মামলা করা হয়েছে। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। এবারের এই চুরি কান্ডের ঘটনাটি সংঘটিত হয়েছে চুড়াইবাড়ি থানাধীন লক্ষীনগর গ্রাম পঞ্চায়েতের চল্লিশধোন ৬নং ওয়ার্ড এলাকায়।

এই চুরিকাণ্ডের বিষয়ে বলতে গিয়ে গৃহস্থ ফারুক উদ্দিন, পিতা আব্দুল জব্বার জানিয়েছেন, রবিবার রাত ১০টা নাগাদ তিনি ঘরের দরজা বন্ধ করে বাড়ি থেকে ১০০ মিটার দূরে কাজে গিয়েছিলেন। সেখান থেকে রাত ১.৩০ মিনিট নাগাদ বাড়ি ফিরে এসে দেখেন ঘরের দরজা ভাঙা। ঘরে ফিরে এই দৃশ্য প্রত্যক্ষ করে চক্ষু চড়কগাছ হয়ে যায় বাড়ির মালিকের। তিনি দেখতে পান উনার ঘরের ভিতর থাকা আলমারির লকারের তালা ভাঙ্গা এবং ঘরের ভিতরে জিনিস এলোমেলোভাবে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। এই দৃশ্য দেখে কিছুটা হতভম্ব হয়ে পড়েন বাড়ির মালিক।

পরবর্তীতে তিনি দেখতে পান চুরের দল উনার ঘরে ঢুকে আলমারির লকারের তালা ভেঙ্গে নগদ ১০হাজার টাকা সহ স্বর্ণালঙ্কার সহ প্রায় আড়াই লক্ষ টাকার মূল্যের জিনিসপত্র চুরি করে নিয়ে গেছে।

কিন্তু আশ্চর্যের বিষয় হলো এই চুরিকান্ড সংগঠিত হওয়ার পর গতকাল রাত থেকে আজ সকাল পর্যন্ত উনি ফোন মারফত চুরাইবাড়ি থানার পুলিশকে গোটা ঘটনা জানাতে চেয়েছিলেন কিন্তু চুরাইবাড়ি থানার পুলিশ উনার ফোন ধরেনি বলে অভিযোগ করেন বাড়ির মালিক ফারুক উদ্দিন।

আজ সকাল সাড়ে সাতটা নাগাদ এই চুরি কান্ডের বিষয়ে তিনি চুরাইবাড়ি থানায় জানিয়েছেন। এই ঘটনার খবর পেয়ে চুরাইবাড়ি থানার পুলিশ গৃহস্থ ফারুক উদ্দিনের বাড়ি গিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে।

এদিকে ফারুক উদ্দিন এই চুরি কান্ডের সুষ্ঠু তদন্ত দাবি করেছেন। চুড়াইবাড়ি থানার পুলিশ যাতে উনার চুরি হয়ে যাওয়া নগদ অর্থ সহ সামগ্রী উদ্ধার করে দেয় এই বিষয়ে একটি লিখিত অভিযোগ দাখিল করেছেন।

এখন দেখা যাক চুড়াইবাড়ি থানার পুলিশ এই চুরি কান্ডের কিনারা করতে কতটুকু সক্ষম হয়। তবে চুড়াইবাড়ি থানা এলাকায় চুরিকান্ডের ঘটনা বেড়ে যাওয়ায় রাতের ঘুম উড়ে গেছে গৃহস্থদের।

# রাজ্যপালের সাথে নাগাল্যাণ্ডের রাজ্যপালের সৌজন্য সাক্ষাৎ

**আগরতলা, ১১ মার্চ।।** নাগাল্যাণ্ডের রাজ্যপাল লা গণেশন গতকাল রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে এক সৌজন্য সাক্ষাতকারে মিলিত হন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

# পুত্রের হাতে আক্রান্ত জন্মদাত্রী মা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ: পুত্রের হাতে আক্রান্ত হয়েছেন জন্মদাত্রী মা। নেশাগ্রস্থ পুত্রের হাত থেকে রক্ষা পেতে তেলিয়ামুড়া থানার শরণাপন্ন হয়েছেন অসহায় বৃদ্ধা মা।আক্রান্ত বৃদ্ধার বোন জানিয়েছেন, প্রায়শই নেশাগ্রস্থ অবস্থায় বাড়িতে যেতেন তেলিয়ামুড়া থানাধীন কালিটিলা এলাকার বাসিন্দা রূপতনু দেব। তিনি পেশায় গাড়ি চালক। বাড়িতে গিয়ে বৃদ্ধা মা গীতা দেবকে বেধড়ক মারধর করেন বলে অভিযোগ। গতকাল রাতেও নেশাগ্রস্ত অবস্থায় বাড়িতে গিয়ে মাকে মারধর করে। গীতা দেবের চিৎকার শুনতে পেয়ে প্রতিবেশীরা তাঁর বোনকে খবর পাঠিয়েছেন। সাথে সাথে তাঁর বোন রক্তাক্ত গীতা দেবকে উদ্ধার করে তেলিয়ামুড়া থানায় নিয়ে গিয়েছেন।

# পুলিশ আধিকারিক ও আধাসামরিক বাহিনীর আধিকারিকদের নিয়ে সিপার্ডে প্রশিক্ষণ কর্মশালা

**আগরতলা, ১১ মার্চ।।** লোকসভার আসন্ন সাধারণ নির্বাচন সুষ্ঠ ও অবাধভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন দপ্তর পুলিশ আধিকারিকদের এবং আধাসামরিক বাহিনীর অফিসারদের নিয়ে আজ সিপার্ডে এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করেছে। এই প্রশিক্ষণ কর্মশালায় মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক শুভাশিস বন্দ্যোপাধ্যায়, স্টেট পুলিশ নোডাল অফিসার জি এস রাও, সিআরপিএফ ও বিএসএফ-এর আইজিপি, রাজ্যের আট জেলার পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপার, টিএসআর ব্যাটেলিয়নগুলির কমাণ্ডেন্টগণ, সিআরপিএফ ও বিএসএফ বাহিনীর কোম্পানি কমাণ্ডেন্টগণ উপস্থিত ছিলেন। কর্মশালায় নির্বাচনকে সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করা এবং ভোটাররা যাতে আইনের প্রতি আস্থা রেখে নির্বিঘে ভোটদান করতে পারেন এই উদ্দেশ্যে পুলিশ প্রশাসনকে বিভিন্ন নির্বাচনী কর্মকাণ্ড পরিচালনা ও নিয়ণ কিভাবে করতে হবে তা নিয়ে আলোচনা করা হয়। এছাড়া বিভিন্ন স্পর্শকাতর এলাকাগুলিতে ভোটারদের মধ্যে আস্থা অর্জনের উদ্দেশ্যে নিয়মিত টহলদারি ও মার্চ পাস্ট করা, সীমান্ত অপরাধ বিরোধী অভিযান চালানো ইত্যাদি বিষয়েও আলোচনা হয়। মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

# বিজেপি কৃষক বিরোধী সরকার পবিত্র কর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মার্চ : বিজেপি কৃষক বিরোধী সরকার। দীর্ঘ তিন বছর যাবৎ কৃষকদের অপূরণীয় দাবিতে লড়াই করে আসছে সংযুক্ত কিষাণ মোর্চা। এরই অঙ্গ হিসেবে কৃষকদের অধিকার রক্ষায় আগামী ১৪ই মার্চ দিল্লিতে আয়োজিত হবে মহাপঞ্চায়েত আন্দোলন। আজ গন অবস্থান কর্মসূচীতে একথা বলেন রাজ্য কমিটির সম্পাদক পবিত্র কর।এদিন পবিত্র কর বলেন, আগামী ১৪ই মার্চ দিল্লিতে আয়োজিত হবে মহাপঞ্চায়েত আন্দোলনের সমর্থনে সোমবার আগরতলা ওরিয়েন্ট চৌমুহনীতে দুই ঘন্টার গন অবস্থান কর্মসূচী পালন করে সংযুক্ত কিষাণ মোর্চা ত্রিপুরা রাজ্য কমিটি।এদিন তিনি আরও বলেন, গোটা দেশের কৃষকদের অধিকার আদায়ের লক্ষ্যে লড়াই জারি রয়েছে। মূলত, ফসলের নায্য দাম দেওয়া, কৃষকের জমি রক্ষা করা সহ বিভিন্ন সমস্যা সমাধান করতে হবে।

# নব নির্মিত ভবনের দ্বারোদঘাটনে মন্ত্রী শুক্লাচরণ




**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার।। ১১ মার্চ।।** শান্তির বাজার মহকুমার অন্তর্গত জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রে শিক্ষার মানউন্নয়নে রাজ্যসরকারের আর্থিক সহযোগীতায় প্রায় ৩২ লক্ষটাকা ব্যায়করে বিদ্যালয় পরিদর্শকের নতুন ভবনের নির্মানকরাহয়। সোমবার এক অনুষ্ঠানের মধ্যদিয়ে নবনির্মিত ভবনের শুভ দ্বারদঘাটন করলেন জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। মন্ত্রীর পাশাপাশি আজকের এই অনুষ্ঠানে উপস্থিতছিলেন দক্ষিন জেলার শিক্ষাদপ্তরের আধিকারিক সুবির মজুমদার, জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ, ভাইস চেয়ারম্যান তাপস দত্ত, জোলাইবাড়ী ব্লকের বি এস সি চেয়ারম্যান অশোক মগ, শান্তির বাজার বিদ্যালয় পরিদর্শক প্রনব সরকার, জোলাইবাড়ী বিদ্যালয় পরিদর্শক বিকাশ দেবনাথ সহ অন্যান্যরা। আজকের অনুষ্ঠানে বক্তব্যরাখতেগিয়ে মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া জানান জোলাইবাড়ী বিদ্যালয় পরিদর্শকের অফিসের অধীনে ৬৪ টি বিদ্যালয় রয়েছে। সকল স্কুলের বিভিন্ন কাজকর্মগুলি এই অফিস থেকে নিয়ন্ত্রনহবে। এই অফিসে নতুনভবন নির্মান হোওয়াতে সকলে বিশেষ উপকৃত হবেন। মন্ত্রী উনার বক্তব্যের মধ্যদিয়ে রাজ্যসরকার শিক্ষার মান উন্নয়নে ও গুনগত শিক্ষার জন্য কি কি কাজ করছেন তার বিস্তরিত তথ্য সকলের সামনে তুলেধরেন। জোলাইবাড়ী বিদ্যালয় পরিদর্শক অফিসে নতুনভবন উদ্ভোধনী অনুষ্ঠানে উপস্থিত সকলের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দিপনা লক্ষ্যকরাযায়।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।